# মৌলিক নেতা প্রশিক্ষণ

গির্জা স্থাপন আন্দোলনের অগ্রসরতার
উদ্দেশ্যে, ছোট গোষ্ঠীতে প্রগতিবাদী
নেতাদের প্রশিক্ষণ ও গির্জা নির্মানের
নিমিত্তে গঠিত এক হস্ত-লিপি

মৌলিক নেতা প্রশিক্ষণ

গির্জা স্থাপন আন্দোলনের অগ্রসরতার উদ্দেশ্যে, ছোট গোষ্ঠীতে প্রগতিবাদী নেতাদের প্রশিক্ষণ ও গির্জা নির্মানের নিমিত্তে গঠিত এক হস্ত-লিপি

ড্যানিয়েল বি. ল্যাঙ্কেস্তার , পি.এইচ.ডি

প্রকাশক: টি ৪ টি মুদ্রণ

প্রথম সংখ্যা: ২০১৪

সকল শর্তাবলী প্রযোজ্য| এই বইয়ের কোন অংশ লেখকের থেকে প্রাপ্ত লিখিত অনুমতি বিনা, পুনরায় লিখন অথবা অন্য কোন মাধ্যমে, ইলেক্ট্রনিক বা মেকানিক্যাল, যেমন ফোটোকপি, রেকর্ডিং অথবা কোন তথ্য সংরক্ষণ এবং পুনরুদ্ধার পদ্ধতি দ্বারা ব্যবহার করা যেতে পারে না| ব্যতিক্রম, মন্তব্য তৈরীর জন্য সংক্ষিপ্ত উদ্ধৃতি জ্ঞাপন|

গ্রন্থস্বত্ব ২০১৪ ড্যানিয়েল বি লানকাসটার এর দ্বারা সংরক্ষিত|

আইএসবিএন ৯৭৮-১-৯৩৮৯২০-৪৪-৮ প্রকাশনা|

সকল ধর্মগ্রন্থ উদ্ধৃতি, যদি পৃথক উল্লেখ না থাকে, পবিত্র বাইবেল এর নতুন ইন্টারন্যাশনাল ভার্সন® থেকে নেওয়া হয়েছে, যা এন আই ভি® গ্রন্থস্বত্ব © ১৯৭৩, ১৯৭৮, ১৯৮৪ আন্তর্জাতিক বাইবেল সোসাইটি দ্বারা সংরক্ষিত| জোন্দের্ভান এর অনুমতিক্রমে ব্যবহৃত|

সকল শর্তাবলী প্রযোজ্য|

ধর্মগ্রন্থ চিহ্নিত উদ্ধৃতি(এনএল টি) পবিত্র বাইবেল থেকে গৃহীত, নতুন

অনুবাদন, গ্রন্থস্বত্ব দ্বারা সংরক্ষিত © ১৯৯৬, ২০০৪, তিন্দালে হাউস পাবলিশার্স এর অনুমতি ক্রমে ব্যবহৃত, আই এন সি., হুইটন, ইলিনয়েস, ৬০১৮৯|

সকল শর্তাবলী প্রযোজ্য|

ধর্মগ্রন্থ চিহ্নিত উদ্ধৃতি (এন এ এস বি)

নতুন আমেরিকান স্ট্যান্ডার্ড বাইবেল থেকে গৃহীত, ®, গ্রন্থস্বত্ব© ১৯৬০, ১৯৬২, ১৯৬৩, ১৯৬৮, ১৯৭১, ১৯৭২, ১৯৭৩, ১৯৭৫, ১৯৭৭, ১৯৯৫ লকমান ফাউন্ডেশন এর দ্বারা সংরক্ষিত| সকল শর্তাবলী প্রযোজ্য|

ধর্মগ্রন্থ চিহ্নিত উদ্ধৃতি (এইচ সি এস বি) হলমান খৃস্টান স্ট্যান্ডার্ড বাইবেল থেকে গৃহীত, ®, গ্রন্থস্বত্ব © ১৯৯৯, ২০০০, ২০০২, ২০০৩, হলমান বাইবেল পাবলিশার্স এর দ্বারা সংরক্ষিত| সকল শর্তাবলী প্রযোজ্য|

ধর্মগ্রন্থ চিহ্নিত উদ্ধৃতি (সি ই ভি) সমসাময়িক ইংরেজি সংস্করণ গ্রন্থস্বত্ব © ১৯৯৫, আমেরিকান বাইবেল সোসাইটি দ্বারা সংরক্ষিত| অনুমতি ক্রমে ব্যবহৃত|

কংগ্রেস-লাইব্রেরীর প্রকাশিত তথ্যের তালিকাপ্রণয়ন|

# সূচীপত্র

ভূমিকা ..... 7
স্বীকারোক্তি ..... 9
ভূমিকা ..... 11

## প্রথম পর্ব - ব্যবহারিক বৃত্যান্ত

যিশুর কৌশল ..... 17
নেতা প্রশিক্ষণ ..... 20
প্রশিক্ষণ নীতি ..... 24

## দ্বিতীয়পর্ব - নেতৃত্ব প্রশিক্ষণ

স্বাগতম ..... 29
যিশুর মত প্রশিক্ষণ ..... 41
যিশুর মতো নেতৃত্ব ..... 53
শক্তিশালী হন ..... 67
একত্রে শক্তিশালী হন ..... 80
যিশুর জীবন ও শিক্ষা প্রচার ..... 92
অনুশিষ্য গঠন ..... 107
গোষ্ঠী গঠন ..... 123
গোষ্ঠী সংখ্যাবর্ধন ..... 139
যিশুকে অনুসরণ ..... 154

# তৃতীয় পর্ব - তথ্য সমগ্র


অধিকতর সমীক্ষা ........................................................................ 167
পরিশিষ্ট ক: বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি............................................................ 168
পরিশিষ্ট খ: তালিকা পরীক্ষা ........................................................................ 178
পরিশিষ্ট গ: অনুবাদকের বিবরণ...................................................................... 180
পরিশিষ্ট ঘ: অধিক সংগ্রহ.............................................................................. 182

*টমের স্মৃতিতে উত্‌সর্গিত*

# ভূমিকা

গির্জা মন্ত্রককে কার্যকরী করা একটি ধারাবাহিক সংগ্রাম। যারা যিশুর সেবায় নিযুক্ত, তারা জানেন যে অনুগামী প্রশিক্ষণে কার্যকরী পদ্ধতির ব্যবহার নিশ্চিত করার থেকেও অনেক বেশি সংবেদনশীল বিষয় আছে। এই ক্ষেত্রে একটি সর্বাপেক্ষা কার্যকরী বিশ্বাসী প্রশিক্ষণ পদ্ধতি হলো *যিশু প্রশিক্ষণ অনুসরণ* ধারা। এই ধারার প্রথম গ্রন্থ, *মৌলিক অনুশিষ্য গঠন,* সহজ উত্পাদনশীল পাঠের সৃষ্টি করে, যার মাধ্যমে নতুন বিশ্বাসীরা খ্রিস্টান অনুগামীতে পরিণত হয়েছেন। দ্বিতীয় গ্রন্থ এই ধারাকে পরবর্তী পর্যায়ে অগ্রসর করেছে এবং এমন পাঠ সৃষ্টি করেছে, যার দ্বারা খ্রিস্টান অনুগামীরা নেতায় পরিণত হয়েছেন, যাদের মাধ্যমে গোষ্ঠির সংখ্যাবর্ধন সম্ভবপর হয়েছে। ড্যান ল্যানকাস্তারের *মৌলিক নেতা গঠন* প্রশিক্ষণ নিমিত্তে পরীক্ষিত এবং বহুল প্রচেষ্টা সম্মিলিত একটি পরিকল্পনা। এটি বাস্তব ধর্মী এবং সহজ-শিক্ষণ পদ্ধতি-যা শিক্ষানবিশদের নাটিকা, চিত্র, এবং নিজ হস্তে কাজ করে অভিজ্ঞতা লাভের মাধ্যমে শিক্ষিত করে।

এটি প্রশ্ন করার অপেক্ষা রাখে না যে, *মৌলিক নেতা গঠন* ধর্মপ্রচারের জন্য বিশ্বাসীদের পুঙ্খানুপুঙ্খভাবে শিক্ষিত করার একটি সর্বাপেক্ষা উত্কৃষ্ট পদ্ধতি। এই উপাদান শুধুমাত্র কার্যকরী নয়, বরং নেতৃত্ব বিকাশেও অনুকুল। এই পাঠগুলি নেতাদের প্রয়োজন দূরদর্শন করে, ঐশ্বরিয় নেতার প্রকৃতি সম্পর্কে দূরদৃষ্টি দান করে, এবং নতুন গির্জা স্থাপন পদ্ধতির প্রতিটি পদক্ষেপ প্রশিক্ষণ দেয়। এই গ্রন্থ অগ্রসরগামী এবং নেতাদের সাহায্য করে নতুন নেতা তুলে ধরতে এবং তাদের প্রশিক্ষিত করতে। *মৌলিক নেতা গঠন* ব্যক্তিত্ব সংক্রান্ত আটটি চিত্র দ্বারা নেতাদের নিজেদের এবং যাদের সাথে কাজ করেন, তাদের সকলকে বুঝতে সাহায্য করে।

*যিশু প্রশিক্ষণ অনুসরণ ধারা* নতুন বিশ্বাসীদের একটি পবিত্র প্রথায় সম্পূর্ণরূপে সজ্জিত করে।এই ধারার দ্বিতীয় গ্রন্থটি প্রথম গ্রন্থের সাহায্যকারী, বাস্তবধর্মী রূপের ধারাবাহিকতা বজায় রাখে। রাজাধিরাজের মন্ত্রক শ্রেষ্ঠ পদ্ধতি দাবি করে। এই সেই নেতা প্রশিক্ষণ পরিকল্পনা, যা এই সকল গুনাবলী সমৃদ্ধ।

রয় যে ফিশ

# স্বীকারোক্তি

প্রতিটি শিক্ষনীয় পুস্তক জীবন থেকে নেওয়া শিক্ষার এক সংগ্রহ মাত্র| যিশু অনুসরণ প্রশিক্ষণ শ্রেণী এর ব্যতিক্রম নয়| আমি অনেক মানুষের কাছে কৃতজ্ঞবদ্ধ, যারা আমাকে শিক্ষা দিয়েছেন, যাতে আমি অন্যদের শিক্ষা দিতে সক্ষম হই|

এই শিক্ষা-নেতৃত্ব মূলক গ্রন্থটি বাস্তবায়িত করতে দক্ষিন-পূর্ব এশিয়ার বহু ব্যক্তি আমাকে খুব সাহায্য করেছেন| আমি গিল্বের্ট ডেভিড, জেরি হুইটফিল্ড, ক্রেগ গারিসান, স্টিভ স্মিথ, নিল মিম্স এবং উডডি ও লিন থিংপেন ধন্যবাদ জানাতে চাই তাদের অমূল্য উপদেশ, সহায়তা ও ভরসার জন্য যার অবর্তমানে এই কাজ শেষ হত না| আমরা বহু বছর ধরে একত্রে এই যাত্রায় অংশগ্রহন করেছি|

বহু আধ্যাত্তিক ব্যক্তি আমাকে প্রভাবিত করেছে তাই আমি তাদের ধন্যবাদ জানাতে চাই| ড: রিকি প্যারিস আমাকে ঈশ্বরকে সকল মন-প্রাণ দিয়ে ডাকতে শিখিয়েছেন| গেলন লেন, এল. ডি. ব্যকশ্লী ও টম পপেল্কা এর থেকে আমি পরিব্রজ্যার গুরুত্বপূর্ণ সময়ে শর্তহীন ভালবাসা আর অধ্যাত্তিক মৌলবাদ শিখি| ড: এলভিন ম্যাককান, ঈশ্বর আমার মধ্যে ধর্মপ্রচারের যে অগ্নিশিখা বপন করেছেন, তাকে অনুপ্রেরণা জুগিয়েছিলেন | নিক ওলসেন আমাকে কৌশলী ও দৃঢ় হতে শেখান, ড: বেন স্মিথ আমাকে যিশুর সাথে পরিচয় করান এবং সেই সময় থেকে অন্তরঙ্গ বন্ধু হয়ে উঠেছিলেন| ড: রয় ফিশ আমাকে আমার ধর্মযাজনার প্রাথমিক ক্ষেত্রে বহুস্তরে ভাবতে শেখান কিভাবে অনুগামীর সংখ্যা বর্ধন করতে হয়| রেভ. রন কাম্প আমাকে শেখান "একজন মহান নেতা একজন মহান ভৃত্য" | এনাদের সকলকে ধন্যবাদ , কারণ আমি এঁদের কাছ থেকে শিক্ষা লাভ করেছি এবং এঁদেরই জন্য অন্যদের শিক্ষা প্রদান করতে সমর্থ হয়েছি|

টম ওয়েল্লস, আমাদের দ্বিতীয় গির্জা হাইল্যান্ড ফেলোশিপের পুজারী নেতা ছিলেন | তিনি একজন প্রতিভাধর সঙ্গীতশিল্পী এবং এক দারুন বন্ধু ছিলেন,টম এবং আমি কফির সাথে বহু সন্ধ্যা কাটিয়েছি যিশুর আটটি ছবি সম্পর্কে আলোচনা করে| তিনি আমাকে মৌলিক নেতা প্রশিক্ষণে ব্যবহৃত ব্যক্তিত্ব সনাক্তকরণের সরল পদ্ধতি উন্নয়নে প্রভূত সাহায্য করেছিলেন | আমরা যিশুর আটটি ছবির উপরে ভিত্তি করে একসাথে গির্জা কে সংগঠিত ও সুপরিকল্পিত করতে সক্ষম হয়েছিলাম | গির্জার স্বাস্থ্য সম্মন্ধেও আমরা আঞ্চলিক গির্জাগুলিকে পরামর্শ দিতাম | যদিও টম, তুমি আজ ঈশ্বরের কাছে

আছ,আজও আমরা তোমার কাজ কে এগিয়ে নিয়ে চলেছি এবং আমরা তোমাকে খুব মনে করি|

ডেভিড ও জিল শ্যানক্সকেও আমি বিশেষ ধন্যবাদ দিতে চাইব, যারা আমাদের কার্য্যে অংশ গ্রহণ করেন এবং  যাদের সৌজন্যের জন্য এশিয়ার অসংখ্য বিশ্বাসী মানুষ আমাদের এই কাজে হাত বাড়ায় এবং এশিয়াতে আমাদের অনুগামী গঠন শিক্ষা, নেতৃত্ব গঠনকারী আদর্শ এবং গির্জা স্থাপন আন্দোলনকে দৃঢ় করতে সাহায্য করে|স্বর্গরাজ্যে এই তালিকাটি দীর্ঘ্য হবে, ‘‘ধন্যবাদ’’ জ্ঞাপনের প্রতীক্ষায়|

অবশেষে, আমি আমার পরিবার আপনাদের এই বইটি উপহার হিসেবে প্রদান করে | আমার স্ত্রী হলি ও আমার সন্তানেরা - জেফ, জ্যাক, করিস আর জেন, যারা আমার কাজের জন্য অনেক ত্যাগ স্বীকার করেছে ও বহু জাতির যাতনা দূর করতে এবং অসংখ্য মৌলবাদী নেতা তৈরী করতে সাহায্য করেছে|

ড্যানিয়েল বি.ল্যানকাস্তের , পি.এইচ.ডি
দক্ষিন-পূর্ব এশিয়া

# ভূমিকা

ঈশ্বরের কৃপায় আমেরিকাতে আমাদের পরিবার দ্বারা দুটি গির্জা স্থাপিত হয়। যার মধ্যে প্রথমটি টেক্সাসের সর্বাপেক্ষা দরিদ্র  হামিল্টন দরিদ্র জেলা, হ্যামিল্টনে স্থাপন করা হয়। কিন্তু ভগবানের আশির্বাদে ও ওখানকার ভক্তদের সাহায্যে ওটা ক্রমে একটি ২০০ আসন বিশিষ্ট করমুক্ত গির্জা স্থাপত্যে পরিনত হয়ে ওঠে যা ভাবলে এখনো মন ভরে ওঠে। ঈশ্বর যখন হ্যামিল্টনের কথা ভেবেছিলেন, তখন আমাদের সকলের জীবনে পরিবর্তন এনেছিলেন।

আমাদের দ্বিতীয় গির্জাটি টেক্সাসের-ই লিউয়িসভিলে গঠন করা হয় | আমার বাল্যকাল ও ইস্কুল জীবন লিউয়িসভিলে কাটে, যা ছিল ডালাস ও ফোর্ট ওয়ার্থের সংলগ্ন একটি ছোট মহকুমা |আমাদের গৃহ গির্জা অর্থাৎ লেক্ল্যান্ড বাপ্টিস্ট আমাদের আর্থিক ও মানসিক দিক দিয়ে আমাদের প্রভূত সাহায্য করে | আমাদের গির্জাটি আমাদের লোকালয়ে  ১৮ নম্বর ছিল আর যেহেতু আমাদের গির্জা স্থাপনের পূর্ব অভিজ্ঞতা ছিল তাই যাজক আমাদের কোনো মূল গোষ্ঠী ছাড়াই সার্বজনীনভাবে গির্জাটি গঠন করতে বলেছিলেন, যা প্রধানত গৃহে গৃহে আবেদনের উপর বিন্যস্ত ছিল।

কিন্তু গির্জা স্থাপনের দুই মাসের মধ্যেই আমার স্বাস্থ্য খারাপ হতে শুরু করে, আমি সমস্ত শরীরে অসম্ভব যন্ত্রণা ও ক্লান্তি অনুভব করতে আরম্ভ করি। ডাক্তার বলেন আমার লুপাস নামক একটি ব্যাধিতে আমি আক্রান্ত হয়েছি এবং সেদিনই আমার স্ত্রী আমাদের চতুর্থ সন্তানের জন্ম দেয়। পরে জানতে পারি আমার অসুখটির নাম আসলে স্পন্ডেলাইটিস,একপ্রকার বাত রোগ - যার দরুন আমার গায়ে, হাতে, শিরদাড়ায় ও কোমরে সর্বক্ষণ যন্ত্রণা হয় | শক্তিশালী ব্যথা-নিরামক ওষুধ আমাকে কিছুটা নিরাময় দিত, কিন্তু আমাকে ঘুমের ঘরের মধ্যে রাখত।

আমি দিনে ২ ঘন্টার বেশি কাজ করতে পারতাম না, বাকি সময়টা আমি বিশ্রাম নিতাম ও প্রার্থনা করতাম। আমাদের ধর্মপ্রচারের এই সময়টা আমাদের জন্য “আত্মার কালো অন্ধকার” ছিল। এই ঘোর এবং যন্ত্রণা সব কাজ সীমিত করে দিয়েছিল |যদিও আমি ভীষণ অসুস্থ ছিলাম, তবুও মনে হত ঈশ্বর আমাদের গির্জা গঠনের উদ্দেশ্যে আহ্বান জানাচ্ছেন। আমরা ঈশ্বরকে খালি ডাকতাম এই যন্ত্রণা থেকে আমাদের মুক্তি দিতে কিন্তু ভগবান এটাই আমাদের বারবার বুঝিয়ে দিয়েছিলেন, যে আমরা সবাই যথেষ্ট ভালো আছি আর তাই হয়ত গির্জার কাজ আমাদের খালি টানতো আর এই টানের জন্যই

আমরা আরো ঈশ্বরের নিকটবর্তী হতাম | আমরা ভাবতাম আমাদের কোনো অজানা পাপের কারণে ঈশ্বর আমাদের দুরে সরিয়ে দিতে চাইছে কিন্তু সে আমাদের আরো আশা যোগাতেন যে তিনি সকল পিরিত মানুষকে উদ্ধার করবেন এবং তাঁর পরিবারে অন্তর্ভুক্ত করবেন | ক্ষনিকের ধীরে ধীরে আমাদের কার্য্য ক্ষেত্রে যাওয়ার সপ্ন ক্ষীন হতে হতে অবশেষে একদিন লুপ্ত হয়ে গেল |

আপনি কি ভাবে আপনার সময় বিনিয়োগ করবেন, যদি নতুন গির্জা গঠনের জন্য দিনে মাত্র দুই ঘন্টা কাজ করতে পারেন? ঈশ্বর আমাদের নেতা উন্নয়নের দিকে লক্ষ্য রাখতে বলেছেন |আমি শিখে নিয়েছিলাম, কি ভাবে এক ঘন্টায় দিবাহারের সময়ে একজন মানুষের সাথে সময় ব্যয় করা যায় এবং পরবর্তী মাসের জন্য তাদের একটি পরিকল্পনা দিতাম, সাধারণত: ন্যাপকিনের উপরে লিখে দিতাম ! এভাবে অন্যদের প্রশিক্ষণ দেওয়া এবং তারাও পরিবর্তে আরো কিছু মানুষকে প্রশিক্ষণ দেওয়াতে নেতা সংখ্যা বর্ধন হলো |আমরা মানুষকে সাহায্য করতাম কিভাবে ঈশ্বর তাদের বার্তা দিয়েছেন এবং শেখাতাম কার্যকর উপায়ে কি ভাবে যিশুর সাথে অবস্থান করা যায় |আমাদের শারীরিক কষ্ট থাকা স্বতেও বহু পরিনত মানুষ এবং শিশু ঈশ্বরের রাজ্যে প্রবেশ করেছিলেন |

আমার ব্যাধির ৩ বছরে এসে আমি একটি নতুন ওষুধ খেতে লাগলাম ও তাতে আমার অসুখ অনেকটা কমলো | যন্ত্রণা এবং তন্দ্রা আয়ত্তে এলো ও আমি আবার কাজ করতে শুরু করলাম | তবে আমরা নেতা তৈরী করার জন্য পুরনো ধারায় ফিরলাম না, আমরা আমাদের পথ থেকে সরলাম না, তাকেই এগিয়ে নিয়ে গেলাম | আমাদের গির্জার সৃষ্টির ৪ বছরের মাথায় আমি আমার এক মিত্রের সাথে দক্ষিন-পূর্ব এশিয়াতে গেলাম এবং প্লেন থেকে নেমেই আমার মনে হলো ঈশ্বর আমার হৃদয়ে বললেন, আমি আমার গৃহে আছি |এখানে আমি কাজ করি এটা ইশ্বর চান | সেই রাত্রে আমি আমার স্ত্রী কে দুরভাসে যোগাযোগ করলাম, আমার স্ত্রীও বললেন, ঈশ্বর আমাদের দুজনকেই একত্রে আহ্বান জানিয়েছেন | এর ১ বছরের মধ্যেই আমরা ৪ জন সব বিক্রয় করে, জিনিস পত্র নিয়ে পাকাপাকি ভাবে এখানে চলে এলাম |

আমরা একটি ছোট দেশে কাজ করা শুরু করলাম অনুশিষ্য গঠন কার্যে নিযুক্ত হলাম | আমরা ঈশ্বরের কাছে প্রার্থনা  করলাম যেন আমরা অন্তত ৩ জন পুরুষ ও ৩ জন মহিলা পাই আমাদের সব জ্ঞান বিনিময়ের জন্য যেমন যিশু করেছিলেন পিটার, জেমস ও জন কে | যেমন বার্নাবাস পলকে শিক্ষা দিয়েছিলেন তেমনি যিশুর কৃপায় আমরা আমাদের শিক্ষা দেওয়ার লোক খুঁজে পেলাম, এবং আমরা তাদের প্রশিক্ষণ দিলাম এবং তারাও অপরকে প্রশিক্ষিত করলো, এভাবে  আরো নতুন নতুন গোষ্ঠী সৃষ্টি হলো, এমনকি কিছু কিছু ক্ষেত্রে গির্জাও উত্পন্ন হলো | যতই নতুন গোষ্ঠী তৈরী হলো ততই যেন একজন সবল নেতার অভাব বোধ হতে লাগলো | যে দেখে আমরা ধর্মপ্রচার করেছি, সেখানেও নেতার অভাব এবং বিক্ষিপ্ত উন্নয়ন নেতৃত্ব দেখা দিল |আমরা গভীর ভাবে পরিলক্ষিত করলাম, যিশু কি ভাবে তার অনুগামীদের নেতা রূপে গঠন করেছেন |আমরা সেই সকল পাঠ শিক্ষা দিতে শুরু করলাম এবং একটি অতি আশ্চর্য্য উপলব্ধি

ঘটল; মানুষকে শিক্ষার পথে নিয়ে যাওয়া আর নেতা তৈরী করা দুটো একই জিনিস। শিক্ষা-লাভ যেন যাত্রার শুরু আর নেতৃত্ব-লাভ যেন যাত্রার গতিময়তা। আমরা আরো আবিষ্কার করলাম, আমরা যত যিশুকে অন্ধ অনুসরণ করি, আমাদের প্রশিক্ষণ ততবেশী উত্পাদনশীল হয়ে উঠছে।

উত্পাদনশীল পাঠ, যা আমরা নেতাদের প্রশিক্ষণ দিই, এই হস্তলিপিতে লিপিবদ্ধ। যিশু সর্বকালের সেরা নেতা ও আদর্শ এবং আজ নিজের ভক্তদের মধ্যে দিয়ে বিরাজ করেন। তাকে যতই আমরা অনুসরণ করি ততই যেন আমরা আরো ভালো মানুষ ও নেতা হয়ে উঠি। ঈশ্বরের কৃপায় যেন মানুষ এই শিক্ষার পুস্তকটি পাঠ করে নতুন দিশা লাভ করে এবং একজন আদর্শবান নেতা হয়ে ওঠে। বহু মৌলবাদী ব্যক্তি আমাদের নেতা প্রজন্মকে শিক্ষা দিয়েছে, ভগবানের কাছে এই আমাদের প্রার্থনা, আমরাও যেন এই গ্রন্থের মাধ্যমে তাই করতে পারি।

# প্রথম পর্ব

## ব্যবহারিক বৃত্তান্ত

# যিশুর কৌশল

যিশুর রাষ্ট্রে পৌঁছানোর কৌশলে পাঁচটি ধাপ জড়িত: ভগবান উপর দৃঢ় হওয়া, যিশুর জীবন এবং শিক্ষা প্রচার করা, অনুশিষ্য গঠন,গোষ্ঠী-সূচনা করা, যা গীর্জার দিকে পথ দেখিয়ে নিয়ে যায়, এবং নেতাদের বিকাশ ঘটানো |প্রতিটি ধাপ স্বয়ং-ক্রিয়, কিন্তু পাশাপাশি একটি চক্রাকার প্রক্রিয়া অন্যান্য পদক্ষেপ এর জন্য শক্তি যোগায় | যীশুর প্রশিক্ষণ অনুসরণ এর উপাদানটি প্রশিক্ষকদের যিশুকে অনুসরণ করার মাধ্যমে সর্ব-সাধারণের মধ্যে গির্জা-স্থাপন আন্দোলন এর জন্য এক অনুঘটক হওয়ার ক্ষমতা দেয়|



এই শিক্ষা শুরু হয় মৌলিক অনুশিষ্য গঠন এবং যিশুর প্রথম চারটি পন্থা অনুসরণ করে| শিষ্যগণ প্রার্থনা করার পদ্ধতি, যিশুর আদেশ পালন করার ও পবিত্র আত্মার (ঈশ্বরে দৃঢ় হও )শক্তিতে বিশ্বাস করে পথ চলার শিক্ষা লাভ করে |এরপর অনুশিষ্যগন নিজেরা আবিষ্কার করেন, কি ভাবে ঈশ্বরের সাথে একাত্ম হওয়া যায়, যেখানে ঈশ্বর কাজ করছেন এবং তাদের সাক্ষ্য বিবৃতি বিনিময় করেন -- যা আধ্যাত্মিক সংগ্রামের সবচেয়ে বড় হাতিয়ার| এরপর , তারা শেখেন কি ভাবে যিশুর জীবন ও শিক্ষা প্রচার করতে হয় এবং কি ভাবে মানুষকে ঈশ্বরের পরিবারে আহ্বান জানাতে হয় (যিশুর জীবন ও শিক্ষা প্রচার)| এইরূপে এই পাঠক্রম নেতাদের নতুন গোষ্ঠী গঠনের সরঞ্জাম দেয় ,সংখ্যাবর্ধনের দূরদৃষ্টি দেয়, এবং তাদের জাতির মধ্যে পৌছনোর জন্য পরিকল্পনা দেয় (গোষ্ঠী গঠন) |

আমরা বর্ধিত অনুশিষ্যদের প্রশিক্ষণ এবং তালিম দেওয়াকালীন, তাদের দুইপ্রকার চাহিদা প্রকাশ দেখি| সম্ভাবনাময় নেতাদের মূলত দুটো প্রশ্ন থাকে - নিজের অধ্যাত্যিক সত্তার কিভাবে প্রসার ঘটানো যায় ও তাদের দলকে কিভাবে একটি গির্জার আকার দেওয়া যায় | যেহেতু যিশুর কৌশলগুলি অনুক্রম অনুসারে সাজানো নেই, সেহেতু অনেক অনুশিষ্যই নেতৃত্বের শিক্ষা নিতে চান এবং পরে গির্জা-নির্মাণের প্রশিক্ষণ চান | আবার অন্য শিষ্যরা অনুক্রম পালন করেন | ফলত, আমরা শিষ্যদের জন্য দুটি অতিরিক্ত অধিবেশনের আয়োজন শুরু করেছিলাম, যারা মৌলিক অনুশিষ্য গঠন ব্যবহার করেছেন ও অন্যদের তা শেখাতে ইচ্ছুক|

মৌলিক গির্জা গঠন বিদ্যমান গির্জার সহায় হয় নতুন গোষ্ঠী এবং গির্জা গঠন ক্ষেত্রে - যা যিশুর কৌশলের চতুর্থ পন্থা | কিছু নেতা নতুন গির্জা স্থাপন করেন এবং এই নতুন গির্জা স্থাপনে পুরনো বা বর্তমানের গির্জাকে নকল করে একটি নিয়মিত ভুল করেন| এটির দ্বারা খুব সামান্যই লাভ হয়| মৌলিক গির্জা গঠন এই ভ্রান্তিকে এড়িয়ে চলে অনুশিষ্যদের প্রশিক্ষণ দিয়ে, কি ভাবে যিশুর আটটি আদেশ অনুসরণ করতে হয়, যা শিষ্যচরিত ২ তে প্রাথমিক গির্জা অনুসরণ করেছিল | এই গোষ্ঠীটি প্রতিটি আদেশের বাস্তবিক প্রয়োগের মাধ্যমে কাজ করে এবং একত্রে একটি গির্জা চুক্তিপত্র তৈরি করে| যদি গোষ্ঠীটি অনুভব করতে পারেন ঈশ্বর তাদের নেতৃত্ব দিচ্ছেন, অধিবেশনটি একটি অনুষ্ঠানের মাধ্যমে এবং একটি নতুন গির্জা গঠনের আত্মোৎসর্গের মাধ্যমে সমাপ্ত হয়|

মৌলিক নেতা প্রশিক্ষণ নেতাদের অন্য ব্যক্তিদের আবেগপূর্ণ, আধ্যত্মিক নেতা গঠন করতে সাহায্য করে- যিশুর কৌশলের পঞ্চমপন্থা | গির্জা গঠনকারী আন্দোলনের একটি মূল উপাদান হলো নেতৃত্ব উন্নয়ন | এই অধিবেশন নেতাদের যিশু যে পদ্ধতিতে নেতাদের প্রশিক্ষণ দিয়েছিলেন, তা প্রদর্শন করে এবং সর্বকালের মহান নেতা,যিশুর সাতটি নেতৃত্ব গুনাবলী সম্পর্কে জানায় |নেতা তাদের ব্যক্তিত্ব ধরন আবিষ্কার করেন এবং বিভিন্ন ব্যক্তিত্বের মানুষদের একত্রে কাজ করতে সাহায্য করেন |অবশেষে, নেতা যিশুর বারটি ধর্মপ্রচার নিয়মাবলীর ভিত্তিতে, যা যিশু লিউক ১০এ শিষ্যদের দিয়েছিলেন, একটি “যিশুর পরিকল্পনা” গঠন করেন | অধিবেশনটি নেতাদের “যিশু পরিকল্পনা”

বিনিময়ের মাধ্যমে এবং পরস্পরের সাথে প্রার্থনার মাধ্যমে সমাপ্ত হয়। নেতা পরস্পরকে শিক্ষা দিতে এবং নতুন নেতা উন্নয়নে অঙ্গীকারবদ্ধ হন।

মৌলিক গির্জা নির্মান ও মৌলিক নেতা প্রশিক্ষণ - শিষ্যদের আদতে শেখায় যিশুর নীতি ও পন্থাগুলো কিভাবে আমাদের অনুকরণ করতে হবে। প্রশিক্ষক নেতাদের উত্পাদনশীল সরঞ্জাম দেন, যাতে তারা কতৃত্ব করতে পারেন এবং অন্য দের সাথে বিনিময় করতে পারেন। তাই যিশু প্রশিক্ষণ অনুসরণ কোনো পাঠক্রম নয়, যিশুকে অনুসরণের এই শিক্ষা শেখা যায় না বরং তার দর্শনে বাঁচতে হয়। এভাবেই দুই হাজার বছরের বেশি সময় ধরে ইশ্বরের বরলাভ করেছে বহু মানুষ যারা তার সন্তানের কথা শুনে চলেছে। বিশ্বাসীরা যিশুর কৌশল অনুসরণ করেছেন এবং দেখেছেন, সভ্যতার বিকাশ ঘটেছে এভাবেই। ঈশ্বর যেন আপনার জীবনে এবং আপনি যাদের যিশুকে অনুসরণের শিক্ষা দেন, সেই মানুষদের ও আশির্বাদ করেন।

# নেতা প্রশিক্ষণ

মৌলিক নেতা প্রশিক্ষণ যিশুর প্রথম পাঠক্রম, মৌলিক অনুশিষ্য গঠনের উপরে নির্মিত, এবং তাদের সাহায্য করে, যারা নেতা রূপে শিষ্য গোষ্ঠী গঠন করেছেন এবং আরো গোষ্ঠী সংখ্যা বর্ধন করেন।

## প্রশিক্ষণ ফলাফল

এই অধিবেশন সমাপ্ত হওয়ার পর ছাত্ররা:

- অন্যদের নেতৃত্বের মূল দশটি মন্ত্র দিতে পারবেন।
- যিশুর মূল মন্ত্র অনুসরণ করে গঠনশীল নিয়ম পালন করে অন্য নেতাদের প্রশিক্ষণ দিতে পারবেন।
- বিভিন্ন ব্যক্তিত্বের মানুষদের সনাক্তকরণ এবং গোষ্ঠী রূপে একত্রে কাজ করতে সাহায্য করবেন।
- গোষ্ঠীতে লুপ্ত আধ্যাতিকতা ফিরিয়ে আনার জন্য কৌশল পরিকল্পনা এবং নতুন গোষ্ঠির সংখ্যা বর্ধন করবেন।
- কিভাবে গির্জা স্থাপন আন্দোলনে নেতৃত্ব দেবেন, সেটি জানবেন।

## প্রশিক্ষণ প্রক্রিয়া

সকল নেতৃত্ব-শিক্ষা একটি মূল পদ্ধতি অনুসরণ করে যার দ্বারা যিশু তার শিষ্যদের নেতায় পরিণত করেছিলেন। সামগ্রিকভাবে এই পাঠক্রম একটি নির্দিষ্ট সময়সীমা মেনে চলে।

## প্রশংসা

- একত্রে দুটি কোরাস্ বা স্তবগান করুন |(অথবা সময় থাকলে আরো বেশি)

  (১০ মিনিট)

## প্রগতি

- সকল নেতারা শেষ সাক্ষাতের পর নিজেদের সংগঠনের প্রগতির কথা জানায় ও সকলে মিলে তার মঙ্গল কামনা করে |

  (১০ মিনিট)

## সমস্যা

- শিক্ষকেরা একটি সাধারণ নেতৃত্ব সমস্যার কথা বলে একটি কাহিনী অথবা নিজেদের জীবন থেকে উদাহরণ দিয়ে তা সমাধান করার রাস্তা খুঁজে দেন |

  (৫ মিনিট)

## পরিকল্পনা

- প্রশিক্ষক একটি সরল নেতৃত্ব বসয়ক পাঠের শিক্ষা দেন, যা নেতাদের শৈলী এবং অন্তর্দৃষ্টি দে নিত্রিত্ব বিষয়ক সমস্যা সমাধানের জন্য|

  (২০ মিনিট)

## অনুশীলন

- নেতারা চারজনের গোষ্ঠীতে ভাগ হয়ে যায় ও আলোচনার মাধ্যমে তাদের নতুন শেখা নীতিগুলো অনুশীলন করেন,সেইসঙ্গে অভ্যাস করেন:

- ○ নেতৃত্ব-অঞ্চলে প্রগতি।
- ○ নেতৃত্ব-অঞ্চলে সম্মুখীন সমস্যা।
- ○ পরবর্তী ৩০ দিনে নতুন অর্জিত শিক্ষাগুলো কাজে লাগিয়ে নিজেদের সংগঠনের উন্নতির পরিকল্পনা।
- ○ নেতৃত্ব পাঠের উপর ভিত্ত করে কোনো একটি শৈলী যা তারা পরবর্তী ৩০ দিনে অনুশীলন করবে।

- নেতারা উঠে দাড়ান এবং একত্রে দশবার স্মৃতিচারণ করেন, ছয়বার বাইবেল পাঠ করেন, এবং চারবার স্মৃতি থেকে পাঠগুলি পুনরালোচনা করেন।

(৩০ মিনিট)

## প্রার্থনা

- চারজনের গোষ্ঠী প্রার্থনা উদ্বেগ বিনিময় করেন এবং পরস্পরের জন্য প্রার্থনা করেন।।

(১০ মিনিট)

## সমাপ্তি

- অধিকাংশ অধিবেশন সমাপ্ত হয় শিক্ষনীয় কার্যের মাধ্যমে, যা নেতাদের তাদের নিজ-প্রসঙ্গে নেতৃত্ব শিক্ষা প্রয়োগে সাহায্য করে।

(১৫ মিনিট)

# প্রশিক্ষণ অনুসূচি

একটি তিনদিনের অধিবেশন অথবা ১০-সপ্তাহের প্রশিক্ষণ শিবিরে সাহায্য করার জন্য এই গ্রন্থ ব্যবহার করুন। দুটি অনুসুচিতেই প্রত্যেক অধিবেশন দেড় ঘন্টা ব্যাপী হয় এবং প্রশিক্ষকের প্রশিক্ষণ প্রগতির ২০ নম্বর পৃষ্ঠা ব্যবহৃত হয়।

নেতৃত্ব প্রশিক্ষণ সাধারণত মাসে একবার, অথবা দুই বার, অথবা একটি তিন-দিনের অধিবেশন হিসাবে অনুষ্ঠিত হয় | শুদুমাত্র নেতারা, যারা বর্তমানে কোনো গোষ্ঠিকে নেতৃত্ব দিচ্ছেন, তারাই অংশগ্রহন করতে পারেন|

# তিন-দিনের অনুসূচি

| | **দনি ১** | **দনি ২** | **দনি ৩** |
|---|---|---|---|
| ৮ :৩০ | স্বাগতম | একত্রে শক্তশিালী হন | গ োষ্ঠী গঠন |
| ১০ :০০ | *বশি্রাম* | *বশি্রাম* | *বশি্রাম* |
| ১০ :৩০ | যশিুর মত প্রশকি্ষণ | নাট্য প্রতযি োগতিা | গ োষ্ঠী সংখ্যা বর্ধন |
| ১২:০০ | *মধ্যান্হ ভ োজন* | *মধ্যান্হ ভ োজন* | *মধ্যান্হ ভ োজন* |
| ১ :০০ | যশিুর মত নতেৃত্ব | যশিুর জীবন ও শকি্ষা প্রচার | যশিুকে অনুসরণ |
| ২:৩০ | *বশি্রাম* | *বশি্রাম* | |
| ৩ :০০ | দৃঢ় হন | অনুশষি্য গঠন | |
| ৫ :০০ | *নশৈ ভ োজন* | *নশৈ ভ োজন* | |

# সাপ্তাহিক অনুসূচি

| | | | |
|---|---|---|---|
| *সপ্তাহ ১* | স্বাগতম | *সপ্তাহ ৬* | যশিুর জীবন ও শকি্ষা প্রচার |
| *সপ্তাহ ২* | যশিুর মত প্রশকি্ষণ | *সপ্তাহ ৭* | অনুশষি্য গঠন |
| *সপ্তাহ ৩* | যশিুর মত নতেৃত্ব | *সপ্তাহ ৮* | গ োষ্ঠী গঠন |
| *সপ্তাহ ৪* | দৃঢ় হন | *সপ্তাহ ৯* | গ োষ্ঠী সংখ্যা বর্ধন |
| *সপ্তাহ ৫* | একত্রে শক্তশিালী হন | *সপ্তাহ ১০* | যশিুকে অনুসরণ |

# প্রশিক্ষণ নীতি

অন্যদের শিক্ষা দিয়ে একজন সফল ও সতন্ত্র নেতায় পরিনত করা একটি উত্সহপ্রবন ও চাহিদাপ্রবন কাজ | কারণ প্রচলিত মতের বিপরীত কথা,কেউ নেতা হয়ে জন্মায় না, তাদের তৈরী করতে হয় | অধিক নেতা বিকাশের জন্য, নেতৃত্ব উন্নয়ন অবশ্যই শৃঙ্খলাপূর্ণ ও ক্রমানুযায়ী করতে হয়| কিছু মানুষ ভুলক্রমে বিশ্বাস করেন,নেতা তাদের ব্যক্তিত্ব অনুসারে নির্বাচিত হন | আমেরিকার বৃহত সফল গির্জাগুলির যাজকদের নিয়ে একটি শীঘ্র সমীক্ষা বিভিন্ন ব্যক্তিত্বের নেতাদের সাথে পরিচয় ঘটায়| যখন আমরা যিশুকে অনুসরণ করি, আমরা সর্বকালের মহান নেতাকে অনুসরণ করি এবং নিজেদের নেতা হিসাবে গড়ে তুলি|

উদীয়মান নেতাদের নেতৃত্ব উন্নয়নে একটি সুষম পদ্ধতি প্রয়োজন | একটি সুষম পদ্ধতি জ্ঞানের, চরিত্রের, শৈলীর, এবং প্রেরণার উপর কার্য্য অন্তর্ভুক্ত করে | একজন মানুষের সকল চারটি উপাদান প্রয়োজন একজন কার্য্যকরী নেতা হওয়ার জন্য |জ্ঞান ছাড়া, ভুল ভাবনা এবং ভুল বোঝাবুঝি নেতাকে ভুল পথে চালিত করে |চরিত্র ছাড়া, একজন নেতা নৈতিক এবং আধ্যাত্মিক ভুল করবেন, যা তাঁর কার্যে ব্যাঘাত ঘটায় | প্রয়োজনীয় শৈলী ছাড়া, নেতা বারংবার একই এবং অচল পদ্ধতি ব্যবহার করে যাবেন | অবশেষে, একজন জ্ঞান, চরিত্র, এবং শৈলী বিশিষ্ট, কিন্তু প্রেরণাবিহীন নেতা শুধুমাত্র নিজের স্তিতাবস্থা এবং অবস্থান প্রদর্শন করেন|

নেতাদের অবশ্যই কাজটি করার জন্য মূল প্রশিক্ষণ শিক্ষা গ্রহণ করা উচিত |প্রার্থনায় একটি গুরুত্বপূর্ণ সময় অতিবাহিত করার পরে, প্রতি নেতার একটি বাধ্যতামূলক দৃষ্টির প্রয়োজন হয় |দৃষ্টি এই প্রশ্নের উত্তর দেয়, “ এরপর কি হওয়া প্রয়োজন?”নেতাদের অবশ্যই তাদের কার্যের উদ্দেশ্য জানা উচিত | উদ্দেশ্য প্রশ্নের উত্তর দেয়, “এটি কেন গুরুত্বপূর্ণ?” এই প্রশ্নের উত্তর গুলি অনেক নেতাকে তাদের কঠিন সময়ে পথপ্রদর্শন করেছে |অত:পর, নেতাদের অবশ্যই তাদের কার্য্যভার জানা উচিত | ঈশ্বর তাঁর সংঘে মানবজাতিকে একত্রিত করেন, তাঁর ইচ্ছাকে এগিয়ে নিয়ে যেতে | কার্য্যভার এই প্রশ্নের উত্তর দেয়, “কাদের জড়িত থাকা উচিত?” অবশেষে, ভালো নেতাদের অনুসরনযোগ্য পরিষ্কার, সংক্ষিপ্ত উদ্দেশ্য আছে| সাধারণত, একজন নেতা চার থেকে পাঁচটি উদ্দেশ্যের মাধ্যমে দৃষ্টি, উদ্দেশ্য, এবং কার্য্যভার বাস্তবায়িত করেন | উদ্দেশ্য এই প্রশ্নের উত্তর দেয়, “আমরা কি ভাবে এটি করব?”

আমরা পরিলক্ষিত করেছি, গোষ্ঠীতে একজন উদীয়মান নেতাকে পছন্দ করা কত কঠিন | ঈশ্বর কাকে পছন্দ করবেন, সেই বিষয়ে আপনি সর্বদা অবাক হবেন ! সর্বাপেক্ষা উত্পাদনশীল পদ্ধতি হলো, প্রতি মানুষের সাথে এমন ভাবে ব্যবহার করুন, যেন যে আগে থেকেই একজন নেতা | একজন মানুষ কেবল নিজেকে নেতৃত্ব দিতে পারেন, তবুও সেটি নেতৃত্বই | মানুষ আমাদের আশানুযায়ী (বিশ্বাস)আরো ভালো নেতা হয়ে ওঠেন | যখন আমরা অনুগামীদের মত করে মানুষের সাথে ব্যবহার করি, তারা অনুগামী-ই হয়ে ওঠেন | যখন আমরা মানুষের সাথে নেতার মত করে ব্যবহার করি, তারা নেতাই হয়ে ওঠেন | যিশু সমাজের প্রতি স্তর থেকে মানুষ পছন্দ করেন, এটি বোঝানোর জন্য যে নেতা বহির্মুখী লক্ষণের উপরে নির্ভর করে না, যা সাধারণত মানুষ খুঁজে থাকে; এটি নির্ভর করে সেই সব মানুষের উপর, যারা তাঁকে মেনে চলেন | কেন আমাদের অনেক নেতার প্রয়োজন হয়? কারণ, বর্তমান নেতারা নতুন মানুষদের নেতৃত্ব দেওয়ার সুযোগ অস্বীকার করেন |

ঈশ্বরীয় নেতৃত্বের অভাবের থেকেও আরো বেশি কিছু কারণের জন্য ঈশ্বরের আন্দোলন ব্যাহত হয় | দু:খজনকভাবে , আমাদের প্রশিক্ষণ দেওয়া অধিকাংশ স্থানে নেতৃত্বের শুন্যতা লক্ষ্য করেছি (আমেরিকা সহ)|একটি সংঘে- ঈশ্বরীয় নেতাদের মূল মন্ত্র - শান্তি, আশির্বাদ, এবং ধর্মনিষ্ঠা | এই ক্ষেত্রে এলবার্ট আইনস্তাইনএর বিখ্যাত প্রবাদ প্রযোজ্য: “আমরা আমাদের বর্তমান স্তরের নেতৃত্ব দিয়ে আমাদের বর্তমান সমস্যার সমাধান করতে পারব না |” ঈশ্বর “যিশু প্রশিক্ষণ অনুসরণ” ব্যবহার করেন বহু নতুন নেতাদের সজ্জিত এবং অনুপ্রানিত করার জন্য | আমরা প্রার্থনা করি, আপনার সাথেও যেন একই ঘটনা ঘটে| সর্বকালের মহান নেতা যেন আপনার হৃদয় এবং মন প্রতি আধ্যাত্মিক আশীর্বাদের সাথে ভরে দেন, আপনাকে দৃঢ় করে তোলেন, এবং আপনার প্রভাব বৃদ্ধি করেন- যা নেতৃত্বের সত্য পরীক্ষা

# দ্বিতীয় পর্ব

# নেতৃত্ব প্রশিক্ষণ

# ১

# স্বাগতম

প্রথম পাঠে প্রশিক্ষক এবং নেতারা পরস্পরের কাছে নিজেদের পরিচয় দেন| নেতারা এরপর গ্রীক পদ্ধতি এবং হিব্রু পদ্ধতির পার্থক্য শেখেন| যিশু দুটি পদ্ধতিই ব্যবহার করেছেন এবং আমাদের তাই করা উচিত| হিব্রু পদ্ধতিটি নেতা প্রশিক্ষণে সর্বাপেক্ষা সাহায্যকারী এবং এটি মৌলিক নেতা প্রশিক্ষণে ব্যবহার হয়েছে|

নেতাদের জন্য প্রস্তুত পাঠের উদ্দেশ্য যিশুকে অনুভব করা, যাতে সমগ্র পৃথিবীর মানুষের কাছে পৌছনো যায়| যিশুর কৌশলের পাঁচটি ভাগ হলো: ঈশ্বরে দৃঢ় হন, যিশুর জীবন ও শিক্ষা প্রচার করুন, অনুশিষ্য গঠন করুন, গোষ্ঠী গঠন করুন যা গির্জায় পরিনত হবে, এবং নেতা প্রশিক্ষণ দিন| নেতা "যিশু প্রশিক্ষণ অনুসরণ, প্রথম পর্ব: মৌলিক অনুশিষ্য গঠন"এর পাঠটি পর্যালোচনা করেন, যা যিশুর কৌশলের প্রতি পর্যায়ে বিশ্বাসীদের সফলতার দিকে নিয়ে যায়|যিশুর কৌশল অনুসরণ করে নেতারা অপরের জন্য দূরদৃষ্টি লাভ করার অভ্যাস করেন| প্রতিদিন অধিবেশন সমাপ্ত হয় যিশুকে অনুসরণ এবং তাঁর আদেশ পালন করার দায়িত্বের সাথে|

# প্রার্থনা

- দুটি স্তোত্র অথবা স্তবক একত্রে পাঠ করুন।
- প্রশিক্ষণ অধিবেশন চলাকালীন একজন সম্মানীয় নেতাকে ঈশ্বরের উপস্থিতি এবং আশীর্বাদের জন্য প্রার্থনা করতে বলুন।

# প্রারম্ভ

## প্রশিক্ষক উপস্থাপন

- প্রারম্ভিক অধিবেশনে প্রশিক্ষক এবং নেতা গোলাকৃতিতে বসেন। একটি লৌকিকতাবর্জিত পরিবেশ গঠনের জন্য, আগে থেকে বিন্যস্ত টেবিল সরিয়ে দিন।
- প্রশিক্ষক শিক্ষা দেন, কি ভাবে নেতা তাদের পরিচয় দেবেন।
- প্রশিক্ষক এবং শিক্ষানবিশ পরস্পরকে নিজের পরিচয় দেন। তারা ওপর মানুষের নাম, তাদের পরিবার , জাতি সম্পর্কিত তথ্য এবং কিভাবে তারা পূর্ববর্তী যে গোষ্ঠীতে নেতৃত্ব দিয়েছেন, ঈশ্বর সেই গোষ্ঠিকে কিভাবে আশির্বাদ দিয়েছেন, তা বিনিময় করুন।

## নেতাদের পরিচয় জ্ঞাপন

- নেতাদের জোড়ে ভাগ করুন।

*"নিজের সঙ্গীর পরিচয় সেই ভাবে দিন, যেভাবে আমি এবং আমার শিক্ষানবিশ পরিচয় বিনিময় করেছিলাম।"*

- নেতাদের তাদের সঙ্গীর নাম, নাম, তাদের পরিবার , জাতি সম্পর্কিত তথ্য এবং কিভাবে তারা পূর্ববর্তী যে গোষ্ঠীতে নেতৃত্ব দিয়েছেন, ঈশ্বর সেই গোষ্ঠিকে কিভাবে আশির্বাদ দিয়েছেন, তা জানা উচিত। তাদের ছাত্র পুস্তকে সকল তথ্য লেখার উত্সাহ দিন, যাতে তারা সঙ্গীর পরিচয় জ্ঞাপনের সময়ে তারা তা ভুলে না যান।

- পাঁচ মিনিট পরে, নেতা জুটিকে তাদের পরিচয় কমপক্ষে আরো পাঁচজন সঙ্গীকে একই ভাবে দিতে বলুন, যেভাবে আপনি তাদের কাছে আপনার সঙ্গীর পরিচয় দিয়েছিলেন|

## যিশু কি ভাবে নেতাদের প্রশিক্ষণ দিয়েছিলেন?

- নেতাদের বলুন তাদের চেয়ার সারিবদ্ধ করে রাখতে- শিক্ষণের পুরাতন পদ্ধতিতে| তাদের অন্তত দুটি সারি এবং মাঝে একটি স্তম্ভপরিবেষ্টিত হওয়া উচিত|নেতারা সারিতে বসবেন, যখন প্রশিক্ষকগণ সামনে দাড়াবেন|

  *"আমরা এটিকে শিক্ষার "গ্রিক"পদ্ধতি বলি| শিক্ষক জ্ঞান বিনিময় করেন, ছাত্র কিছু প্রশ্ন করেন, এবং প্রত্যেকে প্রথমে শিক্ষককে সম্বোধন করেন|সাধারণত, শিক্ষকরা এভাবে তাদের শ্রেণী সাজান, প্রধানত শিশুদের ক্ষেত্রে|"*

- নেতাদের বলুন তাদের চেয়ার আগের মত গোলাকৃতিতে সাজাতে, যেভাবে অধিবেশনের শুরুতে সাজানো হয়েছিল| নেতারা এবং শিক্ষকরা এভাবে একত্রে একটি গোলাকার বৈঠক করেন|

  *"আমরা এটি কে "হিব্রু"পদ্ধতি শিক্ষণ বলে থাকি| শিক্ষক কিছু প্রশ্ন করেন, ছাত্র বিষয়গুলি আলোচনা করেন, এবং প্রত্যেকে বক্তাকে সম্বোধন করেন, শুধুমাত্র শিক্ষককে নয়| পরিনত মনস্কদের শিক্ষা দেওয়ার জন্য শিক্ষকগন এই পদ্ধতি ব্যবহার করে থাকেন| যিশু কোন শিক্ষণ-পদ্ধতি ব্যবহার করেছিলেন?"*

- শিক্ষাত্রীদের এই প্রশ্নটি আলোচনা করতে দিন এবং তারপর বলুন, "উভয়"| যিশু জনতাকে শিক্ষা দেওয়ার জন্য গ্রিক পদ্ধতি এবং অনুগামীদের নেতা হিসাবে প্রশিক্ষণ দেওয়ার জন্য হিব্রু পদ্ধতি ব্যবহার করতেন|

  *"আপনার বিন্যাসে কোন পদ্ধতিটি প্রশিক্ষক গণ ব্যবহার করেন?"*

- শিক্ষক প্রধানত গ্রিক পদ্ধতি ব্যবহার করেন| ফলত, আমরা সেই বিন্যাসে অভ্যস্ত|

*"এই প্রশিক্ষণ অধিবেশনে, আমরা যিশুর প্রশিক্ষণ পদ্ধতি প্রদর্শন করি। মৌলিক নেতা গঠন এর অধিকাংশ অধিবেশন "হিব্রু" পদ্ধতি ব্যবহার করে, কারণ যিশু নেতাদের প্রশিক্ষণ দেওয়ার সময়ে সেই পদ্ধতি ব্যবহার করেছেন। আমরা তাঁকে অনুকরণ করতে চাই।"*

# পরিকল্পনা

*এই পাঠে আমাদের লক্ষ্য পৃথিবীর প্রতি প্রান্তে পৌছানোর জন্য যিশুর কৌশল উপলব্ধি করা, যাতে আমরা তাকে অনুসরণ করতে পারি।"*

## গির্জা কে গঠন করেন?

–ম্যাথেউ ১৬:১৮–
এখন আমি বলছি, তুমি পিটার (যার মানে "শিলা"), এবং এই শিলার উপরে আমি গির্জা গঠন করব, নরকের সকল শক্তিও একে পরাভূত করতে পারবে না। (এন এল টি)

*"যিশু তাঁর গির্জা গঠন করেছিলেন।"*

## কে গির্জা গঠন করেছিলেন, সেটি গুরুত্বপূর্ণ কেন?

–সাল্ম ১২৭:১–
প্রভু যতক্ষণ না একটি গৃহ গঠন করেন, গৃহনর্মান কারী কর্মীদের পরিশ্রম বৃথা যায়; যতক্ষণ না প্রভু নিজে একটি শহর প্রহরা না দেন, প্রহরীর সকল সাবধানতা অবলম্বন বৃথা যায়।(এইছ সি এস বি)

*"যিশু নিজে গির্জা গঠন করেন, আমাদের কোনো কাজ নেই। তাঁর প্রাথমিক মন্ত্রকের সময়ে এবং গির্জা ইতিহাস জুড়ে, যিশু একই কৌশল অবলম্বন করে তাঁর গির্জা গঠন করেন। আসুন, আমরা তাঁর কৌশল শিখি, যাতে আমরা তাঁকে অনুসরণ করতে পারি।"*

# যিশু কিভাবে তাঁর গির্জা গঠন করেন?

- যখন আপনি সমগ্র পৃথিবীতে পৌছনোর জন্য যিশুর কৌশল প্রচার করেন, নিম্নলিখিত নকশাটির প্রতিটি ভাগ আঁকুন,




## ঈশ্বরে দৃঢ় হও

–লিউক ২: ৫২–
যিশু জ্ঞানী এবং দৃঢ় |ঈশ্বর তাঁর প্রতি প্রীত ছিলেন এবং মানুষ ও | (সি ই ভি)

–লিউক ৪: ১৪–
(তার প্রলোভনের পরে ) এবং যিশু পবিত্র আত্মার শক্তিতে গালিলীয়তে ফিরে এলেন , তাঁর সংবাদ আশেপাশের সকল জেলাতে ছড়িয়ে পড়ল |(এন এ এস বি)

*"যিশুর কৌশল এর প্রথম ধাপ, "ঈশ্বরে দৃঢ় হও" | আধ্যাত্মিক নেতৃত্ব ঈশ্বরের সাথে একটি নিষ্পাপ এবং গভীর সম্পর্কের উপর নির্ভর করে | আমাদের দৃঢ় হয়ে ওঠার জন্য, আমাদের যিশুর সাথে মিশে যেতে হবে |*

ঈশ্বরে দৃঢ় হন
উপরে বহু তুলুন এবং একজন শক্তিশালী মানুষের মত ভঙ্গি করুন |

*আমরা যিশুর সাথে মিশে যেতে পারলে, আমরা প্রার্থনা করি, তাঁর আদেশ পালন করি, পবিত্র আত্মার সাথে চলি, এবং যিশুর কর্মক্ষেত্রে যোগদান করি |"*

- যিশু প্রশিক্ষণ অনুসরণ, প্রথম পর্ব: মৌলিক অনুশিষ্য গঠন এর "প্রার্থনা", "মান্যতা", এবং "চলন"পাঠটি হস্ত-মুদ্রার সাথে পর্যালোচনা করুন |

*"এই পাঠ আমাদের যিশুর সাথে মিলিত হওয়ার শিক্ষা দেয় | এই পাঠ অন্যদের যিশুর সাথে মিলিত হওয়ার শিক্ষায় শিক্ষিত করতে সাহায্য করে | ঈশ্বরে দৃঢ় হওয়ার একটি অংশ তাঁর আদেশ পালন করা | যিশুর কৌশলের বাকি অংশ আদেশাবলী নিয়ে গঠিত, যা আমাদের তৎক্ষনাত , সর্বদা, এবং হৃদয়ের অন্তস্থল থেকে মান্য করা উচিত |*

## যিশুর জীবন ও শিক্ষা প্রচার

–মার্ক ১:১৪,১৫–
জন গ্রেপ্তার হওয়ার পরে , যিশু গালিলীয়তে গেলেন, যেখানে তিনি ঈশ্বরের শুভ সংবাদ প্রচার করেছিলেন | "অবশেষে ঈশ্বরের সময় এসেছে!", তিনি ঘোষণা করলেন | "ঈশ্বরের রাজত্ব আগত!নিজের পাপের জন্য অনুশোচনা করুন এবং ঈশ্বরের শুভ সংবাদে বিশ্বাস করুন ! (এন এল টি)

*“আমরা আত্মার সাথে চরণ এবং প্রার্থনার মাধ্যমে ঈশ্বরে দৃঢ় হয়ে উঠি। ঈশ্বরে দৃঢ় হওয়ার অপর উপায় যিশুর আদেশাবলী মান্য করা। যিশু আমাদের তাঁর কর্মক্ষেত্রে যোগদান করার আদেশ দিয়েছেন এবং শুভ সংবাদ প্রচার করার নির্দেশ দিয়েছেন।*

যিশুর জীবন ও শিক্ষা বিনিময় করুন
বীজ নিক্ষেপের মত করে হস্তভঙ্গি করুন।

*শুভ সংবাদ প্রচার করার সময়ে, অধিকাংশ মানুষের পক্ষে, ঈশ্বর তাদের কিভাবে রক্ষা করেছেন, সেই বিষয়ে বিবৃতি বিনিময় একটি দারুন শুভারম্ভ।মানুষ উত্সাহ নিয়ে আমাদের কাহিনী শোনেন এবং আনন্দ উপভোগ করেন। আমাদের বিবৃতি বিনিময় দ্বারা আমরা পবিত্র আত্মার কার্য্য পরিলক্ষণ করতে পারি, যাতে আমরা তাঁর সাথে যোগদান করতে পারি।*

*আমরা যখন ঈশ্বরের কর্মক্ষেত্র দেখতে পাই, আমরা যিশুর জীবন ও শিক্ষা প্রচার করি।অবশ্যই যিশুর জীবন ও শিক্ষার বীজ বপন করবেন। মনে রাখবেন, বীজ বপন ছাড়া ফসল ফলে না!”*

- যিশু প্রশিক্ষণ অনুসরণ, প্রথম পর্ব: মৌলিক অনুশিষ্য গঠন এর “চলন”, “বিনিময়”, এবং “বপন”পাঠটি হস্ত-মুদ্রার সাথে পর্যালোচনা করুন।

*“এই ক্ষেত্রে শয়তানের কোনো জালে পরবেন না। বহু বিশ্বাসী ভুলবশত মনে করেন, যিশুর জীবন ও শিক্ষা প্রচারের আগে ঈশ্বরে দৃঢ় হয়ে ওঠা প্রয়োজন। তারা বুঝতে পারেন না, বিপরীত টি সত্য। আমরা যিশুর আদেশাবলী পালন করার পরেই দৃঢ় হয়ে উঠি, আগে নয়। যিশুর জীবন ও শিক্ষা প্রচারের মাধ্যমে যিশুর আদেশাবলী মান্য করুন এবং তারপর আপনি আপনার বিশ্বাসে দৃঢ় হয়ে উঠবেন। যদি আপনি “যথেষ্ট দৃঢ়” হয়ে ওঠার জন্য অপেক্ষা করতে থাকেন, আপনি কখনই আপনার বিশ্বাস বিনিময় করতে পারবেন না।”*

## অনুশিষ্য গঠন করুন

–ম্যাথিউ ৪:১৯–
“এস, আমাকে অনুসরণ কর,”যিশু বললেন, “এবং আমি তোমাকে মানুষদের ধীবর করে গড়ে তুলব।”

*"আমরা যখন যিশুর সাথে মিলিত হই এবং তাঁর জীবন ও শিক্ষা প্রচারের আদেশ পালন করি, মানুষ সাড়া দেন এবং বিশ্বাসী হয়ে উঠতে চান।"*

অনুশিষ্য গঠন করুন
হৃদয়ে হাত রাখুন এবং তারপর উপাসনার ভঙ্গিতে তুলুন। কোমরে হাত রাখুন, এরপর শাস্ত্রীয় প্রার্থনা ভঙ্গিতে হাত তুলুন। মনের দিকে হস্ত নির্দেশ করুন, এরপর মাথা নত করুন যেন আপনি একটি পুস্তক পাঠ করছেন। একজন শক্তিশালী মানুষের মত ভঙ্গি করে উপরে হাত তুলুন, এবং বীজ বপনের ভঙ্গিতে হস্তমুদ্রা করুন।

*"মান্য করার সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ আদেশ হলো ঈশ্বরকে ভালবাসা এবং মানুষকে ভালবাসা। যিশুর নতুন অনুগামীদের আমরা দেখায়, কিভাবে বাস্তবসম্মত উপায়ে তা করা যায়। আমরা তাদের প্রার্থনা করতে, যিশুর আদেশাবলী মান্য করতে, আত্মার সাথে চলতে, যিশুর কর্মক্ষেত্রে যেতে, বিবৃতি বিনিময় করতে, এবং যিশুর সরল জীবন ও শিক্ষা প্রচার করতে শেখাই, যাতে তারাও ঈশ্বরে দৃঢ় হয়ে উঠতে পারেন।"*

- যিশু প্রশিক্ষণ অনুসরণ, প্রথম পর্ব: মৌলিক অনুশিষ্য গঠন এর "প্রেম" পাঠটি হস্ত-মুদ্রার সাথে পর্যালোচনা করুন।

## গোষ্ঠী এবং গির্জা গঠন করুন

–ম্যাথিউ ১৬:১৮–
আমি এটিও বলি যে তুমি পিটার, এবং এই শিলার উপরে আমি আমার গির্জা স্থাপন করব; এবং নরকের দ্বার একে পরাজিত করতে পারবে না।

*"আমরা যখন যিশুর সাথে মিলিত হই এবং তাঁর আদেশ পালন করি, আমরা যিশুর জীবন ও শিক্ষা প্রচার করি এবং অনুশিষ্য গঠন করি। এরপর, আমরা যিশুর উদাহরণ অনুসরণ করি এবং গোষ্ঠী গঠন করি, গোষ্ঠী গঠন করি, যারা উপাসনা করেন, প্রার্থনা করেন, অধ্যয়ন করেন, এবং একত্রে ধর্মপ্রচার করেন। যিশু এই প্রকার গোষ্ঠী সমগ্র পৃথিবীতে গঠন করছেন, তাঁর গির্জাকে আরো শক্তিশালী করে গড়ে তলার জন্য এবং নতুন গির্জা স্থাপন করছেন তাঁর মহিমা প্রচারের জন্য।"*

☝ গোষ্ঠী এবং গির্জা গঠন করুন
"সংগ্রহ" করার মত করে হস্তমুদ্রা করুন, যেন আপনি মানুষকে আপনার আসে পাশে জমায়েত হতে বলছেন।

## নেতা গঠন

–ম্যাথিউ ১০:৫-৮–
উল্লিখিত নিয়মাবলীর সাথে এই বারোজনকে যিশু প্রেরণ করলেন: "সদয় বান মানুষদের মাঝে অথবা সামারিটান দের কোনো নগরে যাবে না, পরিবর্তে ইসরায়েলের পীড়িত মানুষদের কাছে যাও। যখন তোমরা যাবে, এই বার্তা প্রচার করো: "স্বর্গরাজ্যের রাজত্ব আগত।" অসুস্থকে সেবা করো, মৃতের জীবন দাও, কুষ্ঠ রোগীদের নিরাময় করো, শয়তান দের বহিষ্কার করো। তোমরা বিনামূল্যে যা পেয়েছ, তাই বিনামূল্যে বিতরণ করো।

*"আমরা যখন যিশুর সাথে মিলিত হই, আমরা তাঁর আদেশ পালন করার মাধ্যমে তাঁর প্রতি ভালবাসা প্রদর্শন করি। আমরা যিশুর জীবন ও শিক্ষা প্রচার করি, যাতে হৃত মানুষ ঈশ্বরের পরিবারে ফিরে আসতে পারেন। আমরা এমন অনুগামী গঠন করি, যারা ঈশ্বর এবং মানুষ দুজনকেই ভালবাসেন। আমরা গোষ্ঠী গঠন করি, যারা উপাসনা করেন, প্রার্থনা করেন, অধ্যয়ন করেন, এবং একত্রে ধর্মপ্রচার করেন।অধিক গোষ্ঠির অধিক নেতার প্রয়োজন। ২ টিমোথি ২-২ এর ২২২ নিয়ম অনুসরণ করে, আমরা নেতা প্রশিক্ষণ দিই; যারা নিজেরাও নেতা প্রশিক্ষণ দেন এবং প্রশিক্ষিত নেতারা আরো অনেক নেতা গঠন করেন।*

☝ নেতা গঠন করুন
সৈনিকের মত দাড়ান এবং অভিবাদন করুন।

- যিশু প্রশিক্ষণ অনুসরণ, প্রথম পর্ব: মৌলিক অনুশিষ্য গঠন এর "সংখ্যাবর্ধন"পাঠটি হস্ত-মুদ্রার সাথে পর্যালোচনা করুন।

*"দয়া করে যিশুর কৌশলের প্রচলিত ভ্রান্তি এড়িয়ে চলুন।বহু বিশ্বাসী পর্যায়ক্রমে আদেশাবলী অনুসরণ করতে চেষ্টা করেন। প্রথমে, তারা ভাবেন; আমরা ধর্মপ্রচার করব; তারপর, অনুশিষ্য গঠন করব, এবং ইত্যাদি। যিশু, প্রতি বিন্যাসে তাঁর আদেশ পালন করতে বলেছেন। উদাহরণ, যখন আমরা যিশুর জীবন ও শিক্ষা প্রচার করি, তখনি আমরা মানুষকে শিক্ষা দিই; কিভাবে*

*যিশুকে অনুসরণ করতে হয়। আমরা যখন অনুশিষ্য গঠন করি, আমরা নতুন বিশ্বাসীদের একটি বিদ্যমান গোষ্ঠী খুঁজে নিতে অথবা নুন গোষ্ঠী সূচনা করতে সাহায্য করি। শুরু থেকেই, আমরা একজন আবেগপূর্ণ, আধ্যাত্মিক নেতা হওয়ার অভ্যাস প্রদর্শন করি।*

*এই পাঁচ-ভাগের কৌশল বর্ণনা দেয়, যিশু কিভাবে তাঁর গির্জা গঠন করেছিলেন। প্রাথমিক গির্জায় অনুগামীরা যিশুর কৌশল অনুকরণ করেছিলেন। পল সদয়বানদের মধ্যে এই কৌশল প্রয়োগ করেছিলেন।গির্জার ইতিহাসে দেখা যায়, সফল গির্জা নেতারা একই কাজ করেছেন।যখন নেতারা যিশুর সাথে তাঁর কৌশলে মিলিত হলেন সমগ্র পৃথিবীতে পৌছানোর জন্য, ঈশ্বর সকল দেশে তাঁর আশির্বাদ ছড়িয়ে দিলেন। আমরাও যিশুর কৌশল অনুসরণ করি, এবং ঈশ্বরের মহিমা আমাদের দেশেও দেখি!"*

## স্মৃতিচারণ

–আই কর্নিন্থীয়ানস ১১:১–
যেমন আমি খ্রিষ্টের অনুকরণকারী, তেমনি আমার অনুকরণকারী হও। (এন এ এস)

- প্রত্যেকে উঠে দাড়ান এবং একত্রে দশ বার স্মৃতিচারণ করুন। প্রথম ছয় বার, শিক্ষাত্রীরা বাইবেল অথবা শিক্ষা-বিবরণী ব্যবহার করেন। শেষ চারবার, তারা স্মৃতি থেকে স্লোক পাঠ করেন। শিক্ষাত্রীদের প্রতি ক্ষেত্রে স্লোক পাঠ করার আগে স্লোক-সুত্র বলুন এবং পাঠ শেষ হওয়ার পরে বসুন।
- এই নিয়ম অনুসরণ করলে প্রশিক্ষকদের বুঝতে সুবিধা হয়, "অভ্যাস" অধিবেশনে কোন গোষ্ঠী পাঠ সম্পূর্ণ করলো।

# অভ্যাস

*"এখন, সমগ্র পৃথিবীতে পৌছানোর জন্য আমরা যে যিশুর কৌশল শিক্ষা করেছি, আসুন তার অভ্যাস করি। আমরা পরস্পরের সাথে কৌশল বিনিময় করব। এরপর, আমরা অন্যদের শিক্ষা দেওয়ার আত্মবিশ্বাস অর্জন করব।*

- নেতাদের বলুন জোড়ে ভাগ করতে।

*"একটি কাগজ নিন। কাগজটিকে অর্ধেক ভাঁজ করুন, যেমন ভাবে আমি আপনাদের দেখাচ্ছি। যখন আপনি কাগজের ভাঁজ খুলবেন, এটি আপনাকে যিশুর কৌশলের চারটি ভাগ আঁকতে সাহায্য করবে।"*

- নেতাদের যিশুর কৌশলের চিত্র অঙ্কন অভ্যাস করতে বলুন এবং পরস্পরের কাছে সেটি বর্ণনা করতে বলুন। দুজন নেতাই একই সময়ে কৌশল চিত্র অঙ্কন করুন। যদিও একজন মানুষ বর্ণনা দিন। নেতারা ছবি অঙ্কন করছেন বলে তাদের মৌলিক অনুশিষ্য গঠনের পাঠ পর্যালোচনা করার প্রয়োজন নেই।
- জোড়ের প্রথম ব্যক্তি যখন অঙ্কন সমাপ্ত করবেন এবং যিশুর কৌশলের চিত্র বর্ণনা করবেন, দ্বিতীয় ব্যক্তিও তাই করবেন। দ্বিতীয়বার দুজনেই একটি নতুন চিত্র অঙ্কন করবেন। সঙ্গীরা দাড়াবেন এবং আপনার শেখানো নিয়ম মেনে একত্রে ১০ বার স্মৃতিচারণ করবেন।

*"আপনি যখন দুই বার অঙ্কন এবং দশবার আপনার প্রথম সঙ্গীর সাথে স্মৃতিচারণ সমাপ্ত করেছেন, অন্য সঙ্গী সন্ধান করুন এবং একই ভাবে পাথটি পুনরায় অভ্যাস করুন।*

*যখন আপনার দ্বিতীয় সঙ্গীর সাথে অভ্যাস সমাপ্ত হবে, অপর সঙ্গী সন্ধান করুন।"*

*"এইভাবে সমগ্র পৃথিবীতে পৌছানোর জন্য অঙ্কন এবং যিশুর কৌশল বর্ণন অভ্যাস করতে থাকুন, যতক্ষণ না ভিন্ন চারজন মানুষের সাথে অভ্যাস করছেন।"*

*(যখন নেতারা এই কার্য্য সমাপ্ত করবেন, তারা কাগজের উভয় দিকেই যিশুর কৌশলের আটটি চিত্রই অঙ্কন সমাপ্ত করবেন।)*

# সমাপ্তি

## যিশু বলেন, "আমাকে অনুসরণ করো"

–ম্যাথিউ ৯:৯–
যিশু যখন এগিয়ে চললেন, তিনি ম্যাথিউ নামে একজনকে কর আদায়কারীর ঘরে বসে থাকতে দেখলেন। তিনি তাকে বললেন,

“আমাকে অনুসরণ করো,” এবং ম্যাথিউ উঠে দাড়ালেন এবং তাঁকে অনুসরণ করতে থাকলেন।

*“যিশুর সময়ে কর আদায়কারীরা সবচেয়ে ঘৃণিত মানুষ ছিলেন। কেউ বিশ্বাস করতে পারতেন না, যিশু ম্যাথিউকে আহ্বান জানাতে পারেন, কারণ তিনি একজন কর আদায়কারী ছিলেন।*

*যিশুর ম্যাথিউকে আহ্বানের ঘটনা আমাদের দেখালো, তিনি বর্তমানের চিন্তা করেন, অতীতের নয়। অকাপনি হয়েত ভাবেন, আপনি জীবনে অনেক পাপ করেছেন, তাই ঈশ্বর আপনার জীবনে নেই। আপনি অতীতের ঘটনাবলির জন্য লজ্জিত থাকতে পারেন। যদিও, শুভ সংবাদ এই যে, যারা যিশুকে অনুসরণ করেন, ঈশ্বরের আশির্বাদ তাদের সাথে আছে। ঈশ্বর সেই সব মানুষের সন্ধানে আছেন, যারা মান্য করতে এবং ঈশ্বরের সাথে মিলিত হতে ইচ্ছুক।*

*যখন আমরা কাউকে অনুসরণ করি, আমরা তাকে নকল করি। একজন শিক্ষানবিশ ব্যবসা শেখার জন্য তার প্রভুকে অনুকরণ করেন৷ ছাত্ররা তাদের শিক্ষকের মত হয়ে ওঠে। আমরা সবাই কাউকে না কাউকে অনুকরণ করি। যে মানুষকে আমরা অনুকরণ করি, আমরা তার মতই হয়ে উঠি।*

*যিশু প্রশিক্ষণ অনুসরণের উদ্দেশ্য হলো নেতাদের জানানো, কিভাবে যিশুকে অনুকরণ করা উচিত। আমরা বিশ্বাস করি, আমরা যতই তাঁর মত অনুকরণ করব, তত বেশি তাঁর মত হয়ে উঠব। অত এব, এই প্রশিক্ষণে, আমরা নেতৃত্ব বিষয়ক প্রশ্ন জিজ্ঞাসা করব , বাইবেল অধ্যয়ন করব, যিশু কিভাবে অন্যদের নেতৃত্ব দিয়েছিলেন সেটি আবিষ্কার করব, এবং তাঁকে অনুসরণ করা অভ্যাস করব।”*

- গোষ্ঠির একজন সম্মানীয় নেতাকে এই পাঠটি সমগ্র পৃথিবীতে পৌছনোর জন্য যিশুর কৌশলের প্রতি বিশ্বস্ত এবং আশীর্বাদের প্রার্থনার সাথে সমাপ্ত করার জন্য অনুরোধ করুন।

# ২

# যিশুর মত প্রশিক্ষণ

ক্রমবর্ধমান গির্জা অথবা গোষ্ঠীগুলির একটি প্রচলিত সমস্যা হলো আরো বেশি নেতাদের চাহিদা৷ আমাদের কোনো সরল অনুকরনযোগ্য পদ্ধতি নেই বলে, নেতা প্রশিক্ষণের প্রচেষ্টা কম হয়ে যায় | এই পাঠের উদ্দেশ্য হলো, কি ভাবে যিশু নেতা প্রশিক্ষণ দিয়েছিলেন, যাতে আমরা তাঁকে অনুকরণ করতে পারি |

যিশু নেতাদের তাদের কার্য্য পরিকল্পনার প্রগতি সম্পর্কে প্রশ্ন করে এবং সেই সম্পর্কিত যে যে সমস্যার মুখোমুখি তারা হয়েছেন, তা নিয়ে আলোচনার মাধ্যমে প্রশিক্ষণ দিয়েছেন | তিনি তাদের জন্য প্রার্থনা করেছেন এবং তাদের ধরপ্রচার কার্যের অগ্রসরতার জন্য পরিকল্পনা করেছেন | তাদের প্রশিক্ষণের একটি গুরুত্বপূর্ণ অংশ হলো, তাদের দক্ষতার অভ্যাস, যা তাদের ভবিষ্যত মন্ত্রকে সাহায্য করবে | পাঠ ২ তে, নেতারা তাদের নেতৃত্ব প্রশিক্ষণ তাদের গোষ্ঠীতে প্রয়োগ করেন, যাতে যিশুর কৌশল সমগ্র পৃথিবীতে পৌছয় | অবশেষে, নেতারা একটি "শিক্ষণ বৃক্ষ" উন্নয়ন করেন, যা নেতাদের প্রশিক্ষণ এবং প্রার্থনাকে সুবিন্যস্ত করে |

## প্রার্থনা

- দুটি উপাসনা সঙ্গীত একত্রে করুন | এই অধিবেশনের জন্য একজন নেতাকে প্রার্থনা করতে বলুন |

# প্রগতি

- প্রশিক্ষণ ক্ষেত্রে, অপর একজন নেতাকে ঈশ্বর কিভাবে তার গোষ্ঠিকে আশির্বাদ করেছেন, সেই বিষয়ক বিবৃতি(তিন মিনিট) দেবার জন্য অনুরোধ করুন। নেতা তার বিবৃতি দেওয়ার পরে, গোষ্ঠিকে বলুন তার জন্য প্রার্থনা করতে।

# সমস্যা

*গির্জা এবং গোষ্ঠী অনুভব করেন যে আরো অধিক নেতা প্রয়োজন, কিন্তু জানেননা কিভাবে নতুনদের প্রশিক্ষণ দেবেন।বর্তমান নেতা অনেক বেশি কার্য্য এবং দ্বায়িত্ব নেন, যতক্ষণ না তারা ক্লান্ত হয়ে পড়ছেন। অনুগামী নেতাদের কাছ থেকে অনেক অনেক বেশি আশা করেন, যতক্ষণ না তারা হাল ছেড়ে দিচ্ছেন। সকল দেশের প্রতি সংস্কৃতিতে প্রতিদিন গির্জা এবং গোষ্ঠী এই একই সমস্যায় জর্জরিত।"*

# পরিকল্পনা

*"আমরা আবেগপূর্ণ, আধ্যাত্মিক নেতা প্রশিক্ষণ করতে পারি। এই পাঠের উদ্দেশ্য যিশু কিভাবে নেতা প্রশিক্ষণ দিয়েছেন, তা দেখানো; যাতে আমরা তাঁকে অনুকরণ করতে পারি।"*

## পর্যালোচনা

**স্বাগতম**

যে গির্জা গঠন করেছিলেন?
সেটি এত গুরুত্বপূর্ণ কেন?
যিশু কিভাবে গির্জা গঠন করেছিলেন?
ঈশ্বরে দৃঢ় হন ✋
যিশুর জীবন ও শিক্ষা প্রচার করুন ✋

অনুগামী গঠন করুন
গোষ্ঠী এবং গির্জা গঠন করুন
নেতা গঠন

*–আই কর্নিন্থীয়ানস ১১;১–আমি যেমন খ্রিষ্টের অনুকরণকারী, তেমনি আপনি আমার অনুকরণ কারী হন (এন এ এস)*

# যিশু কিভাবে নেতাদের প্রশিক্ষণ দিয়েছিলেন?

–লিউক ১০:১৭–
যখন বাহাত্তর জন অনুগামী ফিরে এলেন, তারা আনন্দের সাথে তাঁকে খবর জানালেন, "প্রভু, যখন আপনার নাম নিলাম, এমনকি শয়তান ও আমাদের মান্য করত !"(এন এল টি)

## প্রগতি

*"অনুগামীরা তাদের ধর্মপ্রচার কার্য্য থেকে ফিরলেন এবং তাদের কার্যের প্রগতি সম্পর্কে যিশুকে জানালেন। একই ভাবে, আমরা যে প্রশিক্ষণ দিয়ে, সেই সম্পর্কে নেতাদের জানাই। কিভাবে তাদের পরিবার কাজ করছেন এবং তাদের মন্ত্রকে কেমন উন্নতি ঘটছে, সেই বিষয়ে আমরা ব্যক্তিগত উত্সাহ নিই।"*

প্রগতি
উর্ধমুখে পরস্পরের দিকে হাত ঘোরান।

–ম্যাথিউ ১৭:১৯–
এরপরে অনুগামীরা যিশুকে গোপনে প্রশ্ন করলেন, "কেন আমরা শয়তানদের নিক্ষিপ্ত করতে পারিনা? "(এন এল টি )

# সমস্যা

*"অনুগামীরা তাদের ধর্মপ্রচারের সময়ে সমস্যার সম্মুখীন হন এবং কেন তারা ব্যর্থ হলেন, সেটি অনুধাবন করার জন্য যিশুর সাহায্য প্রার্থনা করেন। একই ভাবে, আমরা নেতাদের তাদের সমস্যা বিনিময় করতে বলি, যাতে আমরা একত্রে ঈশ্বরের কাছে সমাধানের জন্য প্রার্থনা করতে পারি।"*

সমস্যা
নিজের মাথার প্রতি দিকে হাত রাখুন এবং চুল ছেড়ার ভান করুন।

–লিউক ১০:১–
এরপর প্রভু আরো বাহাত্তর জনকে নিযুক্ত করলেন এবং তিনি যে যে স্থানে, শহরে যেতেন, সেখানে দুজন দুজন করে পাঠালেন।

# পরিকল্পনা

*"যিশু অনুগামীদের তাদের ধর্মপ্রচার কার্যে অনুসরণের জন্য সরল, আধ্যাত্মিক, এবং কৌশলগত পরিকল্পনা দিয়েছেন। একই ভাবে, "পরবর্তী কর্মসাধনের কৌশল" এর জন্য আমরা নেতাদের পরিকল্পনা করতে বলি, যা সরল, ঈশ্বরের উপর নির্ভরশীল, এবং তাদের সম্মুখীত সমস্যার বিবরণ দেয়।"*

পরিকল্পনা
কাগজের মত করে নিজের বাম হাত ছড়িয়ে দিন এবং এর উপরে ডান হাত দিয়ে "লিখুন"।

–জন ৪:১-২–
যিশু জানতেন ধার্মিক এবং আচারনিষ্ঠ ইহুদিরা শুনেছেন যে তিনি জনের থেকে বেশি দীক্ষিত করছেন এবং আরো অনুগামী গঠন করছেন (যদিও যিশু নিজে দিক্ষীত করেননি- তাঁর অনুগামীরা করেছিইলেন )| (এন এল টি)

## অভ্যাস

*“এই আবিষ্কার যে যিশু নন, তাঁর অনুগামীরা নতুন বিশ্বাসীদের দিক্ষীত করেছেন, বহু নেতাকে হতবাক করেছিল| এই রকম বহু উদাহরণ আছে, যিশু তাঁর অনুগামীদের অভ্যাস করতে অনুমতি দিয়েছিলেন, যা তাঁর স্বর্গ রাজ্যে ফিরে যাওয়ার পরে অনুগামীদের করতে হবে| সেই একই ভাবে, আমরা নেতাদের তাদের শৈলী অভ্যাসের সুযোগ দিয়ে, যা তাকে তার ধর্মপ্রচার ক্ষেত্রে প্রয়োজন হবে| আমরা তাদের একটি “নিরাপদ স্থান” দিই, যেখানে তারা অভ্যাস করবেন, ভুল করবেন, এবং আত্ম বিশ্বাস অর্জন করবেন|”*

অভ্যাস
বাহু উপরে তুলুন এবং নামান, যেন আপনি ওজন তুলছেন|

–লিউক ২২:৩১-৩২–
যিশু বলেছিলেন, “সিমন, আমার কথা শোনো ! শয়তান আমাদের প্রত্যেককে পরীক্ষা করার জন্য দাবি করেছে, যেমন একজন কৃষক গম বাছাই করেন| কিন্তু সিমন, আমি প্রার্থনা করেছি, যাতে তোমার বিশ্বাস আরো দৃঢ় হয়| এবং যখন তুমি আমার কাছে ফিরে আসবে, অন্যদের সাহায্য করবে|” (সি ই ভি)

## প্রার্থনা

*“যিশু আগে থেকেই জানতেন যে পিটার ভুল করবেন এবং প্রচেষ্টা ত্যাগ করার চেষ্টা করবেন| যিশু এটাও জানতেন, মূল শক্তি প্রার্থনায় এবং ঈশ্বরের*

*সাথে আমাদের পথ চলায়। যাদের আমরা নেতৃত্ব দিচ্ছি, তাদের জন্য প্রার্থনা করাই তাদের জন্য সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ সহায়তা।"*

প্রার্থনা
মুখমন্ডলের কাছে শাস্ত্রীয় "প্রার্থনা হস্ত" ভঙ্গি করুন।

## স্মৃতিচারণ

–লিউক ৬:৪০–
একজন অনুগামী তার শিক্ষকের থেকে বড় হতে পারেন না, কিন্তু যারা সম্পূর্ণ প্রশিক্ষিত তারা তার শিক্ষকের মতই। (এইছ সি এস বি )

- প্রত্যেকে উঠে দাড়ান এবং একত্রে দশ বার স্মৃতিচারণ করুন। প্রথম ছয় বার, শিক্ষাত্রীরা বাইবেল অথবা শিক্ষা-বিবরণী ব্যবহার করেন। শেষ চারবার, তারা স্মৃতি থেকে স্লোক পাঠ করেন। শিক্ষাত্রীদের প্রতি ক্ষেত্রে স্লোক পাঠ করার আগে স্লোক-সুত্র বলুন এবং পাঠ শেষ হওয়ার পরে বসুন।
- এই নিয়ম অনুসরণ করলে প্রশিক্ষকদের বুঝতে সুবিধা হয়, "অভ্যাস" অধিবেশনে কোন গোষ্ঠী পাঠ সম্পূর্ণ করলো।

# অভ্যাস

- নেতাদের চারজনের একএকটি গোষ্ঠীতে ভাগ করুন।
- নেতাদের সমগ্র প্রশিক্ষণে প্রতিটি পর্যায় অনুসরণ করবেন, প্রতিটি বিভাগ ৭-৮ মিনিট করে আলোচনা করতে দিন।

## পর্যালোচনা

*"সমগ্র পৃথিবীতে পৌছানোর জন্য যিশুর কৌশলের পাঁচটি বিভাগ কি?"*

- একটি সাদা বোর্ডে নকশাটি আঁকুন, যখন নেতা উত্তর দেবেন।

## প্রগতি

*“সমগ্র পৃথিবীতে পৌছনোর জন্য যিশুর কৌশলের কোন অংশ আপনার গোষ্ঠির পক্ষ্যে পালন করা সবচেয়ে সহজ?”*

## সমস্যা

*“যিশুর কৌশল অনুসরণ করার সময়ে আপনার গোষ্ঠী যে যে সমস্যার সম্মুখীন হয়েছেন, তা বিনিময় করুন। যিশুর কৌশলের কোন অংশ আপনার গোষ্ঠির পক্ষে মান্য করা সর্বাপেক্ষা কঠিন?”*

## পরিকল্পনা

*“সমগ্র পৃথিবীতে আরো কার্য্যকরী ভাবে পৌছানোর জন্য যিশুর কৌশল অনুসরণের একটি কার্য্য বিনিময় করুন, যা আপনি আপনার গোষ্ঠিকে পরবর্তী ৩০দিন করার জন্য নেতৃত্ব দেবেন।”*

- প্রত্যেকের তাদের সঙ্গীর পরিকল্পনা নথিবদ্ধ করে রাখা উচিত, যাতে তারা তাদের জন্য পরে প্রার্থনা করতে পারেন।

## অভ্যাস

*“নিজের গোষ্ঠীতে একজন নেতা হিসাবে নিজেকে উন্নত করার জন্য যে শৈলী পরবর্তী ৩০দিন অভ্যাস করবেন, তা বিনিময় করুন।”*

- প্রত্যেকে তার সঙ্গীর অভ্যাস বিষয় নথিবদ্ধ করে রাখেন, যাতে তারা পরে তার জন্য প্রার্থনা করতে পারেন।
- প্রত্যেকে তার শৈলী বিনিময় করার পরে, গোষ্ঠী সদস্য উঠে দাড়ান এবং স্মৃতিচারণ একত্রে দশবার পাঠ করেন।

## প্রার্থনা

*“একটি ছোট গোষ্ঠীতে, একজন নেতা রূপে আপনি পরস্পরের পরিকল্পনা এবং পরবর্তী ৩০দিনের অভ্যাসের জন্য শৈলীর উন্নতিকল্পে প্রার্থনা করুন।”*


# সমাপ্তি

## শিক্ষণ বৃক্ষ

*“যে ভবিষ্যত নেতাদের আমরা প্রশিক্ষণ দিছি, তাদের সংগঠিত করার জন্য এবং তাদের জন্য প্রার্থনা নিমিত্তে ‘শিক্ষণ বৃক্ষ’ খুব সাহায্যকারী।*

- একটি সাদা বোর্ডে, একটি বৃক্ষের কান্ড, শিকড়, এবং তৃণ স্তর দেখানোর জন্য রেখা আঁকুন।

*“আমি এভাবে আমার শিক্ষণ বৃক্ষ অঙ্কন করেছিলাম। বৃক্ষ কান্ড আঁকুন, তারপর কিছু শিকড়, এবং অবশেষে তৃণ। বাইবেল বলে, আমাদের শিকড় স্বয়ং খ্রিস্ট, তাই আমরা তাঁর নাম সেখানে দেব। যেহেতু এত আমার অঙ্কন, তাই শিক্ষণ বৃক্ষের কান্ডে আমি আমার নাম দেব।”*




- শিকড়ের নিচের অংশে “যিশু”এর নাম লিখুন এবং বৃক্ষ কান্ডে আপনার নাম লিখুন |

*“যিশু তাঁর অধিকাংশ নেতৃত্ব প্রশিক্ষণ তিনজন মানুষের মধ্যে বিতরণ করেছিলেন: পিটার, জেমস, এবং জন| আমি তাঁকে অনুকরণ করতে চাই, তাই আমিও একই কাজ করব | ঈশ্বর আমাকে তিনজন নেতা দিয়েছেন, যাদের মধ্যে আমি আমার শিক্ষা বিতরণ করব |”*

- বৃক্ষের কান্ড থেকে তিনটি রেখা উপরের দিকে এবং বাইরের দিকে আঁকুন | প্রতি রেখার উপরে, আপনি যে তিন মুখ্য নেতাদের প্রশিক্ষণ দিচ্ছেন, তাদের নাম লিখুন |


*“যিশু তিন জনকে শিক্ষা দিয়েছিলেন এবং অন্যদের কি ভাবে প্রশিক্ষণ দিতে হবে, সেই বিষয়ে পথ-প্রদর্শন করেছেন | যদি প্রত্যেকে আরো তিনজনকে প্রশিক্ষণ দেন (যিশুর মত), তাহলে বারোজন প্রশিক্ষিত হন | হুমম | যিশুর বারোজন অনুশিষ্য ছিলেন | এটি কি কৌতুহল উদ্দীপক নয়?”*




- আপনি যে তিনজন মুখ্য নেতাকে প্রশিক্ষণ দিচ্ছেন, তাদের প্রত্যেকের নাম থেকে আরো তিনটি করে রেখা উপরে এবং বাইরের দিকে আঁকুন | মুখ্য নেতা যাদের প্রশিক্ষণ দিচ্ছেন, তাদের নাম প্রতি রেখার উপরে লিখুন | আপনার

শিক্ষণ বৃক্ষ সম্পর্কে পবিত্র আত্মার আশির্বাদে আপনার মনে যে কাহিনী আসছে, তা বিনিময় করুন |আপনার বৃক্ষ সম্পূর্ণ করার জন্য শাখা প্রশাখা জুড়ে পাতা আঁকুন|

*"এখন আমি চাই, আপনি আপনার 'শিক্ষণ বৃক্ষ' অঙ্কন করুন | আপনাকে হয়েত কিছু নাম "বিশ্বাসের উপর ভিত্তি করে" লিখতে হবে, কিন্তু চেষ্টা করুন, শিক্ষণ বৃক্ষে বারজনের নাম লিখতে| প্রথম তিনটি শাখা মুখ্য নেতাদের জন্য, যাদের আপনি প্রশিক্ষণ দিচ্ছেন| সেই নেতাদের প্রত্যেকের তিনটি করে প্রশাখা য় সেই সব নেতাদের নাম থাকবে, যাদের তারা প্রশিক্ষণ দিচ্ছেন|"*




- যখন নেতারা তাদের 'শিক্ষণ বৃক্ষ' অঙ্কন করছেন, নিম্নলিখিতি বিষয়গুলি বিনিময় করুন:

*"আমাকে প্রায়শই প্রশ্ন করা হয়, ' কিভাবে আমি নেতাদের প্রশিক্ষণ দিই?' যিশু প্রশ্ন করতে বলেছেন এবং আপনি উত্তর পাবেন| আপনি কি আর প্রয়োজনগুলি তাঁকে বলেছেন? এই প্রশিক্ষণ আপনাকে এমন সরঞ্জাম দেবে, যা আপনার অন্যকে শিক্ষা দেওয়ার কাজে লাগবে|*

*অন্যরা বলেন, ' আমি এমন কাউকে জানিনা, যাকে নেতা হিসাবে প্রশিক্ষণ দেব।' যিশু সন্ধান করতে বলেছেন এবং আপনি খুঁজে পাবেন। আপনি কি প্রশিক্ষণ দেওয়ার জন্য মানুষের সন্ধান করেছেন, নাকি অপেক্ষা করছেন কখন তারা আপনার কাছে আসবেন? তিনি 'সন্ধান' করতে বলেছেন, 'অপেক্ষা' নয়।*


*তবুও অন্যরা বলেন, 'নেতাদের কোথায় প্রশিক্ষণ দিতে শুরু করব?' যিশু দরজায় ধাক্কা দিতে বলেছেন এবং আপনার জন্য দরজা খুঁজে যাবে। আপনি কি দরজায় ধাক্কা দিয়েছেন? আপনি যদি বিশ্বাসের সাথে প্রথম পদক্ষেপ নেন, ঈশ্বর আপনাকে আশির্বাদ সহ পথ-প্রদর্শন করবেন।*

*অধিকাংশ সময়ে, আমাদের "শিক্ষণ বৃক্ষ" না থাকার কারণ, আমরা প্রশ্ন করিনা, ধাক্কা মারিনা, অথবা কাউকে সন্ধান করি না। যখন আমরা হৃদয়ের অন্তস্থল থেকে যিশুর আদেশাবলী মান্য করি , ঈশ্বর আমাদের কল্পনার অতীত প্রশিক্ষণ সুযোগ এনে দেন।*

*এই সরঞ্জাম আপনাকে অন্য নেতাদের প্রগতি, সমস্যা, পরিকল্পনা, অভ্যাস এবং প্রার্থনায় পথ-প্রদর্শন করতে সাহায্য করবে।"*

- গোষ্ঠির একজন নেতাকে প্রার্থনার মাধ্যমে অধিবেশনটি সমাপ্ত করতে বলুন।

*"আমাদের শিক্ষণ বৃক্ষের নেতাদের জন্য এবং আমাদের ছোট গোষ্ঠীতে গঠিত পরিকল্পনাগুলির জন্য প্রার্থনা করুন। পরবর্তী মাসে নেতা হিসাবে নিজেদের উন্নতির জন্য আমরা যে যে বিষয়গুলি অভ্যাস করব, সেই বিষয়গুলির জন্য প্রার্থনা করুন।"*



রয়
ফ্র্যানক
স্টিভ
যাচ
প্যাট্রিক
চার্লেস
এড
জেফ
জেন
টম
জন
কেইথ
ড্যান
যিশু

# ৩

# যিশুর মতো নেতৃত্ব

যিশু খ্রিষ্ট সর্বকালের মহান নেতা। তাঁর মতো কেউ কখনো এত মানুষকে প্রভাবিত করতে পারেননি। যিশুর নেতৃত্ব শৈলীর উপর ভিত্তি করে, পাঠ ৩ একজন মহান নেতার সাতটি গুনাবলীর সাথে পরিচয় ঘটায়। নেতারা এরপর তাদের নেতৃত্ব অভিজ্ঞতার শক্তি এবং দুর্বলতাকে জয় করতে পারেন। একটি গোষ্ঠী গঠন খেলা এই অধিবেশনের সমাপ্তি ঘটায়, যা «বিভাজিত নেতৃত্বের « শক্তি সম্পর্কে শিক্ষা দেয়৷

সকল উত্থান পতন নেতার হৃদয়ের উপর দিয়েই হয়, তাই আমরা দেখবো, যিশু কিভাবে তাঁর অনুগামীদের নেতৃত্ব দিয়েছেন, যাতে আমরা তাঁকে অনুকরণ করতে পারি। যিশু শেষ অবধি তাদের ভালবেসেছেন, তাঁর ধর্মপ্রচার কার্য্য অনুভব করেছেন, গোষ্ঠির সমস্যা জানতেন, তাঁর অনুগামীদের অনুসরণ যোগ্য উদাহরণ দিয়েছিলেন, তাদের প্রতি সদয় ছিলেন, এবং তিনি জানতেন ঈশ্বর তাঁর অনুগতদের আশির্বাদ করছেন। আমাদের হৃদয় থেকে সব কিছু উত্পন্ন হয়। অতএব আমাদের হৃদয় এমন হওয়া উচিত, যেখানে আমরা নেতা রূপে যাত্রা শুরু করতে পারি।

## প্রশংসা

- দুটি উপাসনা সঙ্গীত একত্রে করুন। এই অধিবেশনের জন্য একজন নেতাকে প্রার্থনা করতে বলুন।

# প্রগতি

- প্রশিক্ষণ ক্ষেত্রে, অপর একজন নেতাকে ঈশ্বর কিভাবে তার গোষ্ঠিকে আশির্বাদ করেছেন, সেই বিষয়ক একটি সংক্ষিপ্ত বিবৃতি(তিন মিনিট) দেবার জন্য অনুরোধ করুন। নেতা তার বিবৃতি দেওয়ার পরে, গোষ্ঠিকে বলুন তার জন্য প্রার্থনা করতে।
- অনুরুপভাবে, "প্রগতি", "সমস্যা", "পরিকল্পনা", "অভ্যাস", "প্রার্থনা" ইত্যাদি নেতৃত্ব প্রশিক্ষণ পদ্ধতি ব্যবহার করে একটি শিক্ষণ সময়ের নকশা তৈরি করুন।

# সমস্যা

*"পৃথিবীতে ভিন্ন নেতৃত্ব দক্ষতা সম্পন্ন অনেক নেতা আছেন। যিশুর অনুগামী রূপে, আমার নেতৃত্ব শৈলী কেমন হওয়া উচিত?"*

# পরিকল্পনা

*"যিশু খ্রিষ্ট সর্বকালের মহান নেতা। তাঁর মতো কেউ কখনো এত মানুষকে প্রভাবিত করতে পারেননি। এই পাঠে আমরা দেখবো যিশু কিভাবে অন্যদের নেতৃত্ব দিয়েছেন, যাতে আমরা তাঁকে অনুকরণ করতে পারি।"*

## পর্যালোচনা

**স্বাগতম**

যে গির্জা গঠন করেছিলেন?
সেটি এত গুরুত্বপূর্ণ কেন?
যিশু কিভাবে গির্জা গঠন করেছিলেন?
- ঈশ্বরে দৃঢ় হন
- যিশুর জীবন ও শিক্ষা প্রচার করুন
- অনুগামী গঠন করুন

গোষ্ঠী এবং গির্জা গঠন করুন
নেতা গঠন

*–আই কর্নিন্থীয়ানস ১১:১–আমি যেমন খ্রিষ্টের অনুকরণকারী, তেমনি আপনি আমার অনুকরণ কারী হন (এন এ এস)*

### যিশুর মতো প্রশিক্ষণ

যিশু কিভাবে নেতাদের প্রশিক্ষণ দিয়েছিলেন?
প্রগতি
সমস্যা
পরিকল্পনা
অভ্যাস
প্রার্থনা

*–লিউক ৬:৪০–একজন অনুগামী তার শিক্ষকের উপরে নন, কিন্তু যারা সম্পূর্ণরূপে প্রশিক্ষণ প্রাপ্ত, তারা তাদের প্রশিক্ষকের মতো।(এইছ সি এস বি)*

## যিশুকে সর্বকালের মহান নেতা কে বলেছেন?

–ম্যাথিউ ২০:২৫-২৮–
কিন্তু যিশু তাদের সকলে একত্রে আহ্বান জানালেন এবং বললেন, "তোমরা জানো, এই পৃথিবীর শাসক তাদের মানুষের উপরে প্রভুত্ব করেন, এবং সরকারী উচ্চপদস্থ কর্মচারীরা তাদের নিম্নপদস্থ কর্মচারীদের উপরে অধিকার ফলান। কিন্তু তোমার ক্ষেত্রে সেটি পৃথক হবে। তোমাদের মধ্যে যেই নেতা হতে চাও, সে অবশ্যই ভৃত্য হবে, এবং তোমাদের মধ্যে যে প্রথম হতে চাও, তাকে ক্রীতদাস হতে হবে। এমনকি মানব-পুত্র সেবা পেতে নয়, সেবা দিতে এসেছেন এবং অনেকের জন্য নিজের জীবন বিসর্জন দিতে এসেছেন।" (এন এল টি)

*"মহান নেতা একজন মহান ভৃত্য।"*

একজন সৈনিকের মতো অভিবাদন করুন এবং একত্রে হাত জোড় করুন এবং ভৃত্যের মতো মাথা নত করুন।

# একজন মহান নেতার সাতটি গুনাবলী কি?

–জন ১৩:১-১৭–
[১]পাস্কা ভোজের পরে, যিশু জানতেন তাঁর এই পৃথিবী ছেড়ে পিতার কাছে
যাওয়ার সময় হয়ে গেছে।তাঁর ভালোবাসার মানুষ, যারা এই পৃথিবীতে
আছেন, তাদের জন্য প্রভূত ভালোবাসা উজার করে দিলেন।
[২]নৈশ ভোজন বিতরণ হচ্ছিলো, এবং শয়তান যুদাস ইস্কারিয়ত, সিমনের
পুত্রকে তাঁর প্রতি বিশ্বাস ঘাতকতার বিষ বপন করেছিলো।
[৩]যিশু জানতেন যে পিতা তাঁকে সর্ব শক্তি দিয়েছেন, এবং তিনি পিতার
কাছ থেকে এসেছে, পিতার কাছেই ফিরে যাবেন।
[৪]তাই তিনি ভোজন থেকে উঠে পড়লেন,তাঁর বাইরের পোশাক পরিধান
করলেন এবং একটি তোয়ালে তাঁর কোমরে জড়ালেন।
[৫]তারপর, তিনি একটি পাত্রে জল ঢাললেন এবং তাঁর অনুগামীদের
পদসেবন করতে লাগলেন, তাঁর কোমরে জড়ানো তোয়ালে দিয়ে
তাদের পা শুষ্ক করে দিলেন।
[৬]তিনি সিমন পিটারের কাছে এলেন, সিমন বললেন, «প্রভু, আপনি কি
আমার পা ধুইয়ে দেবেন?"
[৭]যিশু প্রত্যুত্তরে বললেন, "তুমি এখন বুঝবে না আমি কি করছি, কিন্তু
পরে তুমি অনুধাবন করবে।"
[৮]"না", পিটার বললেন, "আপনি আমার পা ধোবেন না।" যিশু উত্তর
দিলেন, "আমি তোমার পা না ধুলে তুমি আমার অংশ হতে পারো না।"
[৯]"তাহলে, প্রভু," সিমন পিটার বললেন, "শুধু আমার পা নয় আমার হাত
এবং মাথাও ধুইয়ে দিন !"
[১০]যিশু উত্তর দিলেন, "একজন মানুষ যে তার স্নান সম্পূর্ণ করেছে
শুধুমাত্র তার পা ধোয়া ই প্রয়োজন; তার সমগ্র শরীর পরিষ্কার। এবং
তোমরা শুদ্ধ , যদিও তোমাদের সকলে নও।
[১১]তিনি জানতেন কে তাঁর সাথে বিশ্বাস ঘাতকতা করবেন, তাই তিনি
বললেন সকলে পরিষ্কার নন।
[১২]যখন তিনি তাদের পদসেবন সম্পূর্ণ করলেন, তিনি তাঁর পোশাক
পরিধান করলেন এবং নিজের স্থানে ফিরলেন। "তোমরা কি বুঝলে আমি
তোমাদের জন্য কি করলাম?" তিনি তাদের প্রশ্ন করলেন।
[১৩]"তোমরা আমাকে 'শিক্ষক' এবং 'প্রভু' বলো, এবং ঘটনাচক্রে আমি
তাই।
[১৪]এখন আমি, তোমাদের প্রভু এবং শিক্ষক, তোমাদের পদসেবন
করেছে, তোমাদেরও পরস্পরের পদসেবন করা উচিত।

[১৫]আমি একটা উদাহরণ তৈরি করলাম যে তোমাদের কি করা উচিত, যেমন আমি তোমাদের জন্য করলাম।
[১৬]আমি তোমাদের সত্য বলছি, কোনো ভৃত্য তার প্রভুর থেকে বড় হতে পারে না , তেমনি একজন দূত কখনই তার প্রেরকের থেকে বড় হতে পারেন না।
[১৭]এখন যেমন তোমরা এই সব কিছু জানো, তোমরা তা পালন করলে আশির্বাদ পুষ্ট হবে।

## ১. মহান নেতা মানুষকে ভালোবাসেন

*“স্তবক ১ এ, যিশুর ক্রুশ্বিদ্ধের আগে যিশু এবং তাঁর অনুগামীরা শেষ নৈশ ভোজন বিনিময় করছিলেন।বাইবেল বলে, যিশু জীবনের শেষ দিন অবধি তাদের ভালোবেসেছিলেন এবং শেষ নৈশ ভোজনে তিনি দেখিয়েছিলেন, তিনি তাদের কতটা ভালোবাসেন।*

*একজন নেতা হিসাবে, মানুষকে তার ভুল-ভ্রান্তির সময় ভালোবাসা কঠিন, কিন্তু যিশু যাদের নেতৃত্ব দিয়েছিলেন, তাদের জীবনের শেষ দিন অবধি ভালবেসেছেন।*

*একজন নেতা হিসাবে, মানুষকে ভালোবাসা কঠিন হয় ,যখন তারা আপনার সমালোচনা করেন; কিন্তু যিশু যাদের নেতৃত্ব দিয়েছিলেন, তাদের জীবনের শেষ দিন অবধি ভালবেসেছেন।*

*একজন নেতা হিসাবে, মানুষকে ভালোবাসা কঠিন হয়, যখন তারা আপনাকে নত করেন, কিন্তু যিশু যাদের নেতৃত্ব দিয়েছিলেন, তাদের জীবনের শেষ দিন অবধি ভালবেসেছেন।”*

মানুষকে ভালবাসুন
হাত দিয়ে বুক চাপড়ান।

## ২. মহান নেতা তার ধর্মপ্রচার কার্য্য সম্মন্ধে জানেন

*“স্তবক ৩ এ, বাইবেল বলে যে যিশু জানতেন তিনি কোথা থেকে এসেছেন, তিনি কোথায় যাচ্ছেন, এবং ঈশ্বর তাঁকে সর্ব শক্তি প্রদান করেছেন।*

*যিশু জানতেন তিনি একটি উদ্দেশ্যে পৃথিবীতে এসেছেন।*

*যিশু জানতেন তিনি আমাদের পাপের কারণে পৃথিবীতে ক্রুশ বিদ্ধ হয়ে মারা যাবেন।*

*যিশু জানতেন তিনি পৃথিবীতে শয়তানকে পরাজিত করতে এবং আমাদের ঈশ্বরের কাছে ফিরিয়ে দিতে এসেছেন।*

*ঈশ্বর প্রতি মানুষকে একটি বিশেষ উদ্দেশ্য দিয়ে পৃথিবীতে পাঠান। মহান নেতারা তাদের কার্য্য জানেন এবং অন্যদের অনুসরণ করতে উত্সাহিত করেন।”*

তাদের কার্য্য জানুন
সৈনিকের মতো অভিবাদন জানান এবং মাথা নেড়ে “হ্যাঁ” বলুন।

## ৩. মহান নেতা তাদের অনুগামীদের সেবা করেন

*“স্তবক ৪ এ , যিশু ভোজন থেকে উঠে পড়লেন এবং তাঁর বাইরের পরিচ্ছদ নিলেন। তারপর, তিনি একটি তোয়ালে তাঁর কোমরে জড়ালেন এবং তাঁর অনুগামীদের পা ধোয়াতে লাগলেন।*

*পৃথিবীর নেতারা আশা করেন, অনুগামীরা তার সেবা করবেন। যিশুর মতো নেতারা তাদের অনুগামীদের সেবা করেন।*

*পৃথিবীর নেতারা তাদের নেতৃত্ব দেন, তাদের উপর প্রভুত্ব করেন এবং অধিকার ফলান। যিশুর মতো নেতারা তাদের অনুসরণকারীদের ক্ষমতা প্রদান করেন।”*

*“পৃথিবীর নেতারা নিজেদের দিকে কেন্দ্রস্থ থাকেন, যাদের নেতৃত্ব দিচ্ছেন, তাদের দিকে নয়। পরিবর্তে, যিশুর মতো নেতারা অনুগামীদের প্রয়োজনের*

*প্রতি দৃষ্টিপাত করেন, তারা জানেন ঈশ্বর তাদের চাহিদা পুরনো করবেন, কারণ তারা অন্যদের কোথা ভাবেন। ঈশ্বর আমাদের আশির্বাদ করেন, যখন আমরা অন্যদের ভালো চাই।*

তাদের অনুগামীদের সেবা করুন
শাস্ত্রীয় ভঙ্গিতে দুটি হাত রাখুন।

## ৪. মহান নেতা সদয় হয়ে ভুল সংশোধন করেন

*স্তবক ৬ থেকে ৯ তে, পিটার বহু ভুল করেছেন, কিন্তু প্রতি ক্ষেত্রে যিশু দয়ার সাথে তার ভান্তি সংশোধন করেছেন।*

*পিটার যিশুকে তার পা ধৌত করতে বারণ করেছিলেন। যিশু বলেছিলেন, এটি তাদের বন্ধুত্বের জন্য প্রয়োজনীয়। তিনি সদয় হয়ে তার ভুল ভাঙিয়ে দিয়েছিলেন।*

*পিটার তারপর বললেন তার সম্পূর্ণ শরীর ধৌত করতে। যিশু তাকে বললেন, সে আগে থেকেই পরিষ্কার, পুনরায় তাকে দয়ার সাথে সংশোধন করলেন।*

*পৃথিবীর নেতারা মানুষের সমালোচনা করেন, দোষারোপ করেন এবং তাদের নিম্নগামী করেন। যিশুর মতো নেতারা তদের দয়ার সাথে সংশোধন করেন, তাদের অনুগামীদের উত্সাহিত করেন এবং তাদের উর্ধগামী করেন।”*

দয়ার সাথে সংশোধন করুন
উভয় হাতের তর্জমা এবং বৃদ্ধাঙ্গুষ্ঠ দিয়ে একটি হৃদয় চিহ্ন করুন।

## ৫. মহান নেতা তার গোষ্ঠির বর্তমান সমস্যা জানেন

*“স্তবক ১০ এবং ১১ এ, বাইবেল আমাদের বলে যে যিশু জানতেন যুদাস গোষ্ঠির একটি সমস্যা এবং তাঁর সাথে বিশ্বাস ঘাতকতা করবেন।*

*গোষ্ঠির সমস্যার মূল কেন্দ্র অনুধাবন করা এবং তার মোকাবিলা করা নেতৃত্বের একটি গুরুত্বপূর্ণ অংশ। বহু নেতা গোষ্ঠির সমস্যার থেকে দুরে সরে থাকতে চান, কিন্তু তাতে সমস্যা বৃহত্তর হয়ে ওঠে।*

*লক্ষ্য করুন যিশু যুদাসের সাথে ব্যবহারে নিজেকে নিয়ন্ত্রণ করে রেখেছিলেন, তিনি জানতেন, ঈশ্বর ই একমাত্র একজন যিনি অশুভ ক্রিয়ার শোধ নেন, নেতারা নন।"*

গোষ্ঠীতে সমস্যা
মাথার পাশে হাত রাখুন, যেন আপনার মাথা যন্ত্রণা হচ্ছে।

## ৬. মহান নেতা অনুসরণ যোগ্য উদাহরণ দেন

*"স্তবক ১২ থেকে ১৬এ , যিশু বর্ণনা করেন তিনি কেন তাঁর অনুগামীদের পদসেবন করেন। তিনি তাদের নেতা, তবুও তিনি তাদের পদসেবন করেন, যা একটি ভৃত্যের কার্য্য। যিশু তাঁর অনুগামীদের দেখান নেতৃত্ব পরস্পরের সেবা অন্তর্ভুক্ত করে।*

*অনুগামীরা অনুধাবন করেন এবং তাদের নেতাকে অনুকরণ করেন। যদি আমরা যিশুকে অনুসরণ করি, যারা আমাদের নেতা রূপে অনুসরণ করেন, তারা প্রকৃত পক্ষে যিশুকেই অনুসরণ করছেন।"*

ভালো উদাহরণ দিন
স্বর্গ রাজ্যের দিকে ইঙ্গিত করুন এবং মাথা নেড়ে বলুন «হ্যাঁ»।

## ৭. মহান নেতা জানেন যে তারা আশির্বাদ পুষ্ট

*"স্তবক ১৭ এ, যিশু তাঁর অনুগামীদের বলেন, ঈশ্বর তাদের আশির্বাদ করবেন, যেহেতু তারা অন্যদের সেবার মাধ্যমে নেতৃত্ব দেন।*

*অন্যদের নেতৃত্ব দেওয়া কখনো কখনো কঠিন হয়, কিন্তু যারা যিশুকে অনুসরণ করেন, তারা জানেন যে তারা আশির্বাদ পুষ্ট।*

*অন্যদের নেতৃত্ব দেওয়া কখনো কখনো একান্ত হয়, কিন্তু যিশু তাদের আশির্বাদ করেন, যারা তাঁর উপস্থিতিতে নেতৃত্ব দেন।*

*অনুগামীরা সর্বদা তাদের নেতাকে তারিফ করেন না, কিন্তু যখন আমরা সেবার মাধ্যমে অন্যদের নেতৃত্ব দেওয়ার যিশুর উদাহরণ অনুসরণ করি, যিশু আমাদের ঈশ্বরের সহায়তার অঙ্গীকার করেন।"*

জানুন তারা আশির্বাদপুষ্ট
স্বর্গ রাজ্যের দিকে হাত তুলে প্রশংসা করুন।

## স্মৃতিচারণ

–জন ১৩: ১৪-১৫–
এখন আমি, তোমাদের প্রভু এবং শিক্ষক, তোমাদের পদসেবন করেছে, তোমাদেরও পরস্পরের পদসেবন করা উচিত।আমি একটা উদাহরণ তৈরি করলাম যে তোমাদের কি করা উচিত, যেমন আমি তোমাদের জন্য করলাম।

- প্রত্যেকে উঠে দাড়ান এবং একত্রে দশ বার স্মৃতিচারণ করুন। প্রথম ছয় বার, শিক্ষাত্রীরা বাইবেল অথবা শিক্ষা-বিবরণী ব্যবহার করেন। শেষ চারবার, তারা স্মৃতি থেকে স্লোক পাঠ করেন। শিক্ষাত্রীদের প্রতি ক্ষেত্রে স্লোক পাঠ করার আগে স্লোক-সুত্র বলুন এবং পাঠ শেষ হওয়ার পরে বসুন।
- এই নিয়ম অনুসরণ করলে প্রশিক্ষকদের বুঝতে সুবিধা হয়, "অভ্যাস" অধিবেশনে কোন গোষ্ঠী পাঠ সম্পূর্ণ করলো।

# অভ্যাস

- নেতাদের চারজনের একএকটি গোষ্ঠীতে ভাগ করুন।

*"এখন, আমরা একই প্রশিক্ষণ প্রক্রিয়া ব্যবহার করবো, যা যিশু নিজে অভ্যাস করবেন এবং আমরা এই নেতৃত্ব পাঠে শিখেছি।"*

- নেতাদের সমগ্র প্রশিক্ষণে প্রতিটি পর্যায় অনুসরণ করবেন, প্রতিটি বিভাগ ৭-৮ মিনিট করে আলোচনা করতে দিন|

## প্রগতি

*“মহান নেতার সাতটি গুনাবলীর মধ্যে কোনটি আপনার পক্ষ্যে সর্বাপেক্ষা সহজ, তা গোষ্ঠির সাথে বিনিময় করুন|”*

## সমস্যা

*“মহান নেতার সাতটি গুনাবলীর মধ্যে কোনটি আপনার পক্ষ্যে সর্বাপেক্ষা সাহসী, তা গোষ্ঠির সাথে বিনিময় করুন|”*

## পরিকল্পনা

*“যিশুর নেতৃত্ব উদাহরণ অনুসরণ করার জন্য একটি কার্য্য বিনিময় করুন, যা আপনি আপনার গোষ্ঠিকে পরবর্তী ৩০দিন করার জন্য নেতৃত্ব দেবেন|”*

- প্রত্যেকের তাদের সঙ্গীর পরিকল্পনা নথিবদ্ধ করে রাখা উচিত, যাতে তারা তাদের জন্য পরে প্রার্থনা করতে পারেন|

## অভ্যাস

*“নিজের গোষ্ঠীতে একজন নেতা হিসাবে নিজেকে উন্নত করার জন্য যে শৈলী পরবর্তী ৩০দিন অভ্যাস করবেন, তা বিনিময় করুন|”*

- প্রত্যেকে তার সঙ্গীর অভ্যাস বিষয় নথিবদ্ধ করে রাখেন, যাতে তারা পরে তার জন্য প্রার্থনা করতে পারেন|
- প্রত্যেকে তার শৈলী বিনিময় করার পরে, গোষ্ঠী সদস্য উঠে দাড়ান এবং স্মৃতিচারণ একত্রে দশবার পাঠ করেন|

## প্রার্থনা

*“একজন নেতা রূপে আপনি পরস্পরের পরিকল্পনা এবং পরবর্তী ৩০দিনের অভ্যাসের জন্য শৈলীর উন্নতিকল্পে প্রার্থনা করুন।”*

# সমাপ্তি

## চিনলন

- ছয়জন সেচ্ছাসেবীদের তাদের চিনলন* ক্ষমতা গোষ্ঠীকে দেখাতে বলুন। কক্ষের মাঝে একটি গোলাকারে তাদের খেলতে সাহায্য করুন।

  *“আমি একটি বিখ্যাত চিনলন দলকে আহ্বান করেছি তাদের দক্ষতা প্রদর্শনের জন্য। তাদের অভ্যর্থনার জন্য আসুন সকলে হাততালি দিই।”*

- খেলোয়াড়দের এমনভাবে সাজান, যাতে একজন গোষ্ঠির সামনে থাকেন “দলনেতা” হিসাবে।অন্যদের বলুন দলনেতাকে মুখোমুখি রেখে দুটি সারিতে বিভক্ত হতে।

  *“প্রথমে, আমাদের বিখ্যাত চিনলন দল দেখাবে, কি ভাবে ‘গ্রিক’ পদ্ধতিতে চিনলন খেলা হয়। তারা যে নিয়ম অনুসরণ করবেন, তা ভালো করে শুনুন। প্রতি মানুষ অবশ্যই দলনেতাকে চিনলন বল পায়ে করে দেবে।দলনেতা বল নেওয়ার পরে, তিনি সেই বল অন্য একজন খেলোয়াড়কে দেবেন। যদি কোনো খেলোয়াড় দলনেতাকে বল না দিয়ে অন্য খেলোয়াড় কে দেয়,আমরা তাকে দন্ডিত করবো।”*

- দলকে বলুন “গ্রিক”পদ্ধতিতে চিনলন খেলা দেখাতে। এই ভাবে চিনলন খেলা খেলোয়াড়দের পক্ষে অদ্ভুত এবং বিভ্রান্তিকর। সমন্বয়পুর্ণ ভাবে, সেই মানুষদের ধরুন, যারা দলনেতাকে বল না দিয়ে অন্য খেলোয়াড়কে দিচ্ছেন। চিত্‌কার করুন, “দন্ড!” তাদের ভুল সংশোধন করুন এবং দেখান যে তাদের বল শুধুমাত্র দলনেতাকে দেওয়া উচিত।

*"যখন তারা এভাবে চিনলন খেলে, কি ঘটে? (এই নিয়মে খেলাটি কঠিন। খেলোয়াড় ক্লান্ত হয়ে যায়। এতে কোনো আনন্দ পাওয়া যায়না)*

- এখন, খেলোয়াড়দের বলুন সাধারণ চিনলন গোলাকার করতে, কিন্তু "দলনেতা"কে মাঝখানে রাখুন।

  *"এই বার আমরা চিনলন দলকে হিব্রু পদ্ধতিতে খেলতে দেখবো, একজন দলনেতার সাথে যিনি সবকিছু নিয়ন্ত্রণ করতে চেষ্টা করেন। আমরা আগের মতো একই নিয়ম পালন করবো- খেলোয়াড়দের অবশ্যই দলনেতাকে বল দিতে হবে, যিনি অন্যদের বল দেবেন।"*

- দল এই সময়ে ভালো খেলবে, কিন্তু কিছু মুহূর্ত খেলার পরে দলনেতা ক্লান্ত হয়ে পরবেন। কোনো দন্ডের জন্য সমন্বয়পুর্ণ ভাবে বলুন, যদি খেলোয়াড় দলনেতার বদলে অন্য কাউকে বল দিয়ে দেয়।

  *"যখন তারা এইভাবে চিনলন খেলেন, কি ঘটে?" (দলনেতা অধিক পরিশ্রম করেন এবং খুব ক্লান্ত হয়ে পরেন। খেলোয়াড় প্রচুর ভুল করেন। এটি ক্লান্তকর হয়ে দাড়ায়।*

- দলনেতা সহ প্রতি মানুষ নিয়ে, শাস্ত্রীয় চিনলন গোলাকার তৈরি করুন। বলুন, প্রতিবার তাদের দলনেতাকে বল দেওয়ার দরকার নেই। তাদের সাধারণ ভাবে চিনলন খেলতে বলুন, যেভাবে তারা খেলেন।

  *"এখন, আমরা বিখ্যাত চিনলন দলকে সত্যিকারের হিব্রু পদ্ধতিতে চিনলন খেলতে দেখবো।"*

- তাদের কিছু মুহূর্ত খেলতে দিন যতক্ষণ না অধিবেশনের প্রত্যেকে তাদের খেলা দেখে আনন্দ উপভোগ করছেন এবং তাদের খেলা সম্পর্কে মন্তব্য করছেন।



*"যখন তারা এই ভাবে চিনলন খেলে, কি ঘটে? (সমগ্র দল অংশগ্রহণ করেন। সমগ্র দল সফল হয়। তারা অসাধারণ খেলা খেলেন।)*

*এই তৃতীয় চিনলন খেলা পদ্ধতিটি ভৃত্য নেতৃত্বের একটি ভালো উদাহরণ।দলনেতা দলের প্রত্যেককে সাহায্য করেছেন, অংশ গ্রহণ করেছেন। নেতা সবকিছু নিয়ন্ত্রণ করার চেষ্টা করেননি, বরং অন্যদের তাদের নিজস্ব শৈলী প্রকাশের স্বাধীনতা দিয়েছেন। এই নেতৃত্বের উদাহরণ যিশু আমাদের অনুসরণ করার জন্য দিয়েছেন।"*

- গোষ্ঠির একজন নেতাকে প্রার্থনার মাধ্যমে অধিবেশনটি সমাপ্ত করতে বলুন।

*"আমাদের নেতা রূপে, যাতে আমরা যিশুর মতো নেতৃত্ব দিতে পারি এবং আমাদের ছোট গোষ্ঠীতে গঠিত পরিকল্পনাগুলির জন্য প্রার্থনা করুন। পরবর্তী ৩০ দিনে নেতা হিসাবে নিজেদের উন্নতির জন্য আমরা যে যে বিষয়গুলি অভ্যাস করব, সেই বিষয়গুলির জন্য প্রার্থনা করুন।"*

**চিনলন একটি খেলার নাম, যা সাধারণত ম্যায়ান্মারে পুরুষ দ্বারা খেলা হয়। অংশ গ্রহণকারীরা একটি গোলাকৃতি তৈরি করেন এবং পা দিয়ে একটি বেতের বল পরস্পরের দিকে পাঠান। চিনলনের উদ্দেশ্য হলো বলটিকে যতক্ষণ সম্ভব মাটিতে পড়তে না দেওয়া। খেলোয়াড় বিশেষ লাথি অভ্যাস করেন এর জন্য এবং অন্যদের প্রভাবিত করেন।দর্শক এবং অংশগ্রহণকারীদের সাধুবাদ আসে উচ্চতা অনুযায়ী সঠিক বল দেওয়ার উপরে।*

*এশিয়া জুড়ে মানুষ চিনলন খেলেন, কিন্তু প্রতি দেখে এই খেলার ভিন্ন নাম আছে। আপনি যে অঞ্চলে প্রশিক্ষণ দিচ্ছেন, সেই আঞ্চলিক বসবাসকারীদের কাছ থেকে এই খেলার নাম জানুন।*

*যদি আপনার প্রশিক্ষণ এলাকায় "চিনলন" এর মতো খেলা না থাকে, তাহলে আপনাকে বলের বিকল্প খুঁজে নিতে হবে। একটি বেলুন ব্যবহার করুন এই প্রশিক্ষণের জন্য।*

# ৪

# শক্তিশালী হন

যে নেতাদের আপনি প্রশিক্ষণ দেন, তারা গোষ্ঠীকে নেতৃত্ব দিচ্ছেন এবং জানছেন, অন্যদের নেতৃত্ব দেওয়া কতটা চাহিদা পূর্ণ হতে পারে।নেতারা উল্লেখ যোগ্য ভাবে গোষ্ঠির বাইরে আধ্যাত্মিক সংগ্রামের এবং গোষ্ঠির মধ্যে ব্যক্তিত্ব ভিন্নতার বিভিন্ন সমস্যার মুখোমুখি হন। একজন কার্যকারী নেতা ভিন্ন ব্যক্তিত্ব প্রকার চিনিহত করেন এবং শেখেন কি ভাবে একটি গোষ্ঠী হিসাবে সকলের সাথে কাজ করা যায়। "শক্তিশালী হন" পাঠটি নেতাদের একটি সরল পথ দেখায়, কি ভাবে মানুষের ব্যক্তিত্ব ধরণ আবিষ্কার করতে হয় । যখন আমরা বুঝতে পারি, ঈশ্বর কি ভাবে আমাদের গঠন করেছেন, আমরা সঠিক পথ খুঁজে পাই, কিভাবে আমরা তাঁর কাছে শক্তিশালী হয়ে উঠবো।

আটটি ব্যক্তিত্ব ধরণ আছে: সৈনিক, মেষপালক, বপক, পুত্র/কণ্যা, সন্ত, ভৃত্য এবং গোমস্তা। নেতাদের তাদের ব্যক্তিত্ব ধরণ আবিষ্কারে সাহায্য করার পরে, প্রশিক্ষণ প্রতি ধরনের শক্তি এবং দুর্বলতা সম্পর্কে আলোচনা করেন। বহু মানুষ মনে করেন, ঈশ্বর সেই সকল মানুষকে ভালোবাসেন, যারা তাদের সংস্কৃতির অধিক মূল্য দেয়। অন্য নেতারা মনে করেন, ব্যক্তিত্ব ধরনের উপরে নেতৃত্ব ক্ষমতা নির্ভর করে। এই সীমিত ধারণা সত্যি নয়। অধিবেশনটি এই বিষয়ের উপরে জোর দিয়ে সমাপ্ত হয় যে, প্রতি নেতাকে বিশেষ ব্যক্তিত্ব রূপে প্রতি মানুষের সাথে ব্যবহার করতে হবে।নেতৃত্ব প্রশিক্ষণ প্রত্যেকের চাহিদার দিকে খেয়াল রাখে, সকলের জন্য একই রকম ব্যবহার হয় না।

# প্রশংসা

- দুটি উপাসনা সঙ্গীত একত্রে করুন। এই অধিবেশনের জন্য একজন নেতাকে প্রার্থনা করতে বলুন।

# প্রগতি

- প্রশিক্ষণ ক্ষেত্রে, অপর একজন নেতাকে ঈশ্বর কিভাবে তার গোষ্ঠিকে আশির্বাদ করেছেন, সেই বিষয়ক একটি সংক্ষিপ্ত বিবৃতি(তিন মিনিট) দেবার জন্য অনুরোধ করুন। নেতা তার বিবৃতি দেওয়ার পরে, গোষ্ঠিকে বলুন তার জন্য প্রার্থনা করতে।
- অনুরুপভাবে, "প্রগতি», "সমস্যা»,"পরিকল্পনা»,অভ্যাস»,"প্রার্থনা» ইত্যাদি নেতৃত্ব প্রশিক্ষণ পদ্ধতি ব্যবহার করে একটি শিক্ষণ সময়ের নকশা তৈরি করুন।

# সমস্যা

*"নেতারা সাধারণত ভুল করে আশা করেন যে অনুগামীরা একই রকম ব্যবহার করবেন। ঈশ্বর, বিভিন্ন ব্যক্তিত্বের মানুষ গঠন করেছেন।একজন কার্যকারী নেতা ভিন্ন ব্যক্তিত্ব প্রকার চিন্হিত করেন এবং শেখেন কি ভাবে একটি গোষ্ঠী হিসাবে সকলের সাথে কাজ করা যায়।*

*যিশু একজন পুত্র এবং তাঁর পরিবারে তিনি ভালোবাসা এবং একতা দেখতে চান।ভিন্ন ব্যক্তিত্বকে বুঝতে পারলে আমরাও অন্যদের আরো ভালোবাসতে পারবো।"*

# পরিকল্পনা

*"এই পাঠে, আমরা আটটি ভিন্ন ব্যক্তিত্ব ধরণ সম্পর্কে জানবো। আপনি আবিষ্কার করবেন, ঈশ্বর আপনাকে কোন ব্যক্তিত্ব ধরণ দিয়েছেন, এবং*

*কিভাবে অন্যদের তাদের ব্যক্তিত্ব ধরণ জানবার জন্য আপনি সাহায্য করবেন।যখন প্রতি বিশ্বাসী অনুভব করেন, ঈশ্বর কিভাবে তাদের গঠন করেছেন, তারা প্রভুর সাথে আরো শক্তিশালী হয়ে ওঠেন।"*

# পর্যালোচনা

**স্বাগতম**

যে গির্জা গঠন করেছিলেন?
সেটি এত গুরুত্বপূর্ণ কেন?
যিশু কিভাবে গির্জা গঠন করেছিলেন?
ঈশ্বরে দৃঢ় হন
যিশুর জীবন ও শিক্ষা প্রচার করুন
অনুগামী গঠন করুন
গোষ্ঠী এবং গির্জা গঠন করুন
নেতা গঠন

*–আই কর্নিন্থীয়ানস ১১:১–আমি যেমন খ্রিষ্টের অনুকরণকারী, তেমনি আপনি আমার অনুকরণ কারী হন (এন এ এস)*

## যিশুর মতো প্রশিক্ষণ

যিশু কিভাবে নেতাদের প্রশিক্ষণ দিয়েছিলেন?
প্রগতি
সমস্যা
পরিকল্পনা
অভ্যাস
প্রার্থনা

*–লিউক ৬:৪০–একজন অনুগামী তার শিক্ষকের উপরে নন, কিন্তু যারা সম্পূর্ণরূপে প্রশিক্ষণ প্রাপ্ত, তারা তাদের প্রশিক্ষকের মতো।(এইছ সি এস বি)*

### যিশুর মতো নেতৃত্ব

যিশু একজন মহান নেতা?

একজন মহান নেতার সাতটি গুনাবলী কি?


১. মহান নেতা মানুষকে ভালোবাসেন
২. মহান নেতা তাদের ধর্মপ্রচার কার্য্য সম্পর্কে জানেন
৩. মহান নেতা তাদের অনুগামীদের সেবা করেন।
৪. মহান নেতা সদয় হয়ে সংশোধন করেন
৫. মহান নেতা গোষ্ঠির বর্তমান সমস্যা জানেন
৬. মহান নেতা অনুসরণ যোগ্য ভালো উদাহরণ দেন
৭. মহান নেতা জানেন তারা আশির্বাদ পুষ্ট

*–জন ১৩: ১৪-১৫–এখন আমি, তোমাদের প্রভু এবং শিক্ষক, তোমাদের পদসেবন করেছে, তোমাদেরও পরস্পরের পদসেবন করা উচিত।আমি একটা উদাহরণ তৈরি করলাম যে তোমাদের কি করা উচিত, যেমন আমি তোমাদের জন্য করলাম।*

## আপনাকে ঈশ্বর কোন ব্যক্তিত্ব দিয়েছেন?


- নেতাদের তাদের খাতায় একটি পরিষ্কার কাগজে একটি বড় বৃত্ত আঁকতে বলুন।

*“যে বৃত্ত আমি আঁকছি, তা পৃথিবীর সকল মানুষের প্রতিভূ।”*



- নেতাদের বৃত্তের মাঝ বরাবর একটি আড়াআড়ি রেখা আঁকতে বলুন, যাতে বৃত্তকে অর্ধাকার করা যায় | বৃত্তের ডান দিকে ‘‘সম্পর্ক’’ এবং বামদিকে ‘‘কার্য্য’’ লিখুন |

*‘‘প্রতি মানুষ এই দুই গোষ্ঠির একটির অন্তর্ভুক্ত: মানুষ যারা বেশি ‘‘কার্য্য-কেন্দ্রস্থ’’ এবং মানুষ যারা বেশি ‘‘সম্পর্ক’’ কেন্দ্রস্থ | ঈশ্বর দুই প্রকার মানুষ গঠন করেছেন, সুতরাং কেউ একজন ভালো অথবা খারাপ নয়;এটি ঈশ্বরের নিয়ম | রেখাতে একটি দিকে বিন্দু অঙ্কন করুন, যে দিকে আপনি নিজেকে দেখতে চান |*





*(একজন বেশি কার্য্য-কেন্দ্রস্থ মানুষ রেখার বামদিক বরাবর বিন্দু আঁকবেন | একজন বেশি সম্পর্ক-কেন্দ্রস্থ মানুষ ডান দিক বরাবর বিন্দু আঁকবেন | যদি কোনো মানুষ অর্ধ সম্পর্ক কেন্দ্রস্থ এবং অর্ধ কার্য্য কেন্দ্রস্থ হন, তাকে বলুন রেখার মাঝ বরাবর বিন্দু আঁকতে, কিন্তু ডানদিক অথবা বামদিক, যেকোনো একটি দিক বরাবর |)*

*‘‘আপনার ফলাফল একজন প্রতিবেশীর সাথে বিনিময় করুন এবং দেখুন আপনার প্রতিবেশী আপনার সাথে একমত হয় কিনা | এই কার্যের জন্য পাঁচ মিনিট সময় নিন |’’*

- একজন নেতাকে লম্বালম্বি রেখা আঁকতে বলুন, যাতে বৃত্তটিকে সমান চারভাগে ভাগ করা যায় |বৃত্তের উপরে ‘‘বহির্মুখী’’ এবং নিচে ‘‘অন্তর্মুখী’’ লিখুন |

*"এই পৃথিবীতে আরো দুই প্রকার মানুষ আছেন: কেউ বেশি "বহির্মুখী"এবং কেউ বেশি "অন্তর্মুখী"। কোনো প্রকারই ভালো অথবা খারাপ নয়। এটি ঈশ্বরের নিয়ম।*


*লম্বালম্বি রেখাতে আপনার পছন্দমতো একটি জায়েগা পছন্দ করুন, যেটি আপনাকে প্রকাশ করেন।"*





*(একজন বহির্মুখী মানুষ বৃত্তের রেখার উপরের দিকে চিহ্ন দেবেন। একজন অন্তর্মুখী মানুষ বৃত্তের রেখার নিচের দিকে চিহ্ন দেবেন। যদি মানুষটি অর্ধ বহির্মুখী এবং অর্ধ অন্তর্মুখী হন, তাদের বলুন রেখার মাঝ বরাবর চিহ্ন অঙ্কন করতে, কিন্তু উপরদিক অথবা নিচেরদিক, যেকোনো একটি দিক বরাবর।)*

*"আপনার ফলাফল একজন প্রতিবেশীর সাথে বিনিময় করুন এবং দেখুন আর্নার প্রতিবেশী আপনার সাথে একমত হন কিনা। এই কার্যের জন্য তিন মিনিট সময় নিন।"*

- নেতাকে বলুন দুটি আড়াআড়ি রেখা (একটি "X") আঁকতে, যাতে বৃত্তটি সমান আটটি ভাগে বিভক্ত হয়।
- নেতারা এরপর বিন্দু বিন্দু রেখা অঙ্কন করেন, যাতে বুঝতে সুবিধা হয়, কোন অংশে তাদের ব্যক্তিত্ব প্রকাশিত হয়।
- নিম্নলিখিত উদাহরণ মানুষের ব্যক্তিত্বের একটি সম্পূর্ণ নকশা প্রদর্শন করে।




- ৯:০০-১০:৩০ অংশ থেকে আরম্ভ করে ঘড়ির কাঁটা অনুযায়ী ঘুরুন এবং আট প্রকার ব্যক্তিত্ব বর্ণনা করুন:
- শূন্যস্থানে ব্যক্তিত্ব ধরনের নাম লিখুন, তাদের ইতিবাচক এবং নেতিবাচক গুনাবলী বর্ণনার সাথে সাথে৷



## সৈনিক

- বড় কার্য্য, অন্তর্মুখীর তুলনায় একটি বেশি বহির্মুখী।
- ইতিবাচক গুনাবলী: জয়ের জন্য প্রয়োজনীয় জিনিস দেখেন, দৃঢ় এবং সম্মানী, "যাই হয়ে যাক না কেন" মনোভাব।
- নেতিবাচক: হয়েত কর্তৃত্বকারী এবং অসংবেদনশীল, হয়েত ছোট যুদ্ধে জয়ী হবেন, কিন্তু বড় সংগ্রামে পরাজিত হবেন।

## সন্ধানী

- বেশি বহির্মুখী, সম্পর্কের থেকে একটু বেশি কার্য্য কেন্দ্রস্থ।
- ইতিবাচক গুনাবলী: নতুন সুযোগ দেখেন, ভালো যোগাযোগ থাকে, ব্যবসায়ে ঝুঁকি নিতে পারেন।
- নেতিবাচক দিক: হয়েত আনন্দ খোঁজেন, কোনো একটি কার্যের প্রতি মনোযোগী নন, হয়েত ভাবেন, নতুন কিছু সর্বদা ভালো হয়।

## মেষপালক

- বেশি বহির্মুখী, কার্যের তুলনায় সম্পর্কে একটু বেশি কেন্দ্রস্থ।
- ইতিবাচক দিক: মানুষের আধ্যাত্মিক চাহিদার খেয়াল রাখেন, গোষ্ঠীকে নেতৃত্ব দিতে পছন্দ করেন, এবং মানুষের মানসিক সংগ্রামে সাহস যোগান।
- নেতিবাচক দিক: হয়েত প্রভুত্ব করতে ভালোবাসেন, সংঘাত শুরু করতে পারেন, বিদ্যমান নেতৃত্বের সাথে সহায়তার ক্ষেত্রে প্রতিদ্বন্দিতা করতে পারেন।

## বপক

- বেশি সম্পর্ক কেন্দ্রস্থ, অন্তর্মুখীর তুলনায় একটু বেশি বহির্মুখী।
- ইতিবাচক দিক: মানুষের মধ্যে সম্ভাবনা খুঁজে পান, তালিম দেন, ক্রমাগত নিজের সার্বিক উন্নতি ঘটাতে থাকেন।
- নেতিবাচক দিক: হয়েত শত্রতা বপন করেন, উত্সাহের অভাবের বিরুদ্ধে সংগ্রাম করেন, অধিকাংশ সময়ে নিজের পছন্দের বিষয় নিয়ে কথা বলতে থাকেন।

## পুত্র অথবা কণ্যা

- বেশি সম্পর্ক কেন্দ্রস্থ, একটু বেশি অন্তর্মুখী।
- ইতিবাচক দিক: অন্যরা যেন নিজেদের "পরিবারের অংশ) বলে মনে করে, সেই দিকে খেয়াল রাখেন, শান্তি বজায় রাখেন, এবং প্রতি মানুষের গুরুত্ব বজায় রাখেন।
- নেতিবাচক দিক: বিশ্বাস করতে পারেন, যে তাদের পরিবার "সর্বাপেক্ষা সেরা", হয়েত হিংসা এবং নিরাপত্তাহীনতায় ভুগতে পারেন।

## সন্ত

- বেশি অন্তর্মুখী, কার্যের তুলনায় বেশি সম্পর্ক কেন্দ্রস্থ।
- ইতিবাচক দিক: ঈশ্বরের সাথে মানুষ কিভাবে যোগ সংযোগ স্থাপন করেন, সেটি খেয়াল রাখেন; ঐতিহ্য বজায় রাখেন, সংঘের নৈতিক কণ্ঠ।
- নেতিবাচক দিক: নিজেকে এমন ভাবে তুলে ধরেন, যেন "আমি আপনার থেকে বেশি পবিত্র", অন্যদের স্বীকার করে নিতে সংগ্রাম করেন, কখনো কখনো আইনী মনোভাব।

## ভৃত্য

- বেশি অন্তর্মুখী, সম্পর্কের তুলনায় বেশি কার্য্য কেন্দ্রস্থ।
- ইতিবাচক দিক: কিভাবে মানুষের বাহ্যিক চাহিদা পূর্ণ করতে হবে, সেটি দেখেন; বিশ্বস্ত, পর্দার পিছনে নিজেকে রেখে সকল কার্য্য করেন।
- নেতিবাচক দিক: সকলের সেবা করেন কিন্তু নিজের পরিবারের দিকে খেয়াল রাখেন না, পরিবর্তন খুব দ্রুত মেনে নিতে পারেন না, বড় চিত্র দেখতে অসুবিধা বোধ করেন।

## গোমস্তা

- বেশি কার্য্য কেন্দ্রস্থ, অন্তর্মুখী।
- ইতিবাচক দিক: সংগৃহীত বস্তুর সঠিক প্রয়োগ জানেন, জ্ঞানী, এবং বাস্তব বুদ্ধি সম্মত।

- নেতিবাচক দিক: হয়েত আমলাতন্ত্রে বিশ্বাসী, সহানুভূতির অভাব, অথবা মানুষের বাস্তব প্রয়োজনের তুলনায় সংগঠনের প্রয়োজনীয়তার দিকে নজর বেশি দেন।

*"নিজের সঙ্গীকে দেখান, আটটি ব্যক্তিত্বের কোনটি আপনার ধরণ এবং উদাহরণ দিন।"*

## ঈশ্বর কোন ব্যক্তিত্ব ধরণ সর্বাপেক্ষা ভালোবাসেন?

- এই বিষয়ে নেতাদের বিতর্ক করতে বলুন ।তাদের উত্তর থেকে তাদের সংস্কৃতির সম্পর্কে জানা যায়। প্রতি সংস্কৃতি খ্রিস্টের একটি অথবা দুটি ছবি তুলে ধরে।

*"ঈশ্বর প্রতি ব্যক্তিত্ব ধরণ গঠন করেছেন, এবং তিনি কার্য্য সমাপ্ত করার পরে বলেছেন, "ভালো"। প্রত্যেকেই তাঁর প্রিয়।"*

## কোন ব্যক্তিত্ব ধরণ সেরা নেতা হতে পারেন?

- নেতাদের বলুন এই প্রশ্ন নিয়ে আলোচনা করতে। সাধারণত, খ্রিস্টের দুটি অথবা তিনটি ছবি প্রিয় হয়। নেতারা এই দুটি অথবা তিনটি ব্যক্তিত্ব ধরনের মধ্যে কোনটি সেরা, তা নিয়ে তর্ক-বিতর্ক করেন।আমরা পূর্ব এবং পশ্চিম সংস্কৃতিতে ভিন্ন উত্তর পাই। গোষ্ঠী নিজেদের চিন্তাধারা বিনিময় করার পরে, নিম্নলিখিত বিষয়গুলি তাদের মধ্যে প্রচার করুন।

*"বহু মানুষ এটি ভেবে অবাক হন যে এই আটটি ব্যক্তিত্ব ধরনের মধ্যে আপনি একজন ব্যতিক্রমী নেতা হবেন। নেতৃত্ব ব্যক্তিত্ব ধরনের উপর নির্ভরশীল নয়। আমি আপনাকে আমেরিকার আটটি বৃহত গির্জাতে নিয়ে যেতে পারি, যেখানে প্রতি সপ্তাহে ৫,০০০ এর বেশি মানুষ জমায়েত হন। অধিকাংশ মানুষ বলবেন, এই সকল গির্জা মহান নেতা দ্বারা নেতৃত্ব পায়। যদি আপনি ভিন্ন যাজকদের কথা বলেন, তাহলে আপনি লক্ষ্য করবেন, তারা প্রত্যেকেই ভিন্ন ব্যক্তিত্বের অধিকারী। প্রত্যেকে খ্রিষ্টের ভিন্ন ছবি তুলে ধরেন। ব্যক্তিত্ব একজন ভালো নেতা গঠন করে না। একজন ভালো নেতা গোষ্ঠীকে একত্রে কাজ করার জন্য*

*নেতৃত্ব দেন এবং সফলতা লাভ করেন। যিশু সর্বকালের মহান নেতা। তাঁকে অনুসরণ করুন এবং আপনিও একজন মহান নেতা হয়ে উঠবেন।"*

## স্মৃতিচারণ

–রোমানস ১২:৪-৫–
যেমন আমাদের সকলের অনেক অঙ্গ সহ একটি শরীর আছে, এবং এই অঙ্গ গুলির সকলের একই কার্য্য নয়, তেমনই আমরা খ্রিষ্টের বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গ, এবং প্রতি অঙ্গ পরস্পরের পূরক।

- প্রত্যেকে উঠে দাড়ান এবং একত্রে দশ বার স্মৃতিচারণ করুন। প্রথম ছয় বার, শিক্ষাত্রীরা বাইবেল অথবা শিক্ষা-বিবরণী ব্যবহার করেন। শেষ চারবার, তারা স্মৃতি থেকে স্লোক পাঠ করেন। শিক্ষাত্রীদের প্রতি ক্ষেত্রে স্লোক পাঠ করার আগে স্লোক-সুত্র বলুন এবং পাঠ শেষ হওয়ার পরে বসুন।
- এই নিয়ম অনুসরণ করলে প্রশিক্ষকদের বুঝতে সুবিধা হয়, "অভ্যাস" অধিবেশনে কোন গোষ্ঠী পাঠ সম্পূর্ণ করলো।

# অভ্যাস

- নেতাদের চারজনের একএকটি গোষ্ঠীতে ভাগ করুন।
- নেতাদের সমগ্র প্রশিক্ষণে প্রতিটি পর্যায় অনুসরণ করবেন, প্রতিটি বিভাগ ৭-৮ মিনিট করে আলোচনা করতে দিন।

## প্রগতি

*"আটটি ধরনের মানুষের মধ্যে কোনটি আপনি বেশি পছন্দ করেন, তা বিনিময় করুন এবং উদাহরণ দিন।"*

## সমস্যা

*"আটটি ধরনের মানুষের মধ্যে কোনটি আপনি সবচেয়ে কম পছন্দ করেন, তা বিনিময় করুন এবং উদাহরণ দিন।"*

## পরিকল্পনা

*"পরবর্তী মাসে আপনার গোষ্ঠির বিভিন্ন ব্যক্তিত্ব ধরণ সন্ধান করার জন্য একটি সরল পরিকল্পনা বিনিময় করুন।"*

- প্রত্যেকের তাদের সঙ্গীর পরিকল্পনা নথিবদ্ধ করে রাখা উচিত, যাতে তারা তাদের জন্য পরে প্রার্থনা করতে পারেন।

## অভ্যাস

*"নিজের গোষ্ঠীতে একজন নেতা হিসাবে নিজেকে উন্নত করার জন্য যে কার্য্য পরবর্তী ৩০দিন অভ্যাস করবেন, তা বিনিময় করুন।"*

- প্রত্যেকে তার সঙ্গীর অভ্যাস বিষয় নথিবদ্ধ করে রাখেন, যাতে তারা পরে তার জন্য প্রার্থনা করতে পারেন।
- প্রত্যেকে তার শৈলী বিনিময় করার পরে, নেতারা উঠে দাড়ান এবং স্মৃতিচারণ একত্রে দশবার পাঠ করেন।

## প্রার্থনা

*"একজন নেতা রূপে আপনি পরস্পরের পরিকল্পনা এবং পরবর্তী ৩০দিনের অভ্যাসের জন্য শৈলীর উন্নতিকল্পে প্রার্থনা করুন।"*

# সমাপ্তি

## আমেরিকান চিজ্ বার্গার

*"নেতাদের বলুন এমন অভিনয় করতে, যেন আপনি একটি রেস্তরায় আছেন। নেতাদের তিনটি অথবা চারটি ছোট ছোট গোষ্ঠীতে ভাগ করে ছড়িয়ে পড়তে বলুন, যেন তারা এক একটি "টেবিল", যেখানে তারা খাচ্ছেন। তাদের বলুন, আপনি ওয়েটার এবং তাদের হুকুম মানার জন্য আছেন।"*

- আপনার বাহুতে একটি তোয়ালে জরান, প্রথম টেবিলে যান, এবং তাদের জিজ্ঞাসা করুন তারা কি খেতে চান। ওনারা যাই হুকুম করুন না কেন, আপনি বলুন, "দু:খিত,সেটি এখন আমাদের কাছে নেই, পরিবর্তে আমি আপনাদের আমেরিকান চিজ বার্গার দিচ্ছি।"
- কিছু টেবিলের পরে, অধিকাংশ মানুষ আমেরিকান চিজ বার্গার চাইবেন, কারণ তারা বুঝবেন আপনার কাছে সেটাই আছে।

*"এই নকশা একটি প্রচলিত ভ্রান্তি প্রদর্শন করে।নেতা আশা করেন প্রত্যেকে একই রকম ব্যবহার করবে এবং একই মানুষ হবেন, কিন্তু ঈশ্বর ভিন্ন ধরনের মানুষ গঠন করেছেন। ভালো শিক্ষাত্রী জানেন, ভিন্ন ব্যক্তিত্বের মানুষের সাথে একত্রে কিভাবে কাজ করতে হয়। তারা মানুষকে শেখান, কিভাবে ভিন্ন মানুষকে শ্রদ্ধা এবং সাহায্য করতে হয়।"*

- ঈশ্বর ভিন্ন ধরনের মানুষ গঠন করেছেন বলে, একজন নেতাকে ধন্যবাদ জ্ঞাপনের প্রার্থনা করতে বলুন।

# ৫

# একত্রে শক্তিশালী হন

পূর্ব পাঠে নেতারা তাদের ব্যক্তিত্ব ধরণ আবিষ্কার করেছেন। "একত্রে শক্তিশালী হন", নেতাদের দেখান কিভাবে তাদের ব্যক্তিত্ব ধরণ অন্যদের সাথে আচরণ করে। এই পৃথিবীতে মানুষের কেন আট ধরনের ব্যক্তিত্ব হয়? কেউ কেউ বলেন, কারণ নোহার জাহাজ আটজন মানুষকে আশ্রয় দিয়েছিলো, আবার অন্যরা বলেন ঈশ্বর কম্পাস এর প্রতিটি দিক – উত্তর, উত্তরপূর্ব, পূর্ব, ইত্যাদি নির্দেশ করে ব্যক্তিত্ব ধরণ গঠন করেছেন।আমরা কারণটি সহজে বর্ণনা করতে পারি। পৃথিবীতে আটজন ভিন্ন ধরনের ব্যক্তিত্ব আছে, কারণ ঈশ্বর তাঁর নিজের চিত্রগুলি অনুসারে মানুষ গঠন করেছেন। যদি আপনি জানতে চান, ঈশ্বর কেমন দেখতে, বাইবেল বলে; যিশুর দিকে দেখুন। পৃথিবীর আট রকম মূল ব্যক্তিত্ব ধরণ প্রকৃতপক্ষে যিশুর আটটি ছবির প্রতিকৃতি।

যিশু একজন সৈনিকের মতো-ঈশ্বরের সেনার সেনাধ্যক্ষ। তিনি একজন সন্ধানীর মতো-হৃতদের খুঁজে উদ্ধার করেন। তিনি একজন মেষপালকের মতো- তাঁর অনুগামীদের খাদ্য, জল এবং বিশ্রাম দেন। যিশু একজন বপকের মতো- আমাদের জীবনে ঈশ্বরের বানী বপন করেন। তিনি একজন পুত্র- ঈশ্বর তাঁকে ভালোবাসার মানুষ বলে সম্মোধন করেছেন এবং তাঁর কথা শুনতে আমাদের আদেশ করেছেন। যিশু একজন রক্ষক এবং আমাদের আহ্বান জানান পৃথিবীর কাছে তাঁকে একজন সন্ত রূপে উপস্থাপন করতে। তিনি একজন ভৃত্য-তাঁর পিতার বাধ্য, এমনকি মৃত্যু অবধি। অবশেষে, যিশু একজন গোমস্তা-যিনি একাই সময়, অর্থ, মানুষকে পরিচালনা করতে সমর্থ।

প্রত্যেক নেতা মানুষদের একত্রে কার্য করার ক্ষেত্রে সাহায্য করার জন্য দায়বদ্ধ থাকেন। ভিন্ন ব্যক্তিত্বের মধ্যে সংঘাত অবশ্যম্ভাবী হয়ে দাড়ায়, কারণ তারা ভিন্ন ভাবে

পৃথিবীকে দেখেন। দ্বন্দের সাথে মোকাবিলার জন্য মানুষ যে দুটি প্রচলিত পথ বেছে নেন, তা হলো হয় এড়িয়ে চলা অথবা পরস্পরের সাথে লড়াই করা। দ্বন্দের সাথে মোকাবিলার তৃতীয় পথটি ঈশ্বরের আত্মা দ্বারা পরিচালিত, তা হলো এমন সমাধান নির্ণয় যা প্রত্যেক ব্যক্তিত্বকে সম্মান এবং গুরুত্ব দেবে। এই পাঠ সমাপ্ত হয় একটি নাট্য-প্রতিযোগিতার সাথে, যার মাধ্যমে ঐকতান বজায় রেখে এই সত্যি প্রদর্শিত হয়। "যিশুর আটটি চিত্র" নকশাটি আমাদের বুঝতে সাহায্য করে, কিভাবে পরস্পরকে ভালোবাসতে হয়। এটি যিশুর সকল অনুগামীদের কার্য্য।

# প্রশংসা

- দুটি উপাসনা সঙ্গীত একত্রে করুন। এই অধিবেশনের জন্য একজন নেতাকে প্রার্থনা করতে বলুন।

# প্রগতি

- প্রশিক্ষণ ক্ষেত্রে, অপর একজন নেতাকে ঈশ্বর কিভাবে তার গোষ্ঠিকে আশির্বাদ করেছেন, সেই বিষয়ক একটি সংক্ষিপ্ত বিবৃতি(তিন মিনিট) দেবার জন্য অনুরোধ করুন। নেতা তার বিবৃতি দেওয়ার পরে, গোষ্ঠিকে বলুন তার জন্য প্রার্থনা করতে।
- অনুরুপভাবে, "প্রগতি», "সমস্যা»,"পরিকল্পনা»,অভ্যাস»,"প্রার্থনা» ইত্যাদি নেতৃত্ব প্রশিক্ষণ পদ্ধতি ব্যবহার করে একটি শিক্ষণ সময়ের নকশা তৈরি করুন।

# সমস্যা

*"পূর্ব পাঠে আমরা আটজন ভিন্ন ব্যক্তিত্ব ধরণ সম্পর্কে শিখেছি/এই জ্ঞান আমাদের বুঝতে সাহায্য করেছেন, কিভাবে গোষ্ঠীতে দ্বন্দ সৃষ্টি হয়। দ্বন্দের মতো আর কোনকিছুই এত তীব্র ধর্মপ্রচার কার্য অথবা মন্ত্রককে বন্ধ করতে পারেনা। মানুষ ঘৃণার শব্দ বিনিময় করেন এবং একে অন্যের অনুভূতিকে আঘাত করেন। এরপর, ধর্মপ্রচার কার্য্য অথবা মন্ত্রক ধীর-গতিতে অনগ্রসর হতে থাকে।"*

# পরিকল্পনা

*"যিশু একজন রক্ষক এবং তাঁর অনুগামীদের বলেন তাঁকে জগতের সামনে একজন সন্ত রূপে উপস্থাপন করতে। পৃথিবী জানে, আমরা খ্রিষ্টান এবং আমরা একত্রে দ্বন্দের কিভাবে মোকাবিলা করি। এই পাঠের পরিকল্পনা হলো এই দেখানো, কি কারণে দ্বন্দ হয় এবং এগুলি উপস্থিত হলে কিভাবে মত-বিরোধিতার সমাধান করতে হয়।"*

## পর্যালোচনা

### স্বাগতম

গির্জা কে গঠন করেছিলেন?
সেটি এত গুরুত্বপূর্ণ কেন?
যিশু কিভাবে তাঁর গির্জা গঠন করেছিলেন?

- ঈশ্বরে দৃঢ় হন
- যিশুর জীবন ও শিক্ষা প্রচার করুন
- শিষ্য গঠন করুন
- গোষ্ঠী এবং গির্জা গঠন করুন
- নেতা উন্নয়ন করুন

*–আই করিন্থীয়ানস ১১:১–আমাকে অনুসরণ করুন, যেভাবে আমি যিশুকে অনুসরণ করেছি। (এন এ এস)*

### যিশুর মত শিক্ষা দিন

যিশু কিভাবে নেতাদের শিক্ষা দিতেন?

- উন্নতি
- সমস্যা
- পরিকল্পনা
- অভ্যাস
- প্রার্থনা

*–লিউক ৬:৪০–একজন অনুগামী তার শিক্ষকের অধিক নয়, কিন্তু যে সম্পূর্ণরূপে প্রশিক্ষনপ্রাপ্ত, সে তার শিক্ষক সম। (এইছ সি এস বি)*

## যিশুর মত নেতৃত্ব দিন

যিশু কাকে সর্বাধিক মহান নেতা বলেছেন?

একজন মহান নেতার সাতটি গুন কি?

১. মহান নেতা মানুষকে ভালবাসেন

২. মহান নেতা তাদের লক্ষ্য জানেন

৩. মহান নেতা তাদের অনুগামীদের সেবা করেন

৪. মহান নেতা সহানুভূতির সাথে সংশোধন করেন

৫. মহান নেতা গোষ্ঠির বর্তমান সমস্যার কথা জানেন

৬. মহান নেতা অনুসরণ যোগ্য ভালো উদাহরণ গঠন করেন

৭. মহান নেতা জানেন তারা আশির্বাদ প্রাপ্ত

*–জন ১৩:১৪-১৫–এখন আমি, তোমাদের প্রভু এবং শিক্ষক, তোমাদের পদ-মার্জন করলাম, তোমাদের ও পরস্পরের পদ-মার্জনা করা উচিত। আমি একটি উদাহরণ তৈরি করলাম, যা দেখে তোমরা অনুসরণ করবে, যেমন আমি তোমাদের জন্য করলাম।*

## শক্তিশালী হন

ঈশ্বর আপনাকে কোন ব্যক্তিত্ব দিয়েছেন?

সৈনিক

সন্ধানী

মেষপালক

বপক

পুত্র/ কন্যা

সন্ত

ভৃত্য

গোমস্তা

ঈশ্বর কোন ব্যক্তিত্বকে সবচেয়ে বেশি পছন্দ করেন?

কোন ব্যক্তিত্ব ধরন সর্বাধিক ভালো নেতা গঠন করে?

*–রোমানস ১২:৪-৫–যেমন আমাদের সকলের অনেক অঙ্গ সহ একটি মাত্র শরীর, এবং এই অঙ্গ সমূহের  এক প্রকার কার্য্য নয়, তেমনি, আমরা সকলে যিশুর অংশ, এবং প্রতি সদস্য পরস্পরের অন্তর্ভুক্ত।*

## পৃথিবীতে আটপ্রকার মানুষ কেন?

–জেনেসিস ১:২৬–
এরপর ঈশ্বর বললেন, “এস আমরা আমদের চিত্রে, আমাদের পছন্দে মানুষ গঠন করি...”

–কলসিয়ানস-১:১৫–
তিনি (যিশু)অদৃশ্য ঈশ্বরের প্রতিকৃতি, সকল সৃষ্টির প্রথম জন্ম।

*“ঈশ্বরের প্রতিকৃতিতে মানুষ গঠিত হয়েছে। যদি আপনি অদৃশ্য ঈশ্বরকে দেখতে চান, যিশুকে দেখুন। আমাদের পতন কালেও আমরা যিশুকে প্রতিবিম্বিত করি। বাইবেলে যিশুর আটটি চিত্র আছে, যা আমাদের বুঝতে সাহায্য করে যিশু কার মতো।”*

## যিশুর মতো কি?

### সৈনিক

–ম্যাথিউ ২৬:৫৩–
অথবা তুমি কি মনে করো যে আমি আমার পিতাকে আহ্বান জানাতে পারবো না, এবং তিনি আমার কাছে দশ জনের বেশি দূত প্রেরণ করবে? (এইছ সি এস বি)

সৈনিক
তরবারি তুলুন

# সন্ধানী

–লিউক ১৯:১০–
মানব পুত্র সন্ধান করতে এসেছেন এবং হৃতকে পুনরুদ্ধার করতে এসেছেন।” (এন এ এস)

সন্ধানী
চোখের উপরে হাত রেখে সামনে পিছনে তাকান।

# মেষপালক

–জন ১০:১১–
আমি ভালো মেষপালক। ভালো মেষপালক তার মেষ গুলির জন্য জীবন উত্‌সর্গ করেন।

মেষপালক
বাহু নিজের শরীরের দিকে নিয়ে যান যেন আপনি মানুষ জমায়েত করছেন।

# বপক

–ম্যাথিউ ১৩:৩৭–
এবং তিনি বললেন, “যিনি ভালো বীজ বপন করেন তিনি মানব পুত্র, (এন এ এস)

বপক
হাত দিয়ে বীজ নিক্ষেপ করেন।

# পুত্র অথবা কণ্যা

–লিউক ৯:৩৫–
মেঘালয় থেকে একটি কণ্ঠ ভেসে এলো, বললেন, “ ইনি আমার পুত্র, যাকে আমি পছন্দ করেছি; এনার কথা শোনো।”

পুত্র
নিজের মুখের দিকে হাত নিয়ে যান, যেন আপনি খাদ্য গ্রহণ করছেন।

# রক্ষক/সন্ত

–মার্ক ৮:৩১–
তিনি তারপর তাদের শিক্ষা দিতে শুরু করলেন যে মানব পুত্র বহু কারণের জন্য কষ্ট পাবেন এবং বয়স্করা, প্রধান পাদ্রী এবং আইনের শিক্ষকরা তাঁকে প্রত্যাখ্যান করবেন, তাঁকে হত্যা করা হবে এবং তিনদিন পরে পুনরায় তাঁর পুনরুত্থান হবে।

*“আমরা যারা তাঁর পুনরুদ্ধার করা কার্য্য পৃথিবীর কাছে উপস্থাপন করি, তাদের সন্ত বলা হয়।”*

রক্ষক/সন্ত
“শাস্ত্রীয় হস্ত” ভঙ্গিতে হাত রাখুন।

# ভৃত্য

–জন ১৩: ১৪-১৫–
এখন আমি, তোমাদের প্রভু এবং শিক্ষক, তোমাদের পদসেবন করেছে, তোমাদেরও পরস্পরের পদসেবন করা উচিত ।আমি একটা উদাহরণ তৈরি করলাম যে তোমাদের কি করা উচিত, যেমন আমি তোমাদের জন্য করলাম।

ভৃত্য
হাতুড়ি পিটুন।

## গোমস্তা

—লিউক ৬:৩৮—
“দাও এবং তুমিও গ্রহীতা হবে। উত্তম পরিমাপে, উপচে পড়া, ঝেঁকে নেওয়া পরিমাপ অনুযায়ীই তোমাদের কোলে দেওয়া হবে। যে পরিমাপে তোমরা দেবে, সেই পরিমাপেই তোমরা পাবে।”

গোমস্তা
জামার পকেট অথবা ব্যাগ থেকে অর্থ নাও।

# যখন দ্বন্দ উপস্থিত হবে, আমাদের কাছে কোন তিনটি উপায় থাকে?

## পলায়ন (বাহ্যিক প্রতিক্রিয়া)

*“ভিন্ন ব্যক্তিত্বের ভিন্ন মতামত এবং তাদের কার্য্য করার ভিন্ন পথ। বৃত্ত নকশায় মানুষ সরাসরি পরস্পরের সাথে একত্রে কার্য্য করার সময়ে সংগ্রাম করে। তারা প্রকৃতপক্ষে পরস্পরকে বুঝতে সংগ্রাম করেন।*

*উদাহরণ স্বরূপ, বপক মানুষের বৃদ্ধির জন্য অর্থ এবং সময় ব্যয় করতে চান, কিন্তু গোমস্তা অর্থ এবং সময় সঞ্চয় করতে চান, যাতে কার্য্য ক্রমাগত চলতে থাকে। ভালো সিদ্ধান্তের ক্ষেত্রে উভয়ের দৃষ্ঠি ভঙ্গিই প্রয়োজনীয়। একজনের মতামত অপরজনের উপর চাপালে প্রতিযোগিতা এবং দুর্বল সিদ্ধান্ত তৈরি হয়।*

*অধিকাংশ মানুষের জন্য, দ্বন্দ মোকাবিলা কঠিন এবং দুই দল পরস্পরের সাথে সঠিক যোগাযোগ ব্যতীত বিষয়টি সমাপ্ত করেন। অধিক দ্বন্দ এবং আঘাত প্রাপ্ত হওয়ার ভয়ে আমরা অন্য মানুষের থেকে দুরে সরে থাকি। আমাদের নীতিবাক্য হয়ে ওঠে, “দু:খিত হওয়ার থেকে নিরাপদে থাকা ভালো।”*

এই অবস্থানে, মানুষ তর্ক করেন, পলায়ন করেন, এবং পরস্পরের থেকে গোপন করেন।”

একত্রে মুষ্ঠি ধরুন। পরস্পরের থেকে দুরে সরে যান এবং পিছনে ফিরুন।

## পরস্পরের সাথে যুদ্ধ করুন (বাহ্যিক প্রতিক্রিয়া)

*“কখনো মানুষ দ্বন্দ এড়িয়ে যেতে পারেন না, কিন্তু খোলাখুলিভাবে অন্য মানুষের প্রতিদ্বন্দিতা করতে পারেন। আমরা আঘাত পাই অথবা ভুল বুঝি এবং চাই, অন্য মানুষ যা করেছে, তার মূল্য পরিশোধ করুন। আমরা শব্দ, ভঙ্গি, অথবা আমাদের মুষ্ঠির জোরে লড়াই করি। একটি দ্বন্দ গড়ে উঠলে এই ফলই হয়।*

*উদাহরণ স্বরূপ, একজন সন্ধানী নতুন অভিজ্ঞতা এবং সুযোগ সন্ধান করেন, যেখানে একজন সন্ত গোষ্ঠীকে একটি মজবুত বুনিয়াদে গঠিত দেখতে চান। আমরা উভয়কেই খ্রিষ্টের গঠনে চাই। দুটি গোষ্ঠীর “নতুন” এবং “পুরাতন” উভয় প্রচেষ্টাই লড়াইয়ের কারণ হয়ে উঠতে পারে।*

*সম্ভবত উপাসনা রীতি এই সমস্যার মূল কারণ। গোষ্ঠী নিজেদের রীতি তৈরি করে নেয়, এবং ভিন্ন রীতির গোষ্ঠীকে তুচ্ছ-তাচ্ছিল্য করে। শব্দ, ভঙ্গিমা, এবং কার্য্য পরস্পর বিরোধী হয়ে ওঠে এবং একতায় ছেদ পরে।*

*এই অবস্থানে, আমরা তর্ক করি এবং পরস্পরের সাথে লড়াই করি।”*

একত্রে মুষ্ঠি ধরুন এবং আঘাত করুন।

## ঈশ্বরের ইচ্ছায় একত্রে কাজ করার একটি উপায় সন্ধান করুন (আত্মার প্রতিক্রিয়া )

*“পবিত্র আত্মা তৃতীয় প্রতিক্রিয়ায় পথ-প্রদর্শন করেন। যদি আমরা এটি উপলব্ধি করতে পারি, যে দ্বন্দ উপস্থিত হলে হয় আমরা পলায়ন করি অথবা লড়াই করি, পরিবর্তে আমরা প্রশ্ন করতে পারি এবং একত্রে কাজ করার নিমিত্তে*

*একটি সমাধানের জন্য আত্মার সাহায্য প্রার্থনা করতে পারি। আমরা বিশ্বাস করি, যিশুর সর্ব শরীর থেকে আসা সমাধান সর্বদা শ্রেষ্ঠ হয়। তৃতীয় প্রতিক্রিয়া সর্বপরি যোগাযোগ, বিশ্বাস, ভালোবাসা আনে।"*

*"উদাহরণ স্বরূপ, একজন সৈনিক চান গির্জা সংঘ বদ্ধ হোক এবং ঈশ্বরের ধর্মপ্রচার করুক। অপরদিকে, একজন পুত্র অথবা কণ্যা, গির্জাকে পরিবারের এক শুশ্রষা স্থান হিসাবে আশা করেন।সৈনিক কার্যের দিকে মনোযোগী হন; পুত্র অথবা কণ্যা সম্পর্কের দিকে মনোযোগী হন। যখন তারা আত্মার সাথে মিলিত হন, তারা তাদের কার্য্য এগিয়ে নিয়ে যাওয়ার সমাধান খুঁজে পান এবং প্রত্যেককে এটি অনুভব করতে সাহায্য করেন যে, সকলে "গোষ্ঠির অংশ"। আমরা কাজ করি, কাজ করি, এবং কাজ করি- কিন্তু আমরা খেলাও করি, খেলা করি, এবং খেলা করি।*

*এই অবস্থানে, আমরা একত্রে খ্রিষ্টের কাছে আসার সমাধান পাই এবং তাঁর রাজ্যে একত্রে কার্য্য করি।"*

একত্রে মুষ্ঠি ধরুন, মুষ্ঠি আলগা করুন এবং অঙ্গুলি একত্রিত করুন, হাত উপরে এবং নিচে ঝাঁকান, যেন আপনারা একত্রে কাজ করছেন।

# স্মৃতিচারণ

–গালাতিয়ানস ২:২০–
আমি খ্রিষ্টের সাথে ক্রুশবিদ্ধ হয়েছিলাম; এবং আমি আর জীবিত নই, কিন্তু খ্রিস্ট আমার মধ্যে জীবিত আছেন; (এন এ এস)

- প্রত্যেকে উঠে দাড়ান এবং একত্রে দশ বার স্মৃতিচারণ করুন। প্রথম ছয় বার, শিক্ষাত্রীরা বাইবেল অথবা শিক্ষা-বিবরণী ব্যবহার করেন। শেষ চারবার, তারা স্মৃতি থেকে স্লোক পাঠ করেন। শিক্ষাত্রীদের প্রতি ক্ষেত্রে স্লোক পাঠ করার আগে স্লোক-সুত্র বলুন এবং পাঠ শেষ হওয়ার পরে বসুন।
- এই নিয়ম অনুসরণ করলে প্রশিক্ষকদের বুঝতে সুবিধা হয়, "অভ্যাস" অধিবেশনে কোন গোষ্ঠী পাঠ সম্পূর্ণ করলো।

# অভ্যাস

## নাট্য প্রতিযোগিতা

- নেতাদের অন্তত আট জনের এক একটি গোষ্ঠীতে বিভক্ত করুন। নেতাদের বলুন বিজেতার জন্য পুরস্কার সহ আপনি একটি নাট্য-প্রতিযোগিতার আয়োজন করছেন। আপনি সেই গোষ্ঠীকে প্রথম স্থানের পুরস্কার দেবেন, যারা সর্বাপেক্ষা আনন্দ-দায়ক,জীবনের মতো এক বাস্তব নাটিকা প্রস্তুত করবেন।
- গোষ্ঠির প্রতি সদস্য খ্রিষ্টের একটি ছবি নকল করার জন্য বেছে নেয়।নেতাদের তাদের ব্যক্তিত্বের থেকে ভিন্ন চিত্র পছন্দ করা উচিত।উদাহরণ স্বরূপ, যদি একজন মানুষের ব্যক্তিত্ব ধরণ "সৈনিক" হয়, তাহলে তার "সৈনিক" ব্যতীত খ্রিষ্টের অন্য চিত্র নাটকের জন্য পছন্দ করা উচিত।
- যে নাটিকা তারা প্রস্তুত করবেন, তা হলো "প্রতিবেশী অঞ্চলে একটি নতুন গির্জা গঠনের জন্য একটি গোষ্ঠী-সম্মেলন" । নাট্য সদস্যরা তাদের চরিত্র পরস্পরের সাথে শুধুমাত্র বাহ্যিক দ্বন্দের মাধ্যমে উপস্থাপন করবে । কেউ অন্তর থেকে দ্বন্দ রাখবেন না।
- তাদের কাছে ৫মিনিট সময় থাকবে নাটিকাটি প্রস্তুত করার জন্য। তাদের বলুন বিষয়টি "তুলে ধরতে", যাতে মানুষ জানতে পারেন তারা নাটকে কোন চরিত্র নিবেদন করবেন।
- নেতাদের যথেষ্ট সময় দিন তাদের নাটক অভ্যাস করার জন্য (অন্তত ২০ মিনিট)
- প্রতিযোগিতা শুরু করুন। প্রতি গোষ্ঠির শেষে, অভিনেতাদের বৃত্তে যান এবং খেয়াল করুন নেতারা আন্দাজ করতে পারেন কিনা, প্রতি সদস্য কোন চরিত্র নিবেদন করছেন। যে গোষ্ঠী ঐকতান বজায় রেখে জীবনের বাস্তবতা নিয়ে নাটিকা নিবেদন করেছেন, তাদের প্রথম স্থানাধিকার দিন। উপহার : যিশুর জীবন ও শিক্ষা বিষয়ক গবেষণামূলক পুস্তিকা, উপাসনা সি ডি, মিষ্টান্ন ইত্যাদি।
- গোষ্ঠী নাটিকা নিবেদন করার পরে, প্রতি গোষ্ঠীকে কয়েকজন "সর্ব-তারকা" পছন্দ করতে বলুন। প্রতি গোষ্ঠির "সর্ব-তারকা"কে একটি নতুন গোষ্ঠী গঠন করতে বলুন এবং তাদের নাটিকাটি পুনরায় নতুন ভাবে "সর্ব-তারকা" নাট্য গোষ্ঠির হয়ে উপস্থাপন করতে বলুন।

# একটি প্রচলিত প্রশ্ন

## খ্রিষ্টের আটটি চিত্র এবং আধ্যাত্মিক উপহারের পার্থক্য কি?

ঈশ্বর তার প্রতিকৃতি রূপে মানুষ গঠন করেছেন, এবং যদি কেউ অদৃশ্য ঈশ্বরের চিত্র দেখতে চান, বাইবেল বলে যিশুকে দেখুন। আটটি চিত্র প্রদর্শন করে, মানুষ কেমন "বিশ্বস্ত" এবং এটি বিশ্বাসী ও অবিশ্বাসী দুজনের জন্যই প্রযোজ্য। আধ্যাত্মিক বৃদ্ধির জন্য একটি কাঠামো-গঠন রূপে আটটি চিত্র ব্যবহার, আধ্যাত্মিক উপহার উদ্ভাবনের একটি সমস্যা উত্পন্ন করে। একজন অবিশ্বাসী কি ভাবে একটি আধ্যাত্মিক উদ্ভাবন উপহার গ্রহণ করতে পারেন, যখন তারা আদৌ ঈশ্বরে বিশ্বাস করেন না ?

ক্রিষ্টের আটটি চিত্র "বাক্সের" মতো যাতে আধ্যাত্মিক উপহার ভরা থাকে। একজন মেষপালকের কাছে ঈশ্বরের ইচ্ছা অনুযায়ী করুনা অথবা উপদেশ অথবা দানের মতো আধ্যাত্মিক উপহার থাকতে পারে। আমরা লক্ষ্য করেছি যে কিছু আধ্যাত্মিক উপহার গুচ্ছ খ্রিষ্টের কিছু চিত্রের প্রতিকৃতি। উদাহরণ, সেবা করার উপহার এবং ভৃত্যের চিত্র সাধারণত একই প্রকার হয়।

# ৬

# যিশুর জীবন ও শিক্ষা প্রচার

মানুষ কিভাবে বিশ্বাস করবেন, যদি কখনো যিশুর জীবন ও শিক্ষা সম্পর্কে কিছু না শোনেন ? দুর্ভাগ্যবশত, অনুগামীরা সর্বদা যিশুর জীবন ও নীতি প্রচার করেন না। এর একটি কারণ যে তারা জানেন না, কিভাবে যিশুর জীবন ও শিক্ষা প্রচার করতে হবে। অন্য কারণ তারা নিজেদের জীবনে এত ব্যস্ত যে এটি প্রচার করতে ভুলেই যান। এই “যিশুর জীবন ও শিক্ষা প্রচার” পাঠে, নেতারা শেখেন, পরিবার এবং পরিজনদের মধ্যে প্রচারের জন্য কিভাবে একটি “যিশুর জীবন ও নীতিবাক্য গহনা” গঠন করতে হয় ।এই কর-কঙ্কন গহনাটি আমাদের প্রচারের কথা মনে করিয়ে দেয় এবং এটি কথোপথনের একটি শুভারম্ভ ।কর-কঙ্কনের রং আমাদের মনে করিয়ে দেয়, যারা ঈশ্বরের সন্ধান করছেন, তাদের কাছে কিভাবে যিশুর জীবন ও নীতিশিক্ষা বিনিময় করতে হয়।

যিশুর জীবন ও নীতিশিক্ষা গহনা দেখায়, কিভাবে আমরা ঈশ্বরের পরিবার ছেড়ে এসেছি। প্রারম্ভে ঈশ্বর ছিলেন- স্বর্ণ গাঁথা। পবিত্র আত্মা আকাশ এবং সমুদ্র সহ একটি নিখুঁত পৃথিবী গঠন করেন- নীল গাঁথা। তিনি একজন মানুষ গঠন করলেন এবং তাকে একটি সুন্দর বাগানে রাখলেন- সবুজ গাঁথা। প্রথম মানব এবং মানবী ঈশ্বরকে অমান্য করলেন এবং পৃথিবীতে পাপ এবং যন্ত্রণা আনলেন- কালো গাঁথা। ঈশ্বর তাঁর একমাত্র পুত্রকে পৃথিবীতে পাঠালেন এবং তিনি একটি নিষ্কলঙ্ক জীবন যাপন করলেন- সাদা গাঁথা। যিশু আমাদের পাপের জন্য ক্রুশবিদ্ধ হলেন- লাল গাঁথা।

যিশুর জীবন ও নীতিশিক্ষা কর-কঙ্কন আমাদের দেখায়, কিভাবে ঈশ্বরকে পুনরায় মান্য করে ঈশ্বরের পরিবারে ফিরে আসা যায়। ঈশ্বর বলেছেন, যারা বিশ্বাস করেন, যিশু তাদের জন্য ক্রুশবিদ্ধ হয়েছেন-রক্ত গাঁথা-এবং যিশু ঈশ্বর পুত্র-সাদা গাঁথা- তাদের পাপ ক্ষমা করে দেওয়া হবে-কালো গাঁথা। ঈশ্বর আমাদের তাঁর পরিবারে ফিরিয়ে নেন এবং আমরা যিশুর মতো গড়ে উঠতে থাকি- সবুজ গাঁথা। ঈশ্বর তাঁর পবিত্র আত্মা প্রদান করেন-নীল গাঁথা- এবং অঙ্গীকার করেন যে আমরা তাঁর সাথে স্বর্গরাজ্যে যাবো, যেখানে আমাদের মৃত্যুর পরে স্বর্ণ-পথ বিছানো থাকবে- স্বর্ণ গাঁথা।

পাঠটি সমাপ্ত হয় এই শিক্ষার সাথে যে যিশুই ঈশ্বরের কাছে পৌছানোর একমাত্র উপায়। কেউই নিজে থেকে ঈশ্বরের সাথে মিলিত হওয়ার জন্য যথেষ্ট বুদ্ধিমান, যথেষ্ট ভালো, যথেষ্ট দৃঢ়, অথবা যথেষ্ট যত্নশীল নন। ঈশ্বরের কাছে ফেরার জন্য যিশুই একমাত্র পথ। যিশুকে অনুসরণই একমাত্র সত্যি, যা মানুষের পাপের মুক্তি ঘটায়। একমাত্র যিশুই তাঁর ক্রুশবিদ্ধ হয়ে মৃত্য বরণের মাধ্যমে আমাদের চিরস্থায়ী জীবন প্রদান করতে পারেন।

# প্রশংসা

- দুটি উপাসনা সঙ্গীত একত্রে করুন। এই অধিবেশনের জন্য একজন নেতাকে প্রার্থনা করতে বলুন।

# প্রগতি

- প্রশিক্ষণ ক্ষেত্রে, অপর একজন নেতাকে ঈশ্বর কিভাবে তার গোষ্ঠিকে আশির্বাদ করেছেন, সেই বিষয়ক একটি সংক্ষিপ্ত বিবৃতি(তিন মিনিট) দেবার জন্য অনুরোধ করুন। নেতা তার বিবৃতি দেওয়ার পরে, গোষ্ঠিকে বলুন তার জন্য প্রার্থনা করতে।

# সমস্যা

*"অনেক বিশ্বাসী যিশুর জীবন ও নীতি শিক্ষা প্রচারে সংগ্রাম করেন। তারা প্রশ্ন করেন, "কার সাথে আমি যিশুর জীবন ও নীতিশিক্ষা বিনিময় করবো?" এবং "আমি কি বলবো?" বিশ্বাসীরা প্রায়শই ব্যস্ত হয়ে পরেন এবং অনুভব করতে ব্যর্থ হন, কখন ঈশ্বর অন্য একজনের জীবনে বিশ্বাস ফিরিয়ে আনার জন্য কার্য্য করছেন।"*

# পরিকল্পনা

*"এই পাঠে, আমরা যিশুর জীবন ও নীতি শিক্ষা প্রচারের জন্য একটি সরল উপায়ের পর্যালোচনা করবো, সেটি প্রচারের অভ্যাস করবো, এবং একটি "যিশুর জীবন ও নীতি শিক্ষার কর-কঙ্কন" গঠন করবো যা আমাদের প্রায়শই যিশুর জীবন ও নীতিশিক্ষা প্রচারের কথা মনে করিয়ে দেবে।"*

## পর্যালোচনা

### স্বাগতম

গির্জা কে গঠন করেছিলেন?
সেটি এত গুরুত্বপূর্ণ কেন?
যিশু কিভাবে তাঁর গির্জা গঠন করেছিলেন?
ঈশ্বরে দৃঢ় হন ✋
যিশুর জীবন ও শিক্ষা প্রচার করুন ✋
শিষ্য গঠন করুন ✋
গোষ্ঠী এবং গির্জা গঠন করুন ✋
নেতা উন্নয়ন করুন ✋

*–আই করিন্থীয়ানস ১১:১–আমাকে অনুসরণ করুন, যেভাবে আমি যিশুকে অনুসরণ করেছি। (এন এ এস)*

### যিশুর মত শিক্ষা দিন

যিশু কিভাবে নেতাদের শিক্ষা দিতেন?
উন্নতি ✋
সমস্যা ✋
পরিকল্পনা ✋
অভ্যাস ✋
প্রার্থনা ✋

*–লিউক ৬:৪০–একজন অনুগামী তার শিক্ষকের অধিক নয়, কিন্তু যে সম্পূর্ণরূপে প্রশিক্ষনপ্রাপ্ত, সে তার শিক্ষক সম। (এইছ সি এস বি)*

## যিশুর মত নেতৃত্ব দিন

যিশু কাকে সর্বাধিক মহান নেতা বলেছেন? N

একজন মহান নেতার সাতটি গুন কি?

১. মহান নেতা মানুষকে ভালবাসেন
২. মহান নেতা তাদের লক্ষ্য জানেন
৩. মহান নেতা তাদের অনুগামীদের সেবা করেন
৪. মহান নেতা সহানুভূতির সাথে সংশোধন করেন
৫. মহান নেতা গোষ্ঠির বর্তমান সমস্যার কথা জানেন
৬. মহান নেতা অনুসরণ যোগ্য ভালো উদাহরণ গঠন করেন
৭. মহান নেতা জানেন তারা আশির্বাদ প্রাপ্ত

*–জন ১৩:১৪-১৫–এখন আমি, তোমাদের প্রভু এবং শিক্ষক, তোমাদের পদ-মার্জন করলাম, তোমাদের ও পরস্পরের পদ-মার্জনা করা উচিত। আমি একটি উদাহরণ তৈরি করলাম, যা দেখে তোমরা অনুসরণ করবে, যেমন আমি তোমাদের জন্য করলাম।*

## দৃঢ় হও

ঈশ্বর আপনাকে কোন ব্যক্তিত্ব দিয়েছেন?

সৈনিক
সন্ধানী
মেষপালক
বপক
পুত্র/ কন্যা
সন্ত
ভৃত্য
গোমস্তা

ঈশ্বর কোন ব্যক্তিত্বকে সবচেয়ে বেশি পছন্দ করেন?

কোন ব্যক্তিত্ব ধরন সর্বাধিক ভালো নেতা গঠন করে?

*–রোমানস ১২:৪-৫–যেমন আমাদের সকলের অনেক সদস্য সহ একটি মাত্র শরীর, এবং এই সদস্য সমূহের এক প্রকার কার্য্য নয়, তেমনি, আমরা সকলে যিশুর অংশ, এবং প্রতি সদস্য পরস্পরের অন্তর্ভুক্ত।*

**একত্রে শক্তিশালী হও**

পৃথিবীতে কেন তিনজন আট প্রকার মানুষ?

যিশুর মত কি?

- সৈনিক
- সন্ধানী
- মেষপালক
- বপক
- পুত্র/ কন্যা
- সন্ত
- ভৃত্য
- গোমস্তা

যখন দ্বন্দ উত্পন্ন হয়, আমাদের কাছে কোন তিনটি উপায় থাকে?

- পালিয়ে যাওয়া
- পরস্পরের সাথে লড়াই করা
- ঈশ্বরের মহিমাসমন্বিত কোনো সমাধান পথ বার করে একত্রে কাজ করা

*–গালাতিয়ানস ২:২০–আমি যিশুর সাথে ক্রুশবিদ্ধ হয়েছি, এবং আমি জীবিত নেই, কিন্তু যিশু আমার মধ্যে জীবিত আছেন ; (এন এ এস )*

# কিভাবে আমি যিশুর সরল জীবন ও শিক্ষা প্রচার করবো?

–লিউক ২৪:১-৭–

সপ্তাহের প্রথম দিনে, খুব ভোরে, মহিলারা তাদের প্রস্তুত করা মশলা নিলেন এবং সমাধিক্ষেত্রে গেলেন| তারা আবিষ্কার করলেন, সমাধি থেকে পাথর সরে গেছে, কিন্তু যখন তারা প্রবেশ করলেন, তারা প্রভু যিশুর দেহ খুঁজে পেলেন না| যখন তারা এই বিষয়ে হতবাক হয়ে গেছিলেন, অকস্মাত দুজন মানুষমানুষ, যাদের পরিচ্ছদ থেকে এল বিচ্ছুরিত হচ্ছিলো, মহিলাদের পাশে এসে দাড়ালেন| ভীত হয়ে মহিলারা মাটিতে

মাথা নত করে অভিবাদন জানালেন, কিন্তু সেই মানব-দ্বয় বললেন, "জীবন্ত কে মৃতের মাঝে কেন সন্ধান করছেন? তিনি এখানে নেই; তাঁর পুনরুত্থান ঘটেছে! মনে করুন, তিনি যখন আপনাদের সাথে গালিলিতে ছিলেন, তিনি কি বলেছিলেন আপনাদের: 'মানব পুত্রকে অপরাধীদের হাতে তুলে দেওয়া হবে, তাঁকে ক্রুশবিদ্ধ করা হবে এবং তৃতীয় দিনে তাঁর পুনরুত্থান হবে।"

- নেতারা গ্রন্থ সজোরে পাঠ করার পরে, প্রতি অংশগ্রহণকারীদের নিম্নলিখিত সরঞ্জাম বিতরণ করুন:

  ১. একটি স্বর্ণ, নীল, সবুজ, কালো, সাদা, এবং রক্তলাল গাঁথা।
  ২. বারো ইঞ্চি লম্বা চর্ম অথবা রজ্জু।

- বিবরণ দিন, কিভাবে "যিশুর জীবন ও নীতি শিক্ষা কর-কঙ্কন" গঠন করতে হবে। গাঁথা গুলো সঠিক স্থানে ধরে রাখার জন্য রজ্জুর মাঝে একটি গিঁট লাগান। কর-কঙ্কনে প্রতিটি গাঁথা লাগানোর সাথে সাথে এর অর্থ বর্ণনা করতে থাকুন।

## স্বর্ণ গাঁথা

*"প্রারম্ভে শুধুমাত্র ঈশ্বর ছিলেন।"*

## নীল গাঁথা

*"তারপর, ঈশ্বরের আত্মা সমুদ্র এবং আকাশ সহ পৃথিবীর সব নির্মান করলেন।"*

## সবুজ গাঁথা

*"ঈশ্বর একটি সুন্দর বাগান নির্মান করলেন, মানব গঠন করলেন, এবং তাকে ঈশ্বরের পরিবারের অন্তর্ভুক্ত করলেন।"*

## কালো গাঁথা

*“দুর্ভাগ্যজনত, মানুষ ঈশ্বরকে অমান্য করলেন এবং পৃথিবীতে পাপ এবং যন্ত্রণা আনলেন। তার বিদ্রোহের জন্য, মানুষ বাগান এবং ঈশ্বরের পরিবার থেকে বিতারিত হলেন।”*

## সাদা গাঁথা

*“ঈশ্বর তবুও মানব জাতিকে খুব ভালোবাসেন, তাই তিনি তাঁর পুত্র যিশুকে পৃথিবীতে প্রেরণ করলেন।যিশু একটি নিষ্কলঙ্ক জীবন যাপন করলেন এবং ঈশ্বরকে সর্ব ক্ষেত্রে মান্য করলেন।”*

## লাল গাঁথা

*“যিশু আমাদের পাপের জন্য ক্রুশবিদ্ধ হয়ে মারা যান এবং তাঁকে সমাধি দেওয়া হয়।”*

- এই ক্ষেত্রে, নেতারা যিশুর জীবন ও নীতি শিক্ষা কর-কঙ্কনে আর গাথা লাগান না, কিন্তু গিঁট দিয়ে দেন, যাতে গাঁথা গুলি সঠিক ভাবে থাকে। পরবর্তী বিভাগ লাল গাঁথার দিকে নির্দেশ করে শুরু করুন এবং যতক্ষণ না স্বর্ণ গাঁথায় ফিরছেন, কাজ করতে থাকুন।

## লাল গাঁথা

*“ঈশ্বর যিশুকে দেখেছেন” আমাদের পাপের জন্য ত্যাগ স্বীকার করতে এবং তা মেনেও নিয়েছেন। তিনি সমাধি থেকে তিন দিন পরে যিশুকে পুনরুজ্জীবিত করান পৃথিবীকে এটি দেখানোর জন্য যে যিশুই ঈশ্বরের কাছে পৌছানোর একমাত্র উপায়।”*

## সাদা গাঁথা

*“যারা বিশ্বাস করেন যিশু ঈশ্বরের সন্তান এবং তিনি তাদের পাপের মূল্য দিয়েছেন...”*

## কালো গাঁথা

*“এবং তারা, যারা তাদের অপরাধের অনুশোচনা করেন এবং যিশুর কাছে তাদের জন্য সাহায্য প্রার্থনা করেন...”*

## সবুজ গাঁথা

*“...ঈশ্বর তাদের ক্ষমা করেন এবং তাদের তাঁর পরিবারে ফিরিয়ে দেন, যেমন তারা শুরুতে বাগানে ছিলেন।”*

## নীল গাঁথা

*“ঈশ্বর তাঁর আত্মা তাদের মধ্যে প্রদান করেন এবং এক নতুন মানব গঠন করলেন, যেমন ভাবে তিনি প্রারম্ভে পৃথিবীর সকল কিছু নির্মান করেছিলেন।”*

## স্বর্ণ গাঁথা

*“অবশেষে, যারা যিশুকে বিশ্বাস করেন তারা সকলে একদিন ঈশ্বরের সাথে অমরত্ব লাভ করবেন। তারা অন্য বিশ্বাসীদের সাথে এক স্বর্ণ শহরে বাস করবেন।*

*আমি এই কর-কঙ্কন পছন্দ করি কারণ এটি আমাকে মনে করিয়ে দেয়, আমি কোথায় ছিলাম এবং কোথায় চলেছি। যিশুর জীবন ও নীতি শিক্ষা কর-কঙ্কন এটিও মনে করিয়ে দেয়, ঈশ্বর কিভাবে আমার অপরাধ ক্ষমা করেছেন এবং আমার জীবন বদলে দিয়েছেন।*

*আপনি কি ঈশ্বরের পরিবারে ফিরে আসতে চান? আসুন একত্রে প্রার্থনা করি এবং ঈশ্বরকে বলুন আপনি বিশ্বাস করেন তিনি একটি উপযুক্ত পৃথিবী গঠন করেছেন এবং তাঁর পুত্রকে আপনার পাপের কারণে মৃত্যু বরণ করতে পাঠিয়েছিলেন। আপনার পাপের অনুশোচনা করুন, ক্ষমার জন্য প্রার্থনা করুন, এবং ঈশ্বর আপনাকে তাঁর পরিবারে পুনরায় গ্রহণ করবেন।"*

- কিছু সময় নিন এটি নিশ্চিত হতে যে প্রশিক্ষণে সকল নেতাই বিশ্বাসী। যিশুর জীবন ও নীতি শিক্ষার কর-কঙ্কন বর্ণনা দেওয়ার পরে, প্রশ্ন করুন কেউ ঈশ্বরের পরিবারে ফিরে আসতে চান কিনা।

## আমাদের কেন যিশুর সহায়তা প্রয়োজন?

১. ঈশ্বরের কাছে ফিরে যাওয়ার জন্য কেউ যথেষ্ট বুদ্ধিমান নন।

–ইসায়াহ ৫৫:৯–
যেহেতু স্বর্গরাজ্য পৃথিবীর থেকে উচ্চ, তেমনি আমার পথও তোমার পথ থেকে উচ্চ, এবং আমার চিন্তাধারাও তোমার চিন্তাধারার থেকে উন্নত।

*"কিছু মানুষ ভাবেন ঈশ্বরের কাছে ফেরার অনেক পথ বিদ্যমান। তারা বিস্তারিত ভাবে বিভিন্ন মতবাদ উদ্ভাবন করেন যে ঈশ্বরের কাছে পৌঁছনো একমাত্র উপায় যিশু নন। ঈশ্বরের চিন্তাধারা, মানুষের চিন্তাকে সংকীর্ণ-মনা করে। যখন ঈশ্বর বলেন, যিশুই একমাত্র পথ, সত্যি এবং জীবন, আপনি কাকে বিশ্বাস করবেন?"*

কেউ যথেষ্ট বুদ্ধিমান নন।
দুই হাতের তর্জনী মাথার দুপাশে রাখুন এবং মাথা নেড়ে বলুন "না"।

২. ঈশ্বরের কাছে ফেরার জন্য কেউ যথেষ্ট দান করেন না।

–ইসায়াহ ৬৪:৬–
আমরা সকলে পাপের দ্বারা অপবিত্র এবং সংক্রামিত। যখন আমরা আমাদের অধিকার ক্ষমতা প্রদর্শন করি, সেগুলি অকথ্য অত্যাচার ছাড়া আর কিছুই নয়। বসন্তের পাতার মতো আমরা বিবর্ণ হই এবং ঝরে পরি,

এবং আমার পাপ বাতাসের মতো আমাদের কুড়িয়ে নিয়ে যায়। (এন এল টি)

*“কিছু মানুষ ভাবেন দরিদ্রকে অর্থ দান করলেই অমরত্ব লাভ করবেন। তারা ভাবেন ঈশ্বর তাদের ভালো কার্য্য দেখছেন এবং তাদের স্বর্গরাজ্যে প্রবেশের অনুমতি দেবেন। যাইহোক, ঈশ্বরের কার্যের সাথে তুলনা করতে গেলে আমাদের সব ভালো কাজ অপবিত্র অত্যাচার ছাড়া আর কিছুই নয়। যিশু, তাঁর পুত্র আমাদের পাপের কারণে ক্রুশবিদ্ধ হয়ে মৃত্যু বরণ করেছেন, ঈশ্বর আমাদের পাপের জন্য নিজের পুত্রকে বিসর্জন দিয়েছেন। ঈশ্বর আমাদের মুক্তির জন্য এটি স্বীকার করে নিয়েছেন।”*

কেউ যথেষ্ট প্রদান করেন না
নিজের জামার পকেট অথবা ব্যাগ থেকে অনেক অর্থ বার করার ভঙ্গি করুন এবং মাথা নেড়ে বলুন “না”।

৩. ঈশ্বরের কাছে ফেরার জন্য কেউ যথেষ্ট শক্তিশালী নন।

–রোমানস ৭:১৮–
যেহেতু আমি জানি আমার শরীরের মধ্যে ভালো কিছুই নেই। শুধু ভালো কিছু কার্য্য করার ইচ্ছা আছে, কিন্তু সেটি করার ক্ষমতা নেই। (এইছ সি এস বি)

*“অন্য কিছু মানুষ ভাবেন ঈশ্বরের কাছে পৌছানোর উপায় হলো স্ব-অস্বীকার। তারা ধ্যান, উপবাস অভ্যাস করেন এবং পৃথিবীকে বর্জন করেন। তারা ভাবেন, একজন মানুষ তার ইচ্ছাকে দমন করতে পারলে মোক্ষ লাভ করবেন। একজন মানুষের তার দৃঢ়তার উপর নির্ভরশীল হওয়া উচিত। একজন ডুবন্ত মানুষের নিজেকে বাঁচানোর ক্ষমতা থাকে না।তার অবশ্যই সাহায্য গ্রহণ করা প্রয়োজন। যিশুই একমাত্র যথেষ্ট দৃঢ় ব্যক্তি যিনি একটি নির্ভুল জীপন যাপন করতে পারেন। আমরা ঈশ্বরের কাছে পৌছতে পারি যিশুর শক্তির উপরে নির্ভর করে, নিজেদের প্রচেষ্টার ভিত্তিতে নয়।”*

কেউ যথেষ্ট শক্তিশালী নন
উভয় বাহু “শক্তশালী মানুষ” এর ভঙ্গিতে তুলুন এবং মাথা নেড়ে বলুন “না”।

৪. ঈশ্বরের কাছে ফেরার জন্য কেউ যথেষ্ট ভালো নন।

–রোমানস ৩:২৩–
যেহেতু সকলে পাপ করেছেন এবং ঈশ্বরের মহিমা হ্রাস করেছেন,

*"শেষ মানব গোষ্ঠী বিশ্বাস করেন তাদের ভালো কাজ কুকর্মের থেকে বেশি হওয়ার জন্য তারা ঈশ্বরের কাছে ফিরতে পারেন। তারা নিশ্চিত যে তারা বেশি সুকর্ম করেছেন এবং ঈশ্বরের প্রিয় হয়েছেন। তারা নিজেদের পক্ষে এই কথা বলেন, "আমি ওই মানুষটির মতো কখনো দুস্কর্ম করিনি।" ঈশ্বর তার পুত্র যিশুর নিষ্কলঙ্ক জীবনের নিক্তিতে আমাদের সকলের বিচার করবেন।যিশুর সাথে তুলনা করলে আমরা সকলে পিছিয়ে পরি। ঈশ্বরের স্বীকার করার মতো একমাত্র যথেষ্ট ভালো কাজ যিশুর আত্মত্যাগ। একমাত্র যিশুই আমাদের ঈশ্বরের পরিবারে ফিরিয়ে নিয়ে যেতে পারেন। আমাদের অবশ্যই তাঁর দয়ার উপর বিশ্বাস রাখা উচিত, নিজেদের উপরে নয়।"*

কেউ যথেষ্ট ভালো নন
হাত বাইরে করুন, যেন ভারসাম্য রাখছেন, হাত উপরে এবং নিচে করুন, এবং মাথা নেড়ে বলুন "না"।

# স্মৃতিচারণ

–জন ১৪:৬–
যিশু উত্তর দিলেন, "আমি পথ এবং সত্যি এবং জীবন। আমাকে ব্যতীত কেউ পিতার কাছে পৌছতে পারেন না।"

- প্রত্যেকে উঠে দাড়ান এবং একত্রে দশ বার স্মৃতিচারণ করুন। প্রথম ছয় বার, শিক্ষাত্রীরা বাইবেল অথবা শিক্ষা-বিবরণী ব্যবহার করেন। শেষ চারবার, তারা স্মৃতি থেকে স্লোক পাঠ করেন। শিক্ষাত্রীদের প্রতি ক্ষেত্রে স্লোক পাঠ করার আগে স্লোক-সুত্র বলুন এবং পাঠ শেষ হওয়ার পরে বসুন।
- এই নিয়ম অনুসরণ করলে প্রশিক্ষকদের বুঝতে সুবিধা হয়, "অভ্যাস» অধিবেশনে কোন গোষ্ঠী পাঠ সম্পূর্ণ করলো।

# অভ্যাস

- নেতাদের চারজনের একএকটি গোষ্ঠীতে ভাগ করুন।

*"প্রিস্কিল্লা এবং অকুইলা গির্জায় ব্যবসায়ী ছিলেন। তারা যেখানে কার্য্যক্ষেত্রে বাস করতেন, সেখানেই গোষ্ঠী অথবা গির্জা গঠন করেছিলেন। যখন তাদের ব্যবসা অন্যত্র স্থানান্তরিত হত, তারা নতুন স্থানেই নতুন গোষ্ঠী অথবা গির্জা গঠন করতেন।*

*খ্রিস্টান ব্যবসায়ী মানুষদের জন্য নতুন গির্জা অথবা গোষ্ঠী গঠনের তৃতীয় পন্থা হলো, তাদের দ্বারা অনুগত জনমণ্ডলী নিয়ে গঠিত গোষ্ঠী, যা পরে গির্জায় পরিনত হয়।যদি খ্রিস্টান ব্যবসায়ী মানুষটি এমন কোনো স্থানে উপস্থিত হন, যেখানে গির্জা নেই, তিনি সেখানেই নতুন গোষ্ঠী গঠন করেন। এই প্রকার ধর্মপ্রচার কার্য্যে প্রধানত এক থেকে তিন বছর সময় লাগে।"*

- যিশুর পরিকল্পনার চতুর্থ কলামে, আপনি যে ব্যবসায়ীদের জানেন, তাদের নাম লিখুন, যারা একটি নতুন গোষ্ঠী অথবা গির্জা স্থাপনে সাহায্য করতে পারেন| এটি কি ভাবে সম্ভবপর হবে, তার একটি সংক্ষিপ্ত বিবরণ দিন|

## ৪. নিপীড়িত

–শিষ্যচরিত ৮:১–
স্তেফেনের হত্যার একজন সাক্ষী ছিলেন সৌল , এবং তিনি সেই হত্যা সমর্থন করতেন| সেই দিন জেরজালেমের গির্জা এবং মানুষদের উপরে তীব্র নির্যাতন শুরু হলো ; এবং ঈশ্বর প্রেরিত দূত ছাড়া সকলে জুদা এবং সমারিয়ার বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে পড়ল|(এন এল টি)

*"আইনের বইতে যে শেষ মানব গোষ্ঠী, গির্জা এবং গোষ্ঠী গঠন করেছিলেন; সেই বিশ্বাসীরাই নির্যাতিত হচ্ছিলেন |অনেক বিশ্বাসী জেরুজালেম ত্যাগ করতে বাধ্য হলেন, যখন সৌল নৃসংশ ভাবে গির্জা উত্পীড়ন করছিলেন| তারা যুদিয়া এবং সমারিয়াতে গোষ্ঠী এবং গির্জা গঠন করলেন| পরবর্তী কালে, ঈশ্বর প্রেরিত দূতেরা সেই সব এলাকায় যেখানে আগে থেকেই গির্জা স্থাপিত হয়েছে, পরিদর্শনে গেছিলেন|*

*নতুন গোষ্ঠী এবং গির্জা স্থাপনের সর্বশেষ উপায় হলো, নীপিড়িত বিশ্বাসীদের দ্বারা গঠিত গির্জা, যারা নতুন শহরে স্থানান্তরিত হয়েছে| যদি কোনো গোষ্ঠী অথবা গির্জার অস্তিত্ব না থাকে. নতুন আগত বিশ্বাসীরা একটি শুরু করেন | একটি গোষ্ঠী অথবা গির্জা গঠন করতে কোনো অধিবেশনের শিক্ষার দরকার হয়ে না, শুধু যিশুর জন্য ভালবাসা, এবং তাঁর আদেশ মান্য করার জন্য হৃদয় প্রয়োজন|"*

- যিশুর পরিকল্পনার চতুর্থ কলামে, আপনার জানা স্থানচ্যুত মানুষের নাম লিখুন, যারা নতুন গোষ্ঠী অথবা গির্জা শুরু করতে সাহায্য করতে পারেন | এটি কি ভাবে সম্ভব হবে, তার একটি সংক্ষিপ্ত বিবরণ দিন|

# স্মৃতিচারণ

—শিষ্যচরিত ১:৮—
পবিত্র আত্মা যখন আপনার কাছে আসবে, আপনি শক্তির অধিকারী হবেন ; এবং জেরুজালেম , সমগ্র যুদিয়া ,সামারিয়া এবং পৃথিবীর শেষ প্রান্ত অবধি আপনি আমার সাক্ষী হবেন|"

- প্রত্যেকে উঠে দাড়ান এবং একত্রে ১০ বার স্মৃতিচারণ করুন| প্রথম ছয় বার, শিক্ষাত্রীরা বাইবেল অথবা শিক্ষা-বিবরণী ব্যবহার করেন| শেষ চারবার, তারা স্মৃতি থেকে স্লোক পাঠ করেন| শিক্ষাত্রীরা প্রতি ক্ষেত্রে স্লোক পাঠ করার আগে স্লোক-সুত্র বলুন এবং পাঠ শেষ হওয়ার পরে বসুন|
- এই নিয়ম অনুসরণ করলে শিক্ষাত্রীদের বুঝতে সুবিধা হয়, "অধ্যায়" অধিবেশনে গোষ্ঠী কোন পাঠ সম্পূর্ণ করলো|

# অভ্যাস

- নেতাদের চারটি গোষ্ঠীতে বিভক্ত করুন| নেতৃত্ব পথের সাথে তাদের প্রশিক্ষণ পদ্ধতি ব্যবহার করতে বলুন|
- প্রতি নেতাদের প্রশিক্ষণ পদ্ধতিটি ধাপে ধাপে অভ্যাস করতে বলুন, নিম্নলিখিত বিষয়গুলির প্রতিটি ৭-৮ মিনিট করে আলোচনা করার সময় দিন|

## উন্নতি

*"চার প্রকার গোষ্ঠী গঠনকারীর সাহায্যে আপনি যে চারটি ভিন্ন স্থানে গোষ্ঠী অথবা গির্জা গঠন করেছেন, তার প্রগতি সংবাদ বিনিময় করুন|"*

## সমস্যা

*"চার প্রকার গোষ্ঠী গঠনকারীর সাহায্যে আপনি যে চারটি ভিন্ন স্থানে গোষ্ঠী অথবা গির্জা গঠন করেছেন, তার জন্য যে প্রভূত সমস্যার সম্মুখীন হয়েছেন, তা বিনিময় করুন|"*

### পরিকল্পনা

*দুটি কার্য্য বিনিময় করুন, যা গোষ্ঠী পরবর্তী ৩০ দিন অভ্যাস করবেন, এবং সেটি তাদের নতুন গোষ্ঠী অথবা গির্জা গঠনে সাহায্য করবে।”*

- প্রত্যেকে পরস্পরের পরিকল্পনা নথিভুক্ত করে রাখেন, যাতে তারা পরে তাদের সঙ্গীর জন্য প্রার্থনা করতে পারেন।

### অভ্যাস

*“আপনি যে কার্য্য পরবর্তী ৩০ দিনে করবেন, তা বিনিময় করুন, সেই কার্য্য অঞ্চলে আপনাকে একজন নেতা হিসাবে উন্নতি করতে সাহায্য করবে।”*

- প্রত্যেকে তার সঙ্গীর অভ্যাস বিষয় নথিভুক্ত করে রাখেন, যাতে পরবর্তী সময়ে তারা সঙ্গীর জন্য প্রার্থনা করতে পারেন।
- সকলে অভ্যাস করার জন্য তাদের শৈলী বিনিময় করার পরে, নেতা উঠে দাড়ান এবং দশবার একত্রে স্মৃতিচারণ করেন।

### প্রার্থনা

- পরস্পরের পরিকল্পনার জন্য এবং পরবর্তী ৩০দিন যে শৈলী অভ্যাস করবে নিজেকে একজন উন্নত নেতা হিসাবে গঠন করার জন্য, প্রার্থনায় সময় অতিবাহিত করুন।

# সমাপ্তি

## একটি নতুন গির্জা স্থাপন কতটা ব্যয় সাপেক্ষ?

*“একটি নতুন গির্জা গঠন করতে কি প্রয়োজন? আসুন একটি তালিকা তৈরি করি।”*

- ছাত্ররা যেমন সাদা বোর্ডে উত্তর দেয়, সেভাবে একটি তালিকা তৈরি করুন | আলোচনা এবং তর্কের অনুমতি দিন | উদাহরণ, যদি কেউ বলেন, "একটি বাড়ি", বাকি ছাত্রদের প্রশ্ন করুন, একটি গির্জা স্থাপনের জন্য একটি বাড়ি প্রয়োজন কিনা |

*"এখন আমাদের কাছে একটি গির্জা স্থাপনের প্রয়োজনীয় জিনিসের তালিকা আছে, আসুন প্রতি বিষয়ের জন্য মূল্য ধারণ করি |"*

- তালিকাটি পড়ুন এবং ছাত্রদের প্রতিটি জিনিসের জন্য মূল্য নির্ধারণ করার জন্য বলুন | শিক্ষাত্রীদের আলোচনা করার জন্য উত্সাহ দিন এবং প্রতি লাইনের জন্য একটি মূল্য নির্ধারণ করুন | সাধারণত, গোষ্ঠী বিচার করে, নতুন গির্জা স্থাপনের জন্য আদৌ কিছু অর্থ প্রয়োজন কিনা, অথবা শুধুমাত্র একটি বাইবেল কেনার মত অর্থ হলেই চলবে |

*গির্জা গঠনের সময়ে মানুষ সাধারণত যে ভুল করে, সেটি থেকে অব্যাহতি পাওয়ার উদ্দেশ্যেই এই অভ্যাস |তারা ভাবেন, একটি গির্জা গঠনে অনেক অর্থের প্রয়োজন হয় | অধিকাংশ গির্জা, গৃহেই শুরু হয় এবং বেশি অর্থের প্রয়োজন হয়না | এমনকি, আজকের বৃহত গির্জাগুলিও গৃহে স্থাপিত হয়েছিল |বিশ্বাস, আশা, এবং ভালবাসা ই একমাত্র প্রয়োজনীয় বিষয় একটি নতুন গির্জা স্থাপনের জন্য, একটি বৃহত ব্যান্ক একাউন্টের নয় |"*

## আমার যিশুর পরিকল্পনা

- নেতাদের বলুন তাদের অংশগ্রহনকারী পথপ্রদর্শক এর পিছনের পাতা "যিশুর পরিকল্পনা" খুলতে |

*"আমরা পরবর্তী অধিবেশনে আমাদের যিশুর পরিকল্পনা উপস্থাপন করব | যিশুর পরিকল্পনা সম্পূর্ণ করার জন্য কিছু মুহূর্ত নিন এবং ভাবুন আপনি কি ভাবে এই গোষ্ঠির সামনে উপস্থাপন করবেন|আপনি যখন সমাপ্তি করবেন, পরবর্তী অধিবেশনে ঈশ্বরের আশীর্বাদের জন্য প্রার্থনায় কিছু সময় ব্যয় করুন |*

# অন্যান্য প্রচলিত প্রশ্ন

## প্রশিক্ষণ অধিবেশনে আপনি কি ভাবে অশিক্ষিত মানুষদের সাথে কাজ করবেন?

যিশুর প্রশিক্ষণ অনুসরণ বহুল শিক্ষনীয় পন্থা ব্যবহার করে, যা শিক্ষিত এবং অশিক্ষিত মানুষদের সকল শিক্ষা মনে রাখতে সাহায্য করে| আমাদের অভিজ্ঞতায়, দুই গোষ্ঠীই সমানভাবে প্রশিক্ষণে আনন্দ উপভোগ করেন এবং উপকৃত হন| অশিক্ষিত মানুষদের শিক্ষা দেওয়ার সময়ে আমরা হস্তমুদ্রার উপরে জোর দিই| কিছু এশিয়ান সংস্কৃতিতে, মহিলারা তৃতীয় শ্রেনীর বেশি শিক্ষা পান না| এমনি মহিলা গোষ্ঠিকে প্রশিক্ষণ দেওয়ার পরে, তারা সজল চোখে আমাদের "ধন্যবাদ" জ্ঞাপন করেন এবং বলেন, "হস্তমুদ্রার কারণে আমরা সহজে শিখতে পরেছি এবং এখন আমরা যিশুকে অনুসরণ করতে পারব|"

অশিক্ষিত বিন্যাসেও, প্রধানত গোষ্ঠির জন্য একজন মানুষ পাঠ করেন| সাধারণত, আমরা পাঠককে গোষ্ঠির জন্য গ্রন্থটি সজোরে পাঠ করার জন্য অনুরোধ করি| কখনো আমরা পাঠককে গ্রন্থটি দুই অথবা তিনবার পাঠ করার জন্য অনুরোধ করি, যাতে গোষ্ঠী নিশ্চিত ভাবে বুঝতে পারে| আমরা যদি পূর্ব থেকেই জানি, গোষ্ঠীটি অশিক্ষিত; আমরা প্রতি অধিবেশনের একটি দর্শনযোগ্য অথবা শ্রবনযোগ্য নথির আয়োজন করি|

টেলিভিসন এবং রেডিও অশিক্ষিত মানুষদের ভীষণ প্রভাবিত করে, এমনকি সদুর গ্রামের মানুষদেরও| এটি ভেবে ভুল করবেন না, যে অশিক্ষিত মানুষদের পাঠটি বারংবার আপনাকে প্রশিক্ষণ দিতে হবে|যদি প্রথমবার শিক্ষাত্রীরা পাঠটি বুঝতে না পারেন, তাহলে অতিরিক্ত সময় ধরে প্রশিক্ষণ দিন,এবং আপনি যখন উপস্থিত থাকবেন না, তখন তাদের পর্যালোচনার জন্য কোনো দশনীয় নথি রেখে যান| অধিকাংশ স্থানে সার্বিক ডিভিডি অথবা ভিসিডি প্লেয়ার পাওয়া যায়| এম পি ৩ প্লেয়ার খুব সহজে ব্যবহার করা যায় এবং ব্যাটারিতে চলে|

আপনি দর্শনযোগ্য এবং শ্রবনযোগ্য নথির আয়োজন করলে বহু শিক্ষাত্রী ঈশ্বরের আশির্বাদ পুষ্ট হবেন| আপনি যদি একটি ভিডিও অথবা অডিও উত্পন্ন করেন, দয়া করে একটি নকল lanfam@FollowJesusTraining.com তে পাঠান|

# ১০

# যিশুকে অনুসরণ

মৌলিক নেতা গঠনে নেতারা শিখেছেন কে গির্জা গঠন করেন এবং এটি কেন গুরুত্বপূর্ণ |যিশুর কৌশলের পাঁচটি পর্যায় তারা আয়ত্ত করেছেন সমগ্র পৃথিবীতে পৌছানোর জন্য এবং পরস্পরকে শিক্ষাদানের মাধ্যমে তা অভ্যাস করেছেন| তারা একজন মহান নেতার সাতটি গুনাবলী সম্পর্কে জানেন, ভবিষ্যতের জন্য "শিক্ষণ বৃক্ষ" গঠন করেন, এবং জানেন কিভাবে ভিন্ন ব্যক্তিত্বের মানুষের সাথে কাজ করতে হয়| লিউক ১০এ যিশুর পরিকল্পনার উপর ভিত্তি করে প্রতি নেতার কাছে একটি পরিকল্পনা আছে| "যিশুকে অনুসরণ" নেতৃত্বের একটি অংশকে সম্মোধন করে, যা হলো: প্রেরণা|

দুইশত বছর আগে, মানুষ যিশুকে বিভিন্ন কারণে অনুসরণ করতেন| কেউ কেউ, যেমন জেমস এবং জন, বিশ্বাস করতেন যিশুকে অনুসরণ করলে খ্যাতি আসবে| অন্যরা, যেমন আচার এবং ধার্মিক ইহুদি জাতির মানুষ, তাঁকে সমালোচনা করার জন্য এবং তাদের শ্রেষ্টত্ব প্রমানের জন্য অনুসরণ করেছিলেন| আর অন্যরা, যেমন যুদাস, অর্থের জন্য যিশুকে অনুসরণ করেছিলেন| পাঁচ হাজার মানুষের জনতা তাঁকে অনুসরণ করতেন কারণ তাদের প্রয়োজন ছিল খাদ্য| অপর গোষ্ঠী তাঁকে অনুসরণ করতেন, কারণ তাদের নিরাময়তার প্রয়োজন ছিল, এবং শুধুমাত্র একজন মানুষ ফিরে এসেছিলেন তাঁকে ধন্যবাদ জ্ঞাপনের জন্য| দু:খজনক ভাবে, বহু মানুষ স্বার্থের কারণে যিশুকে অনুসরণ করেছিলেন, কারণ যিশু তাদের প্রয়োজন মেটাতে পারতেন| আজও তার পরিবর্তন নেই| একজন নেতা রূপে, আমাদের নিজেদের মূল্যায়ন করা উচিত, "আমি কেন যিশুকে অনুসরণ করছি?"

যিশুকে যারা হৃদয়ের অন্ত:স্থল থেকে ভালোবেসে অনুসরণ করেছেন, যিশু তাদের প্রশংসা করেছেন | যেখানে মানুষ যিশুর জীবন ও শিক্ষা প্রচার করেছেন, একজন পদদলিত মহিলার অপরিমিত সুগন্ধির উপহার তাঁকে সেখানকার কথা এবং অঙ্গীকার মনে করিয়ে দিয়েছে| একজন বিধবার সামান্য দান মন্দিরের সকল স্বর্ণের থেকেও যিশুর মন ছুঁয়েছে| যিশু হতাশ হয়েছিলেন যখন একজন সম্ভাবনাময় যুবক তার সম্পূর্ণ হৃদয় দিয়ে ঈশ্বরকে ভালোবাসতে প্রত্যাখ্যান করেছিলেন এবং নিজের অর্থবান থাকা পছন্দ করেছিলেন |যিশু পিটারকে তার বিশ্বাসঘাতকতার পরে তাকে উদ্ধার করার সময়ে কেবল একটি প্রশ্ন করেছিলেন, “সিমন, তুমি কি আমাকে ভালোবাসো?” আধ্যাত্মিক মানুষ ঈশ্বরকে এবং মানুষকে ভালোবাসেন|

এই অধিবেশন প্রতি নেতার দ্বারা তাদের “যিশু সম্মন্ধীয় পরিকল্পনা” বিনিময়ের মাধ্যমে সমাপ্ত হয়| নেতারা একে অপরের জন্য প্রার্থনা করেন, একত্রে কাজ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়, এবং ভালোবাসা এবং ঈশ্বরের মহিমার জন্য নতুন নেতা প্রশিক্ষণ দেন|

# প্রশংসা

- দুটি উপাসনা সঙ্গীত একত্রে করুন| এই অধিবেশনের জন্য একজন নেতাকে প্রার্থনা করতে বলুন|

# প্রগতি

**স্বাগতম**

গির্জা কে গঠন করেছিলেন?
সেটি এত গুরুত্বপূর্ণ কেন?
যিশু কিভাবে তাঁর গির্জা গঠন করেছিলেন?
ঈশ্বরে দৃঢ় হন
যিশুর জীবন ও শিক্ষা প্রচার করুন
শিষ্য গঠন করুন
গোষ্ঠী এবং গির্জা গঠন করুন
নেতা উন্নয়ন করুন

*–আই করিন্থীয়ানস ১১:১–আমাকে অনুসরণ করুন, যেভাবে আমি যিশুকে অনুসরণ করেছি| (এন এ এস)*

## যিশুর মত শিক্ষা দিন

যিশু কিভাবে নেতাদের শিক্ষা দিতেন?

উন্নতি
সমস্যা
পরিকল্পনা
অভ্যাস
প্রার্থনা

*–লিউক ৬:৪০–একজন অনুগামী তার শিক্ষকের অধিক নয়, কিন্তু যে সম্পূর্ণরূপে প্রশিক্ষনপ্রাপ্ত, সে তার শিক্ষক সম। (এইছ সি এস বি)*

## যিশুর মত নেতৃত্ব দিন

যিশু কাকে সর্বাধিক মহান নেতা বলেছেন?

একজন মহান নেতার সাতটি গুন কি?

১. মহান নেতা মানুষকে ভালবাসেন
২. মহান নেতা তাদের লক্ষ্য জানেন
৩. মহান নেতা তাদের অনুগামীদের সেবা করেন
৪. মহান নেতা সহানুভূতির সাথে সংশোধন করেন
৫. মহান নেতা গোষ্ঠির বর্তমান সমস্যার কথা জানেন
৬. মহান নেতা অনুসরণ যোগ্য ভালো উদাহরণ গঠন করেন
৭. মহান নেতা জানেন তারা আশির্বাদ প্রাপ্ত

*–জন ১৩:১৪-১৫–এখন আমি, তোমাদের প্রভু এবং শিক্ষক, তোমাদের পদ-মার্জন করলাম, তোমাদের ও পরস্পরের পদ-মার্জনা করা উচিত। আমি একটি উদাহরণ তৈরি করলাম, যা দেখে তোমরা অনুসরণ করবে, যেমন আমি তোমাদের জন্য করলাম।*

## দৃঢ় হও

ঈশ্বর আপনাকে কোন ব্যক্তিত্ব দিয়েছেন?

সৈনিক
সন্ধানী
মেষপালক

বপক
পুত্র/ কন্যা
সন্ত
ভৃত্য
গোমস্তা

ঈশ্বর কোন ব্যক্তিত্বকে সবচেয়ে বেশি পছন্দ করেন?
কোন ব্যক্তিত্ব ধরন সর্বাধিক ভালো নেতা গঠন করে?

*–রোমানস ১২:৪-৫–যেমন আমাদের সকলের অনেক অঙ্গ সহ একটি মাত্র শরীর, এবং এই অঙ্গ সমূহের এক প্রকার কার্য্য নয়, তেমনি, আমরা সকলে যিশুর অংশ, এবং প্রতি সদস্য পরস্পরের অন্তর্ভুক্ত।*

## একত্রে শক্তিশালী হও

পৃথিবীতে কেন তিনজন আট প্রকার মানুষ?
যিশুর মত কি?

সৈনিক
সন্ধানী
মেষপালক
বপক
পুত্র/ কন্যা
সন্ত
ভৃত্য
গোমস্তা

যখন দ্বন্দ উত্পন্ন হয়, আমাদের কাছে কোন তিনটি উপায় থাকে?

পালিয়ে যাওয়া
পরস্পরের সাথে লড়াই করা
ঈশ্বরের মহিমাসমন্বিত কোনো সমাধান পথ বার করে একত্রে কাজ করা

*–গালাতিয়ানস ২:২০–আমি যিশুর সাথে ক্রুশবিদ্ধ হয়েছি, এবং আমি জীবিত নেই, কিন্তু যিশু আমার মধ্যে জীবিত আছেন; (এন এ এস)*

## যিশুর জীবন ও শিক্ষা প্রচার করুন

আমি কি ভাবে যিশুর সরল জীবন ও শিক্ষা প্রচার করব?

স্বর্ণ গাঁথা

নীল গাঁথা

সবুজ গাঁথা

কালো গাঁথা

সাদা গাঁথা

লাল গাঁথা

আমাদের কেন যিশুর সহায়তা প্রয়োজন?

ঈশ্বরের কাছে প্রত্যাবর্তনের জন্য কেউ যথেষ্ট বুদ্ধিমান নয়

ঈশ্বরের কাছে প্রত্যাবর্তনের জন্য কেউ যথেষ্ট দান করেন না

ঈশ্বরের কাছে প্রত্যাবর্তনের জন্য কেউ যথেষ্ট দৃঢ় নন

ঈশ্বরের কাছে প্রত্যাবর্তনের জন্য কেউ যথেষ্ট ভালো নন

*–জন ১৪:৬–যিশু বললেন, "আমি পথ, সত্যি এবং জীবন। আমাকে ছাড়া কেউ পিতার কাছে পৌছতে পারে না।"*

## অনুশিষ্য গঠন করুন

যিশুর পরিকল্পনার প্রথম পদক্ষেপ কি?

নিজের হৃদয়কে তৈরি করুন

জোড় তৈরি করুন

যিশু যেখানে কাজ করছেন, সেখানে যান

উত্পাদন থেকে নেতাদের জন্য প্রার্থনা করুন

নম্রভাবে চলুন

ঈশ্বরের উপরে নির্ভর করুন, অর্থের উপরে নয়

তিনি যেখানে আহ্বান জানাচ্ছেন, সেখানে যান

*–লিউক ১০:২–তিনি তাদের বললেন, "উত্পাদন অপরিমিত, কিন্তু কর্মী পরিমিত। উত্পাদনের প্রভুকে আহ্বান করুন, যাতে তিনি তাঁর উত্পাদন ক্ষেত্রে কর্মী প্রেরণ করেন।"*

## গোষ্ঠী গঠন করুন

যিশুর পরিকল্পনার দ্বিতীয় পদক্ষেপ কি?

বন্ধুত্ব বাড়ানN

শান্তিপূর্ণ মানুষ সন্ধান করুন

তারা আপনাকে যে খাদ্য এবং পানীয় দেন, তা গ্রহণ করুন|

গৃহে গৃহে ঘুরে বেড়াবেন না

যিশুর পরিকল্পনার তৃতীয় পদক্ষেপ কি?

শুভ সংবাদ প্রচার করুন N

অসুস্থকে সুস্থ করে তুলুন

যিশুর জীবন ও শিক্ষা প্রচার করুন

যিশুর পরিকল্পনার চতুর্থ পদক্ষেপ কি?

ফলাফল পর্যালোচনা করুন এবং সমন্বয় ঘটান N

তারা কি ভাবে সাড়া দিচ্ছেন, তার পর্যালোচনা করুন

তারা যদি সাড়া না দেন, ছেড়ে দিন

*–লিউক ১০:৯–ওখানে উপস্থিত পীড়িত মানুষের শুশ্রূষা করুন এবং তাদের বলুন, " ঈশ্বরের রাজত্ব তোমার কাছেই আছে|"*

## গির্জা গঠন

কোন চারটি স্থানে যিশু বিশ্বাসীদের গির্জা স্থাপনের নির্দেশ দিয়েছেন?

জেরুজালেম

জুদিয়া

সামারিয়া

সর্বত্র এবং চূড়ান্ত

গির্জা স্থাপনের চারটি পন্থা কি?

পিটার

পল

প্রিস্কিল্লা এবং আকুইলা

নীপিড়িত

একটি নতুন গির্জা স্থাপনে কত ব্যয় হয়?

*–শিষ্যচরিত ১:৮–"যখন পবিত্র আত্মা তোমার কাছে আসেন, তুমি শক্তি অর্জন করো; এবং তুমি জেরুজালেম, এবং সকল জুদিয়া এবং সামারিয়া এবং পৃথিবীর সর্বশেষ প্রান্ত পর্যন্ত আমার সাক্ষী থাকবে|"*

# পরিকল্পনা

## আপনি কেন যিশুকে অনুসরণ করেন?

*“যখন যিশু দুইশত বছর আগে পৃথিবীতে আবির্ভূত হয়েছিলেন, মানুষ বিভিন্ন কারণে তাঁকে অনুসরণ করেছিলেন।*

*কেউ কেউ, যেমন জেমস এবং জন, বিশ্বাস করতেন যিশুকে অনুসরণ করলে খ্যাতি আসবে।”*

–মার্ক ১০:৩৫-৩৭–
জেমস এবং জন, জেবেদার দুই পুত্র যিশুর কাছে এলেন এবং বললেন, “শিক্ষক, আমরা চাই আপনি আমাদের জন্য কিছু করুন।” এবং তিনি বললেন, “তোমরা আমাকে দিয়ে কি করাতে চাও?” তারা তাঁকে বললেন, “আমাদের আপনার দুইপাশে, একজন ডানদিকে, অপরজন বামদিকে থাকার মহিমা দিন।” (এন এ এস)

*“মানুষ, যেমন আচারধর্মী ইহুদি জাতির মানুষ, তাদের শ্রেষ্টত্ব প্রমানের জন্য যিশুকে অনুসরণ করেছিলেন।”*

–লিউক ১১:৫৩-৫৪–
যখন যিশু স্থান ত্যাগ করছিলেন, ধার্মিক আইনের শিক্ষকগণ এবং প্রাচীন আচারধর্মী ইহুদিগণ প্রতিরোধী হয়ে উঠলেন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তাঁকে থামাতে চেষ্টা করলেন। তারা চাইছিলেন, তিনি এমন কিছু বলুন, যা তাঁর বিরুদ্ধে যায় এবং যার মাধ্যমে তাঁকে পর্যুদস্ত করা যায়।(এন এল টি)

*“যুদাসের মতো মানুষ অর্থের জন্য যিশুকে অনুসরণ করেছিলেন।”*

–জন ১২:৪-৬–
কিন্তু তাঁর একজন অনুশিষ্য, যুদাস ইস্কারিয়ত, যিনি পরে তাঁর সাথে বিশ্বাসঘাতকতা করবেন, বাধা দিলেন, “কেন এই সুগন্ধ বিক্রয় করে সেই অর্থ দরিদ্রদের মধ্যে বিতরণ করা হচ্ছে না?এটি এক বছরের ব্যয়ভার সম।” তিনি এই কোথা দরিদ্রদের কথা ভেবে বলেননি, বরং বলেছেন কারণ

তিনি একজন তস্কর; অর্থের থলি নিজের কাছে রাখার দৌলতে তিনি নিজের কাজে অর্থ ব্যবহার করতেন।

*“মানুষের জনতা যিশুকে অনুসরণ করতেন কারণ তাদের প্রয়োজন ছিল খাদ্য।”*

–জন ৬:১১-১৫–
যিশু রুটিগুলি নিলেন, ধন্যবাদ জ্ঞাপন করলেন এবং তাঁর সামনে যারা বসে ছিলেন, তাদের মধ্যে বিতরণ করলেন। মাছের সাথেও একই জিনিস করলেন তিনি, যে যত চাইলো, তিনি দিয়ে তাদের তৃপ্ত করলেন। যখন তাদের খাদ্যগ্রহণ সমাপ্ত হলো, তিনি তাঁর অনুশিষ্যদের বললেন, “পড়ে থাকা টুকরোগুলি একত্রিত করো। কিছুই যেন নষ্ট না হয়।” তাই তারা সবকিছু একত্রিত করলেন এবং পাঁচ বাক্সের রুটির পড়ে থাকা টুকরো থেকে বারটি বাক্স ভরলেন।যিশুর এই অলৌকিক কান্ড দেখে দর্শকগণ বলতে শুরু করলেন, “ইনিই নিশ্চিত ভাবে সেই নবী, যিনি পৃথিবীতে আবির্ভূত হবেন।” যিশু বুঝতে পারলেন এরা এগিয়ে আসবেন এবং তাঁকে জোর করে রাজা বানাবেন, তখন তিনি পুনরায় পর্বতে ফিরে গেলেন।

*“দশজন কুষ্ঠ রোগীর মতো মানুষ যিশুকে নিরাময়তার জন্য অনুসরণ করেছিলেন।”*

–লিউক ১৭:১২-১৪–
যখন তিনি গ্রামে গেলেন, দশজন কুষ্ঠ রোগী তাঁর কাছে এলেন। তারা একটি দুরত্ব রেখে চিত্কার করে বলতে লাগলেন, “যিশু, প্রভু, আমাদের দয়া করুন !” যিশু তাদের দেখলেন এবং বললেন, “যাও তোমরা নিজেদের যাজকদের দেখাও।” যাত্রাপথে তারা সেরে উঠলেন।(সি ই ভি)

*“আপনারা দেখতেই পাচ্ছেন, বহু মানুষ স্বার্থপরতার জন্য যিশুকে অনুসরণ করেছিলেন। তারা যিশুর জন্য সামান্য চিন্তা করতেন এবং তাদের লক্ষ্য ছিল যিশু তাদের কি দেবেন। আজও তার পরিবর্তন নেই।*

*একজন নেতা রূপে, আমাদের নিজেদের মূল্যায়ন করা উচিত, “আমি কেন যিশুকে অনুসরণ করছি?”*

*"আপনি কি খ্যাতি লাভের জন্য যিশুকে অনুসরণ করছেন?"*

*"আপনি কি নিজের শ্রেষ্ঠত্ব প্রমানের জন্য যিশুকে অনুসরণ করছেন?*

*আপনি কি অর্থের জন্য যিশুকে অনুসরণ করছেন?*

*আপনি কি আপনার পরিবারের মুখে খাদ্য যোগানোর জন্য যিশুকে অনুসরণ করছেন?*

*আপনি কি নিরাময়তার আশা রেখে যিশুকে অনুসরণ করছেন?*

*মানুষ যিশুকে বহু কারণের জন্য অনুসরণ করেন। ঈশ্বর শুধুমাত্র একটি প্রেরণাকে আশির্বাদ দেন। যিশু সেই সন মানুষ চেয়েছিলেন, যারা হৃদয়ের অন্তঃস্থল থেকে যিশুকে অনুসরণ করেন।*

*আপনার কি সেই নিম্নজাতির পাপী মহিলাকে মনে আছে, যে যিশুর উপরে দামি সুগন্ধ ঢেলে দিয়েছিলেন?"*

–ম্যাথিউ ২৬:১৩–
"আমি তোমাকে সত্যি বলছি, সমগ্র পৃথিবীর যেখানেই এই যিশুর জীবন ও নীতিশিক্ষা প্রচারিত হবে, এই মহিলা যা করেছেন, সেটিও তার স্মরণে বলা হবে।"(এন এ এস)

*"আপনার কি বিধবা দরিদ্র মহিলাকে মনে আছে? তাঁর দান মন্দিরের সকল সম্পদের থেকেও যিশুর হৃদয় স্পর্শ করেছিলো।"*

–লিউক ২১:৩–
"আমি তোমাকে সত্যি বলছি," যিশু বললেন, "এই দরিদ্র বিধবা মহিলা আর সকলের থেকে অনেক বেশি দিয়েছেন।"

*আপনার কি সেই একটি প্রশ্ন মনে আছে যিশু পিটারকে তার বিশ্বাসঘাতকতার পড়ে জিজ্ঞাসা করেছিলেন?"*

–জন ২১:১৭–
তৃতীয় বার তিনি তাকে বললেন, “সিমন, জনের পুত্র, তুমি কি আমাকে ভালোবাসো?” পিটার আহত হলেন কারণ যিশু তাকে ত্রিতিবার একই প্রশ্ন করলেন, “তুমি কি আমাকে ভালোবাসো?” তিনি বললেন, “প্রভু, তুমি সব জানো, তুমি জানো যে আমি তোমাকে ভালোবাসি।” যিশু বললেন, “আমার মেষ গুলিকে খাদ্য দিও।”

*“যিশু পিটারকে তার হৃদয়ের ভালোবাসার কথা জিজ্ঞাসা করেছিলেন কারণ যিশুর কাছে এটি সংকটপূর্ণ বিষয় ছিল। আমরা তাঁকে কি ভালোবেসে অনুসরণ করি?*

*আমরা একটি ভালোবাসা পূর্ণ হৃদয় থেকে যিশুকে অনুসরণ করি, কারণ তিনি প্রথমেই আমাদের ভালোবাসা দিয়েছেন। আমরা ঈশ্বরে দৃঢ় হয়েছি, কারণ আমরা যিশুকে ভালোবাসি। আমরা যিশুর জীবন ও নীতিশিক্ষা প্রচার করছি, কারণ আমরা যিশুকে ভালোবাসি। আমরা অনুশিষ্য গঠন করেছি, কারণ আমরা যিশুকে ভালোবাসি। আমরা গোষ্ঠী গঠন করেছি, যা পরে গির্জায় রুপান্তরিত হয়েছে, কারণ আমরা যিশুকে ভালোবাসি।আমরা আধ্যাত্মিক নেতা প্রশিক্ষণ দিয়েছি কারণ আমরা যিশুকে ভালোবাসি।শুধুমাত্র এই প্রথিবীতে বিশ্বাস, আশা এবং ভালোবাসি বহমান থাকবে। যদিও এদের মধ্যে সর্বশ্রেষ্ঠ, ভালোবাসা।”*

# যিশুর পরিকল্পনা উপস্থাপনা

- শিক্ষাত্রীদের সকলকে আট জনের এক একটি গোষ্ঠীতে ভাগ করুন। নিম্নলিখিত উপস্থাপনাটি নেতাদের সাথে বিবৃত করুন।
- নেতারা একটি বৃত্ত গঠন করেন এবং পর পর তাদের গোষ্ঠির কাছে তাদের “যিশু সম্মন্ধীয় পরিকল্পনা” উপস্থাপন করেন। উপস্থাপনের পরে, অন্য নেতারা “যিশু সম্মন্ধীয় পরিকল্পনা”র উপরে হাত রাখেন এবং ঈশ্বরের ক্ষমতা এবং আশির্বাদের জন্য প্রার্থনা করেন।একই সময়ে নেতারা উপস্থাপক নেতার জন্য সজোরে প্রার্থনা করেন।
- একজন নেতা প্রার্থনা সময় সমাপ্ত করেন কারণ আত্মা নেতৃত্ব দিচ্ছেন। এই মুহুর্তে, উপস্থাপক তাদের “যিশু সম্মন্ধীয় পরিকল্পনা” তাদের বুকে জড়িয়ে ধরেন এবং গোষ্ঠী তিনবার একত্রে বলেন, “ নিজের ক্রুশ তুলে নও এবং যিশুকে অনুসরণ করো”।

- নেতাদের তাদের "যিশু সম্মন্ধীয় পরিকল্পনা" উপাস্থাপন সমাপ্ত না হওয়া পর্যন্ত এই পর্যায় পুনরায় করুন।
- প্রত্যেকে তাদের পরিকল্পনা উপস্থাপনের পরে, নেতারা যেকোনো গোষ্ঠীতে যোগদান করেন, যারা এখনো সম্পূর্ণ করেননি। অবশেষে, প্রত্যেক গোষ্ঠী পরস্পরের সাথে যোগদান করে একটি বড় গোষ্ঠী গঠন করেন।
- গোষ্ঠীতে শিক্ষাত্রীদের জন্য অর্থপূর্ণ একটি উপাসনা সঙ্গীত উত্সর্গ করে প্রশিক্ষণ সময় সমাপ্ত করুন।

# তৃতীয় পর্ব

## তথ্য সমগ্র

# অধিকতর সমীক্ষা

মৌলিক নেতা প্রশিক্ষণ নিম্নলিখিত লেখকদের সহায়তা আমরা স্বীকার করি। প্রথম বই, যা অনুবাদ করা হয়েছিল, তা বাইবেল। এরপর, কার্যকরী নেতৃত্ব বিকাশে আমরা এই সাতটি বই এর অনুবাদকে দৃঢ় বুনিয়াদ বলে স্বীকার করি:


ব্লানচার্দ, কেন এবং হজস, ফিল। লিড লাইক জেসাস: লেসেনস ফ্রম দা গ্রেটেস্ট রোল মডেল অফ অল টাইম। থমাস নেলসন,২০০৬।

ক্লিন্টন, যে.রবার্ট। দা মেকিং অফ এ লিডার। নাভ মুদ্রণ প্রকাশনী,১৯৮৮।

কলেমান, রবার্ট ই। দা মাস্টার প্ল্যান অফ ইভানেগেলিসম। ফেল্মিং এইছ.রেভেল,১৯৭০।

হেটিনগা,যান ডি। ফলো মি:একিস্পরিয়েন্সিং দা লাভিং লিডারশিপ অফ জেসাস। নাভ মুদ্রণ,১৯৯৬।

ম্যাক্সওয়েল, জন সি। ডেভেলপিং দা লিডার উইদিন ইউ। থমাস নেলসন প্রকাশনা,১৯৯৩।

অগ্নে,স্টিভেন এল. এবং নেবেল. থমাস পি। এম্পাওয়ারিং লিডার্স থ্রু কোচিং। চাচর্স্মার্ট রিসর্সেস,১৯৯৫।

স্যান্ডেরস,যে.অসয়াল্ড।স্পিরিচুয়াল লিডারশিপ: প্রিন্সিপালস অফ একেস্লসেনস ফর এভরি বিলিভার। মুডি প্রকাশনা। ২০০৭।

# পরিশিষ্ট ক

## বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

### আমার কি করা উচিত যদি আমি দেড় ঘন্টায় পাঠটি সম্পূর্ণ করতে না পারি?

মনে রাখুন, পদ্ধতি এবং বিষয়বস্তু সমান ভাবে গুরুত্বপূর্ণ।পদ্ধতি অনুসরণ কার্যটি আত্ম-বিশ্বাস বাড়ায়। উন্নত বিষয়বস্তু শিক্ষিত করে। পদ্ধতি এবং উন্নত বিষয়বস্তু উভয়েই এই রূপান্তর আনে। শিক্ষা দানের ক্ষেত্রে সর্বাপেক্ষা প্রচলিত ভুল আমরা লক্ষ্য করেছি, যে প্রচুর পরিমানে বিষয়বস্তু দেওয়া হয়েছে কিন্তু অভ্যাস করার প্রয়োজনীয় সময় দেওয়া হয়েনি।

অধিকাংশ যিশুর প্রশিক্ষণ অনুসরণ পাঠের মাঝে একটি স্বাভাবিক বিরতি থাকে। যদি আপনি দেখেন যে পাঠটি সম্পূর্ণ করতে আপনার কাছে উপযুক্ত সময় নেই, পাঠের প্রথমার্ধ অংশটির প্রশিক্ষণ সম্পূর্ণ প্রশিক্ষণ পদ্ধতি অনুসরণ করার মাধ্যমে দিন, এবং পাঠের বাকি অংশটি পরবর্তী অধিবেশনে করুন। আপনি যাদের প্রশিক্ষণ দিচ্ছেন, তাদের শিক্ষা স্তরের উপর নির্ভর করে, আপনি সর্বদা এই অনুসূচি পালন করার সিদ্ধান্ত নিতে পারেন।

আমাদের লক্ষ্য পরিনত শিকখাত্রীদের সাহায্য করা যাতে তারা তাদের জীবনের প্রতি ক্ষেত্রে যিশুর নেতৃত্ব শৈলী রচনা করতে পারেন। এটি সময় এবং ধৈর্য্যের কাজ, কিন্তু জীবন ক্ষেত্রে এটি একটি অসাধারণ বিনিয়োগ মূল্য।

## একটি নেতৃত্ব আন্দোলন কেমন হওয়া উচিত?

সমগ্র জাতি নির্বিশেষে ঈশ্বর উল্লেখযোগ্য ভাবে গতিময় থাকেন| বর্তমানে, ৮০ জনের বেশি মানুষের উপরে সমীক্ষা করা হয়েছে| এই আন্দোলনে যদি যিশুর জীবন ও শিক্ষা প্রচার করা প্রধান "যন্ত্র" হয়, তাহলে "চাকা" হলো নেতৃত্ব উন্নয়ন| প্রকৃত পক্ষে এটি বলা খুব কঠিন যে এগুলি নেতৃত্ব, অনুশিষ্যত্ব অথবা গির্জা-গঠন আন্দোলন| নাম যাই হোক, তারা প্রত্যেকেই একটিমাত্র গুণমান প্রচার করে: পুরুষ, মহিলা, যুব সমাজ, এবং শিশু তাদের সকলের জীবন যেন সর্বকালের মহান নেতা যিশুর দ্বারা প্রভাবিত হয়ে উঠে|

নেতৃত্ব শৃঙ্খল একটি নেতৃত্ব আন্দোলনের বৈশিষ্ট্য সূচিত করে| পুরুষ অথবা মহিলাবৃন্দ ছোট ছোট গোষ্ঠী মিলিত হয় দায়বদ্ধতা, তালিম এবং প্রশিক্ষণের উদ্দেশ্যে | পল এই ধরনের শৃঙ্খলের কথা ২ টিমোথি ২:২ তে বলেছেন| একজন নেতা একটি গোষ্ঠীতে তালিম পান এবং অন্য গোষ্ঠীতে তালিম দেন| নেতৃত্ব শৃঙ্খল ক্রমাগত ষষ্ঠ অথবা সপ্তম প্রজন্ম অবধি বিস্তার করে সম্পূর্ণ উন্নত আন্দোলন রূপে| যেকোনো সংগঠন , মন্ত্রিত্ব, অথবা মানুষের গোষ্ঠী ততটাই এগিয়ে যেতে পারেন, যতদুর অবধি নেতা তাদের নেতৃত্ব দেন| অতপর, নেতৃত্বকে অবশ্যই স্বেচ্ছায় পরিমার্জন করা দরকার কারণ নেতা জন্মসুত্রে তৈরি হন না| নেতাদের শিখতে হয়, কি ভাবে নেতৃত্ব দিতে হয়|

একটি নেতৃত্ব আন্দোলনে, কিশোর-কিশোরীরা নেতৃত্বের নিয়মাবলী সম্পর্কে শেখে; দৃষ্টি, উদ্দেশ্য, ধর্মপ্রচার-কার্য্য, এবং লক্ষ্য |পুরুষ এবং মহিলা তাদের কুড়ির কোঠায় তাদের ব্যবসা এবং জীবনে এই সব নিয়মাবলী প্রয়োগ করতে শুরু করেন| তিরিশের কোঠার মানুষ এই নিয়মাবলী কিছু নির্দিষ্ট মন্ত্রক অথবা ব্যবসাতে কেন্দ্রীভূত করেন| যখন কেউ তার চল্লিশের কোঠায় থাকেন, তিনি তাঁর অধ্যাবসায়ের সাথে এই নেতৃত্বের নিয়মাবলী প্রয়োগের ফসল পরিদর্শন করতে শুরু করেন| পঞ্চাশের কোঠার মানুষেরা, যারা বহুদিন যাবত যিশুর নেতৃত্ব শৈলী অনুসরণ করেছেন, নিজেদের যুব-প্রজন্মের কাছে আদর্শ হিসাবে তুলে ধরেন| সত্তরের কোঠায় সত্তরা, তাদের বৃদ্ধ বয়সেও বিশ্বস্ততা এবং উর্বরতার উত্তরাধিকার ত্যাগ করেন|

## কি ভাবে বিদেশী ধর্মপ্রচারের ভূমিকা সময়ের সাথে পরিবর্তিত হয়েছে?

প্রতি ধর্মপ্রচার প্রচেষ্টার চারটি বিভাগ থাকে: আবিষ্কার, উন্নয়ন, বিস্তার এবং প্রতিনিধিত্ব | প্রতি বিভাগের একটি বিশেষ লক্ষ্য এবং প্রতিযোগিতা আছে| প্রতি বিভাগে ধর্ম প্রচারকদের পৃথক দক্ষতা বিন্যাস থাকা দরকার|

আবিষ্কার বিভাগটিতে পরে, যাদের কাছে পৌছানো হয়েনি তাদের সনাক্তকরণ, অগ্রদূত ধর্মপ্রচারক প্রেরণ, এবং অচেনা জায়েগাতে পদার্পণ করা | ধর্মপ্রচারকদের উদ্দেশ্য অন্বেষণ করা, ধর্মপ্রচার করা, এবং উত্সাহী জনতার সাথে সংযোগ স্থাপন করা | এই সময়ের ফসল কিছু গির্জা | যাইহোক. গির্জাগুলি প্রায়শই গৃহীত দেশ এবং সংস্কৃতির পরিবর্তে প্রেরিত গোষ্ঠির দেশের গির্জার ছবি তুলে ধরে |আবিষ্কার বিভাগীয় সময়ে, ধর্মপ্রচারক আশী শতাংশ কাজ করেন, যেখানে দেশের অবদান কুড়ি শতাংশ |

আবিষ্কার বিভাগীয় সময়ে গঠিত কিছু গির্জা ক্রমশ বৃদ্ধি পেতে থাকে এবং অন্যান্য গির্জা স্থাপন করে, যা উন্নয়ন বিভাগীয় ক্ষেত্রে গির্জা সংঘ গঠনে অগ্রণী ভূমিকা পালন করে | এই ক্ষেত্রে ধর্মপ্রচারক গির্জাগুলিকে একত্রিত হয়ে ধর্মপ্রচারে সাহায্য করেন এবং বিশ্বাসীদের মধ্যে অনুশিষ্য গঠনের স্বেচ্ছা-প্রচেষ্টা শুরু করেন | একটি ছোট খ্রিস্টীয় সংস্কৃতি মুখ্য দেশে তার শিকড় গড়ার কাজ শুরু করে | উন্নয়ন বিভাগীয় সময়ে, ধর্মপ্রচার ষাট শতাংশ কাজ করেন যেখানে জনতার অবদান চল্লিশ শতাংশ |

ধর্মপ্রচার কার্যটির পরবর্তী অধ্যায় বিস্তার, যেখানে বিভিন্ন গির্জা সংঘ একটি সম্মেলন অথবা যৌথ-সংগঠন নির্মান করেন | এই কালটি বিশেষত শতাধিক গোষ্ঠী অথবা গির্জা নিয়ে শুরু হয় এবং ক্রমশ গতিময় হতে থাকে | ধর্মপ্রচারকের কাজ থাকে নেতৃত্ব উন্নয়নের ধারাবাহিকতা নিশ্চিত করা, দেখার বিপদ-সংকুল এলাকায় সাহায্য করা, এবং দেশীয় জনতাকে সাহায্য করা, কারণ তারা একটি তাদের সমগ্র মানব গোষ্টির কাছে পৌছানোর কার্যভার গ্রহণ করেছে | বিস্তার বিভাগীয় সময়ে, জাতীয় মানুষ ষাট শতাংশ কাজ করেন যেখানে ধর্মপ্রচারকের অবদান চল্লিশ শতাংশ |

প্রতি ধর্মপ্রচার কার্যের শেষ বিভাগ হলো প্রতিনিধিত্ব | এই বিভাগে, ধর্মপ্রচারক জাতীয় বিশ্বাসীদের উপরে সমগ্র কার্য্য ভার বিন্যস্ত করেন | ধর্মপ্রচারক তাদের তালিম, উদযাপন, সহযোগ স্তাপনের কার্যে ফিরে যান | প্রতিনিধিত্বের বিভাগীয় সময়ে, জাতীয় মানুষ নব্বই শতাংশ কাজ করেন যেখানে ধর্মপ্রচারকের অবদান দশ শতাংশ | আবিষ্কার বিভাগ পুনরায় শুরু হয়, কিন্তু এই সময়ে জানিও মানুষদের জীবন এবং কার্যের উপরে |

বিদেশী ধর্মপ্রচারকদের স্বীকার করা উচিত যে তারা বর্তমানে পৃথিবীর অধিকাংশ অংশে প্রতিনিধিত্ব বিভাগে আছেন | আজ একজন ধর্মপ্রচারকের প্রধান কাজ তালিম দেওয়া, প্রশিক্ষণ দেওয়া, এবং জাতীয় ভাই এবং বোনেদের সাহায্য করার মাধ্যমে ঈশ্বরের প্রদত্ত কার্য্য বহন করা | যিশুর প্রশিক্ষণ অনুসরণের একটি লক্ষ্য এই যে, প্রতিনিধিত্ব বিভাগে ধর্মপ্রচারকদের সহজ, পুনরুত্পাদন যোগ্য নিয়মাবলী প্রদান করা |

## “৫এর নিয়ম”কি?

সহজভাবে, একজন মানুষের অবশ্যই কোনো শৈলী সম্পাদন করার আত্মবিশ্বাস অর্জন করার আগে তার ওই শৈলিটি পাঁচ বার অভ্যাস করা উচিত | ব্যক্তিগতভাবে প্রায়ে ৫০০০

মানুষকে গত নয় বছর ধরে প্রশিক্ষণ দেওয়ার পরে আমরা এই নিয়মটি বারংবার প্রমানিত হতে দেখেছি|

প্রশিক্ষণ অধিবেশনে অনেক বুদ্ধিজীবী এবং সক্ষম পরিনত মানুষ থাকেন, কিন্তু প্রায়শই সম্মেলনের পরে তাদের জীবন কিছু পরিবর্তন লক্ষ্য করা যায়| একটি সমস্যায়ে একটি বিশেষ দায়িত্ব থেকে যায়ে, বিষয় বস্তু টিকে আরো আকর্ষনীয়, অথবা আরো উত্কর্ষ, অথবা আরো স্মরণীয় বানানো| সাধারণত, সমস্যা বিষয়-বস্তুতে নয়, কিন্তু এই সত্যতায় যে নিজের জীবনের একটি অংশ হিসাবে গঠন করার জন্য মানুষ এটি যথেষ্ট অভ্যাস করেননি|

## আপনি এত হস্ত-মুদ্রা কেন ব্যবহার করেন?

মানুষ যা দেখেন, যা শোনেন, এবং যা করেন, তার উপরে ভিত্তি করে শিক্ষা লাভ করেন | পশ্চিমী শিক্ষা পদ্ধতি প্রথম এবং দ্বিতীয় প্রকার শিক্ষার উপরে জোর দেয় (বিশেষত বক্তৃতা বিন্যাসে )| বিবিধ সমীক্ষায় জানা যায়, কিভাবে ছোট ছোট শিকখাত্রীরা শুধুমাত্র শ্রবণ এবং কথনের ভিত্তিতে শিক্ষাধারা বজায় রাখে| তৃতীয় শিক্ষা পদ্ধতি-স্পর্শ শিক্ষা-অন্যদের শিক্ষাদানের ক্ষেত্রে সর্বাপেক্ষা অবহেলিত| আমরা হস্ত-মুদ্রার ব্যবহার সর্বাধিক সহজ উপায়ে হিসাবে পেয়েছি, একটি গোষ্টিকে শিক্ষা দেওয়ার জন্য , যাতে তারা অনেক তথ্য সহজে মনে রাখতে পারেন| শিক্ষিত এবং অশিক্ষিত মানুষ তুলনামূলক ভাবে ভালো করে একই গল্প পুনরায় বলতে পারেন, যখন কার্য্য এবং হস্ত মুদ্রা সম্মিলিত হয়|

আপনার জানা উচিত যখন আমরা যিশুর প্রশিক্ষণ অনুসরণ অন্যদের সেখাতে শুরু করি, আমরা হস্ত মুদ্রা ব্যবহার করতাম না|আমরা আমাদের পথ বদল করেছি, যাই হোক, যখন আমরা আমাদের একটি প্রশিক্ষণ লক্ষ্য পরিবর্তন করলাম; আমরা চাইছিলাম শিক্ষাত্রীরা সর্বশেষে সমগ্র অধিবেশনটি পুনরাবৃত্তি করুক |অধিকাংশ এশীয় শিক্ষণ-বিন্যাসে মনে রাখা একটি মূল উপাদান| এখন, মানুষ সমগ্র সম্মেলনটি মনে করে সর্বশেষ অধিবেশনে পুনরাবৃত্তি করতে পারলেন কারণ আমরা হস্ত মুদ্রা ব্যবহার করেছি| আমরা এটি ব্যবহার করার আগে অবধি তারা এটি পারতেন না| কিছু ছোট পাঠের পরে, শিক্ষাত্রীরা এই সক্রিয় শিক্ষা পদ্ধতি উপভোগ করতে লাগলেন এবং আনন্দিত হতে লাগলেন যে সমগ্র সম্মেলনটি তারা শেষে মনে করতে পারছেন|

আমরা হস্ত মুদ্রা শুরু করার পরে, আমরা ক্রমবর্ধিত নেতার সংখ্যা পরিলক্ষণ করলাম, যারা নেতা প্রশিক্ষণ দিচ্ছেন| আধ্যাত্মিক প্রশিক্ষণ মনের থেকে বেশি অন্তর্ভুক্ত করে| যদি হৃদয় অপরিবর্তিত থাকে তাহলে কোনো রূপান্তর জায়েগা নিতে পারেনা| হস্ত-মুদ্রা ব্যবহার আমাদের শিক্ষাকে মস্তিস্ক থেকে হৃদয়ে গতিময় করে তোলে| সেই কারণে আমরা শিশুদের হস্ত-মুদ্রার দ্বারা শেখাই , যাতে তারা জীবনের গুরুত্বপূর্ণ সত্য

উপলব্ধি করতে পারে| পরিনত মানুষ, যুবক,এবং শিশু বিবিধ উত্পাদনশীল বিন্যাস শিখতে পারে যখন আমরা হস্ত মুদ্রা ব্যবহার করি| ব্যক্তিগত ভাবে, আমি নিয়মিত ভাবে প্রার্থনা সময়ে হস্তমুদ্রা ব্যবহার করি নিজেকে কেন্দ্রস্থ রাখার জন্য প্রার্থনার যে অংশের উপরে আমি জোর দিই- প্রশংসা, অনুশোচনা, জিজ্ঞাসা, অথবা উত্পাদন|

## এই পাঠ গুলি এত সহজ কেন?

পাঠ গুলি এত সহজ হওয়ার কারণ আমরা যিশুর সহজ পদ্ধতিতে শিক্ষা দেওয়ার উদাহরণ অনুসরণ করি| তিনি জটিলকে সহজ করে দিয়েছেন| আমরা সহজ কে জটিল করে তুলি| যিশুর উদ্বেগ জীবন পরিবর্তন, "নতুনতম সত্য"এর উপরে কর্তৃত্ব করতে নয় | যখন আমরা সহজ উপায়ে শিক্ষা দিই, শিশু, যুবক-যুবতী, এবং পরিনত মনস্ক মানুষেরা সংঘে পাঠটি শিখতে পারেন| আপনার একটি লক্ষ টাকার ঘন্টা এবং বাঁশি সহ চিন্হকরণ যন্ত্রের দরকার নেই, যা আপনাকে বলবে কোথায় "উত্তর দিক" | একটি সুলভ কম্পাসই যথেষ্ট এর জন্য|

প্রবাদের বই বলে সবার আগে জ্ঞানের খোঁজ করতে | জ্ঞান জীবনে সঠিক ভাবে এবং দক্ষতার সঙ্গে শিক্ষা প্রয়োগ করার ক্ষমতা |আমরা লক্ষ্য করেছি একটি পরিকল্পনা যত কঠিন হয়, সেটি ব্যর্থ হওয়ার সম্ভাবনা তত প্রবল হয় | সমগ্র পৃথিবীর যাজক এবং ধর্মপ্রচারকদের কৌশলগত কার্য্য পরিকল্পনা উন্নয়নে সপ্তাহের পর সপ্তাহ অথবা মাসের পর মাস অতিক্রান্ত হয়েছে | তাদের মধ্যে অধিকাংশ পরিকল্পনা কোথাও না কোথাও স্থগিত রয়েছে| কিছু মানুষ তর্ক করেন যে প্রবাদের বই সহজ হয়ে ওঠা এড়িয়ে চলতে বলে | যাইহোক, প্রবাদ, বলে "বোকা মানুষ" হওয়া এড়িয়ে চলতে | জ্ঞানী মানুষ এমন ভাবে একটি কার্য্য করেন যা অন্যরা নকল করতে পারেন; একজন বোকা মানুষ অন্যভাবে করেন|

শুভ সংবাদ এই যে যিশু কে অনুসরণ করা কোনো মানুষের বুদ্ধি, প্রতিভা, বিদ্যালয় শিক্ষা, সাংস্কৃতিক গুনাবলী, অথবা ব্যক্তিত্বের উপর নির্ভর করে না| যিশুকে অনুসরণ করা কোনো মানুষের যিশুর আদেশ তত্ক্ষনাত, সর্বদা এবং হৃদয়ের অন্তস্থল থেকে পালন করার ইচ্ছার উপর নির্ভর করে| জটিল শিক্ষা সাধারণত সেই সব শিক্ষাত্রী তৈরি করে, যারা তাদের প্রতিদিনের জীবনে পাঠ প্রয়োগ করতে পেরে ওঠে না| যিশু বিশ্বাসীদের আদেশ করেছেন অনুগামী গঠন করতে, তাঁর আদেশ পালন করার শিক্ষা দিতে| আমরা বিশ্বাস করি, শিক্ষক মানুষের বাধ্যতায় বিঘ্ন ঘটায়, যখন তারা জটিল পাঠ শেখায় যা শিক্ষাত্রীরা অন্য মানুষকে শেখাতে পারেন না|

# অন্য ব্যক্তি কে শিক্ষা দেওয়ার সময়ে সাধারণত মানুষ কি কি ভুল করেন?

প্রশিক্ষণের তিনটি ক্ষেত্রে প্রশিক্ষকরা ভুল করেন : মানুষ, পদ্ধতি, এবং বিষয় বস্তু| বহু মানুষ দ্বারা শিক্ষিত হওয়ার এবং বহু মানুষ কে শিক্ষিত করার অভিজ্ঞতা আমরা প্রদান করি আপনার শৈলীকে দক্ষতায় পরিনত করার জন্য|

প্রতি শিক্ষাত্রী তার পূর্ববর্তী অভিজ্ঞতা, শিক্ষা এবং দক্ষতা সাথে নিয়ে একটি প্রশিক্ষণ অধিবেশনে আসেন |প্রশিক্ষক, যারা অধিবেশনের শুরুতে এটি বিবেচনা না করেন , তারা শিক্ষাত্রীদের এমন কিছু শেখানোর ঝুঁকি নেন, যা তারা আগে থেকেই জানেন | একটি সহজ প্রশ্ন "আপনি এই বিষয় সম্পর্কে আগে থেকে কি জানেন?" প্রশিক্ষককে শিক্ষা দেওয়ার সঠিক স্তর জানতে সাহায্য করে| যাই হোক, আমরা এমন প্রশিক্ষক দেখেছি, যাদের ধারণা শিক্ষাত্রীরা তাদের থেকে বেশি জানেন |অপরীক্ষিত ধারণা সর্বদা আপনাকেই বিদ্ধ করতে আসে| সংযোগ স্থাপন এই সমস্যার সমাধান করে | মানুষের বিভিন্ন শিক্ষণ রীতি আছে এবং আপনার শিক্ষণ পদ্ধতি কোনো একটি অথবা দুটি রীতি তে সীমাবদ্ধ রাখা একটি ভুল| এটি করলে নিশ্চিত ভাবে কিছু শিক্ষাত্রী লাভবান হবেন না , যা তারা আরো ভালো শিক্ষণ পদ্ধতির মাধ্যমে হতে পারতেন | মানুষের তার ব্যক্তিত্ব অনুসারে চাহিদা অন্যরকম হতে পারে| এই পদ্ধতিতে শিক্ষাদান শুধুমাত্র বহির্মুখী মানুষদের জন্য উপযুক্ত, অন্তর্মুখী মানুষদের জন্য নয় | "চিন্তা" এর উপর কেন্দ্রস্থ মানুষের উপর মনোযোগী হওয়া ততটা কার্য্যকরী হয় না , যতটা একটি পাঠে হয়, যা "অনুভূতি" প্রদান করে|

শিক্ষণ পদ্ধতি ওপর একটি ক্ষেত্র, যেখানে শিক্ষকরা ভুল করেন | প্রশিক্ষণ, যেখানে আলোচনা করার কোনো সুযোগ নেই এবং শুধুমাত্র বক্তৃতার উপর নির্ভরশীল, তা প্রশিক্ষণ নয়, বরং উপস্থাপনা | প্রশিক্ষণ এমন একটি যাত্রা যা একজন মানুষকে তার শৈলী দক্ষতা, চারিত্রিক গুণমান অথবা জ্ঞান, সম্পূর্ণভাবে অন্তর্ভুক্ত করে| আমরা লক্ষ্য করেছি, প্রশিক্ষক বিষয় বস্তুর উপরে এত বেশি মনোযোগী হয়ে পরেন যে তারা শিক্ষাত্রীদের তাদের শিক্ষা বিষয়ে আলোচনা করার সুযোগ দেন না| একজন পরিনত মানুষের জন্য সর্বাপেক্ষা কার্য্যকরী শিক্ষণ সময়, যখন তারা পাঠটি আলোচনা করেন এবং তাদের জীবনে প্রয়োগ করেন| ওপর প্রচলিত ভুল হলো, সমস্ত শিক্ষণ পর্ব জুড়ে একই শিক্ষণ পদ্ধতি অনুসরণ করা| যেকোনো প্রশিক্ষণ পদ্ধতি যদি বারংবার ব্যবহার করা হয়, তাহলে তার কার্য্যকরী ক্ষমতা হারায়| শেষ ভুল হলো, দীর্ঘ্য প্রশিক্ষণ অধিবেশন | নিয়ম অনুযায়ী, আমরা সময়ের এক- তৃতীয়াংশে পাঠটি শিক্ষা দিই| তারপর, আমরা শিক্ষাত্রীদের সময়ের এক-তৃতীয়াংশে পাঠটি অভ্যাস করতে বলি | অবশেষে, আমরা শেষ এক-তৃতীয়াংশ সময়ে পাঠটি প্রয়োগ করার বিষয়ে একটি আলোচনায় পৌঁছই| একটি নব্বই মিনিটের অধিবেশনে, শিক্ষাত্রীরা সাধারণত আমাদের কুড়ি মিনিট কথা বলতে শোনেন|

সাধারণত, প্রশিক্ষণ সময় দীর্ঘায়িত হওয়ার কারণ, প্রশিক্ষক অতিরিক্ত বেশি বিষয় বস্তু বিনিময় করেন - এই চূড়ান্ত এলাকায় প্রশিক্ষক ভুল করেন। ভালো প্রশিক্ষণ বিষয়বস্তু জ্ঞান, চরিত্র, শৈল, এবং প্রেরণা সম্বোধন করে। যদি প্রশিক্ষক পশ্চিমী পটভূমি থেকে হন, খুব সম্ভবত তারা জ্ঞান অংশে মনোনিবেশ করবেন, এই ধারণার সাথে যে "জ্ঞান" বাকি জিনিস উত্পাদন করবে। তারা চরিত্র এবং প্রেরণা সম্পর্কে কথা বলতে পারেন, কিন্তু অভ্যাস শৈলী নিয়ে কদাচিত কথা বলেন। অধিকাংশ সময়ে, প্রশিক্ষক অন্যদের একই পদ্ধতি অনুসরণ করে শিক্ষা দেন, যেভাবে তারা শিক্ষিত হয়ে এসেছেন। অতীত কে ভেঙ্গে এগিয়ে যাওয়া হয়েতো প্রয়োজনীয়, কিন্তু, প্রকৃত পরিবর্তন শিক্ষাত্রীর জীবনে আসে। অসাধারণ প্রশিক্ষণ বর্তমান তথ্যের সাথে সংগ্রাম করেনা। রূপান্তর আমাদের লক্ষ্য। আমরা এমন প্রশিক্ষক দেখেছি, যারা তাদের বিষয় বস্তুকে একটি নতুন বিন্যাস অথবা সংস্কৃতির উপযোগী করে গড়ে তোলেন না ; তারা আশা করেন গ্রামের ধান চাষী সেই বিষয় বস্তুকে একজন যুব নাগরিক পেশাদারী মানুষের মত পরিচালন করবে। প্রার্থনার অভাব এই ভুলের সর্বাপেক্ষা প্রচলিত কারণ।

আমাদের অভিজ্ঞতায় সবচেয়ে বড় ভুল একজন প্রশিক্ষক করেন, শিক্ষাত্রীদের শিক্ষণ বিষয় অভ্যাস করার সময় না দিয়ে। প্রশিক্ষক এই প্রশিক্ষনকে একটি সময়ের ঘটনা হিসাবে দেখছেন, একটি ক্রমাগত ঘটে যাওয়া যাত্রা হিসাবে নয়। এই "ঘটনা দৃষ্টিভঙ্গি" আচরণের একটি নিশ্চিত চিনহ, "আমরা তাদের এখানে পেয়েছি। চল, যত জ্ঞান ভরে দেওয়া সম্ভব তাদের মধ্যে ঢেলে দিই।" পরিবর্তে শিক্ষাত্রীদের বাইবেল সূচিত পথে অন্যকে শিক্ষা দেওয়ার পদ্ধতি অনুসরণ করে প্রশিক্ষণের নিয়ম দৃষ্টান্ত বহন করে। প্রশিক্ষক শিক্ষাত্রীদের থেকেও বেশি করে সেই সব মানুষদের জন্য উদ্বিগ্ন থাকেন, শিক্ষাত্রী যাদের শিক্ষা দেবেন। যদি আপনার কাছে অনেক বিষয় বস্তু থাকে, কিন্তু অভ্যাস সময় না থাকে, তাহলে আপনি হয়েতো মানুষদের তাদের কার্যত মান্যতা এবং অন্যদের সাথে বিনিময় করার ক্ষমতার বেশি দেওয়ার অপরাধ করবেন। আপনি তাদের ব্যর্থতার দিকে ঠেলে দিচ্ছেন, সাফল্যের দিকে নয়।

## যদি কোনো নেতা প্রশিক্ষণ দেওয়ার জন্য না থাকেন, তাহলে আপনি কি পরামর্শ দেবেন?

ক্রমবর্ধমান নেতা অন্য উত্থিত নেতাদের আকর্ষণ করেন। যখন আমরা যিশু এবং তাঁর নেতৃত্ব শৈলী অনুসরণ করতে নিজেকে সমর্পণ করি, ঈশ্বর আমাদের আশির্বাদ করেন এবং অন্যদের আমাদের সাথে পথ চলার জন্য পাঠান। আমাদের সর্বপ্রথম ধাপ, বিশ্বাস গ্রহণ করতে হবে। প্রত্যেক বিশ্বাসীদের মধ্যে যিশু বসবাস করেন এবং তাঁর রাজত্ব আসুক, সেই ইচ্ছা পোষণ করেন এবং তিনি সেটা করবেন। কর্তৃত্ব এবং নেতৃত্ব একত্রে কাজ করে। মনে রাখবেন, আপনি পান না, কারণ আপনি প্রশ্ন করেন না। সেই দৃষ্টির জন্য

প্রার্থনা করুন, যাতে আপনি দেখতে পান ঈশ্বর নেতা গঠন করছেন| একটি গ্রহণ যোগ্য এবং উত্সাহী হৃদয়ের জন্য প্রার্থনা করুন| নেতৃত্বের উপরে যিশুর দর্শানুপাতের জন্য প্রার্থনা করুন| ধিবরগণ খুব ভালো বার্তা বহন করতে পারেন|

ঈশ্বরের আগে থেকে প্রদত্ত মানুষের প্রতি মনোযোগী হন, যেসব মানুষ আপনার কাছে নেই, তাদের প্রতি নয়|যেসব মানুষ আপনাকে অনুসরণ করছেন, তাদের শক্তিশালী নেতা হিসাবে গড়ে তুলুন| প্রত্যেক মানুষ কাউকে না কাউকে পথ দেখান | পিতা তার পরিবারকে পথ দেখান| মাতা তার সন্তানদের পথ দেখান| শিক্ষক তার শিষ্যদের পথ দেখান| ব্যবসায়ী তার সংগঠনের মানুষদের পথ দেখান| যিশু প্রশিক্ষণ অনুসরণে শেখানো নেতৃত্ব নিয়মাবলী এই প্রতিটি ক্ষেত্রেই প্রযোজ্য| আমাদের প্রত্যাশা পূরণের জন্যই মানুষের উত্থান হয়| প্রতি মানুষের সাথে এমন ভাবে ব্যবহার করুন যেন প্রত্যেকেই একজন নেতা এবং লক্ষ্য রাখুন ঈশ্বর তার জীবনে কি করছেন|

একটি নেতৃত্ব-প্রশিক্ষণ অনুষ্ঠান আয়োজন করার ব্যবস্থা করুন| উপস্থিত নেতৃত্ব গোষ্ঠির মাধ্যমে এই সম্মেলনটির প্রচার করুন - লাওনস ক্লাব, বানিজ্য সভাগৃহ, গ্রাম পঞ্চায়েত, অথবা অঞ্চল পরিচালক | এই প্রশিক্ষণ উপাদান ব্যবহার করে ব্যবসায়ী নেতাদের সর্বকালের মহান নেতাদের নেতৃত্ব নিয়মাবলীর সাথে প্রস্তুত করুন |একটি অনুষ্ঠান আয়োজন করা শুধুমাত্র সংঘে আপনার বিশ্বাসযোগ্যতা বাড়ায়না , আপনকে একজন নেতা হিসাবে গড়েও তোলে| যদি আপনার মানব গোষ্ঠীতে যিশুর কোনো অনুসরণকারী না থাকেন, নেতাদের একটি "দূর সম্পর্কীয় আত্মীয়" মানুষ-গোষ্ঠীতে প্রশিক্ষণ দিন, যাদের কাছে পৌছতে পারেন নি, তাদের কাছে পৌছনোর জন্য দৃষ্টি রাখুন|

## নতুন নেতা প্রশিক্ষণের জন্য নেতাদের সর্বপ্রথম পদক্ষেপ কি হতে পারে?

যিশু নেতা নির্বাচনের আগে একটি সম্পূর্ণ সন্ধ্যা প্রার্থনায় অতিবাহিত করেন, অতএব, প্রার্থনা শুরু করার জন্য অপরিহার্য্য| নেতাদের জন্য প্রার্থনা করুন, যাতে তারা উত্পাদন থেকে উত্থিত হয়ে উত্পাদনের দিকেই পথ চলার রাস্তা দেখান| যখন আপনি প্রার্থনা করেন, মনে রাখুন ঈশ্বর আপনার হৃদয় দেখেন এবং মানুষ বাইরের চেহারাটি দেখেন| সম্ভাবনাময় নেতাদের চরিত্র এবং বিশ্বস্ততা দেখুন| সাধারণত, আমরা প্রতিভা এবং প্রথম দর্শন তৈরি হওয়া প্রভাবে মনোযোগী হই| প্রার্থনায় সময় ব্যয় করুন এবং ঈশ্বরের কাছে আবেগপূর্ণ,আধ্যাত্মিক নেতার উত্থানের জন্য প্রার্থনা করুন|

আপনার প্রার্থনার পরে, একজন নেতা রূপে আপনি যিশুর উদাহরণ অনুসরণ করে নেতার দূরদৃষ্টি সম্পর্কে ধারাবাহিকভাবে প্রচার শুরু করুন| পরিবার এবং বন্ধুর সাথে প্রার্থনা করুন, একজন ভালো নেতা হয়ে ওঠার জন্য ঈশ্বরের সহায়তা চান| মানুষদের

বলুন, তারা যদি ভালো নেতা হওয়ার শিক্ষা গ্রহণ করেন, ঈশ্বর আপনার পথ প্রশস্ত করবেন| ক্রমাগত বন্ধুদের দিকে দৃষ্টি নিক্ষেপ করুন যাতে পরস্পরকে সাহায্যের মাধ্যমে নেতা গড়ে ওঠে, সেটি বেশি ফলদায়ক | যেহেতু আপনি নেতা গড়ে তলার দিকে দৃষ্টিপাত করেছেন, দেখবেন মানুষ আরো বেশি উত্সাহী হয়ে উঠেছেন এবং আপনার কথা শুনতে বেশি আগ্রহী বোধ করছেন|

পরবর্তী পদক্ষেপ হলো, ঈশ্বরের কাছে জানা, তিনি কোন নেতাদের উত্থিত করেছেন| নিজে থেকে তাদের পছন্দ করার চেষ্টা করবেন না| তাদের ইচ্ছা অনুসারে নেতাদের প্রযজনিয়ে কার্য্য ''স্ব-নির্বাচন'' করতে দিন | আমরা নেতাদের ''নির্বাচন'' করি না , বরং নেতা ''পরিমার্জন'' করি যারা আগে থেকেই নিজেদের বিশ্বস্ততা প্রদর্শন করেছেন| সাধারণত, আমরা তালিকা থেকে যাকে ''সর্বশেষ'' সম্ভাবনাময় নেতা হিসাবে পছন্দ করি, ঈশ্বর তাকেই ''সর্বপ্রথম'' হিসাবে নির্বাচন করেন| সেই সব মানুষকে দেখুন, যারা তাদের স্থিতাবস্থা সম্পর্কে অসন্তুষ্ট | যে সব মানুষ শিখতে এবং অনুসরণ করতে ইচ্ছুক, তাদের প্রতি মনোনিবেশ করুন |যদি কোনো সংগঠনের উচ্চপদস্থ নেতৃত্ব কম উত্সাহ দেখান , নিরাশ হবেন না|

অবশেষে, নিজের যিশু সম্মন্ধীয় পরিকল্পনা কার্য্যকরী করার জন্য পদক্ষেপ নিন | কর্ম-প্রক্রিয়ার মত অন্য কিছুই বর্তমান এবং সম্ভাবনাময় নেতাদের আকর্ষণ করতে পারেন না| মানুষ বিজিত গোষ্টির অংশ হতে চান| ঈশ্বর যেমন আপনার যিশু সম্মন্ধীয় পরিকল্পনায়ে আশির্বাদ করেন, তেমনি আপনাকে সাহায্য করার জন্য মানুষকেও পাঠিয়ে দেন |অধিকাংশ সময় ঈশ্বর পরিবার বর্গ, বন্ধু বান্ধব , এবং সফল ব্যবসায়ীদের পাঠান| নেতাদের অনুসরণকারী থাকেন| আপনি যখন যিশুকে অনুসরণ করছেন, অন্যদের এটি একটি পরিস্কার পথ নির্দেশ করে, যে তারাও অনুসরণ করতে পারেন| মানব গোষ্ঠির মধ্যে কাউকে এই যাত্রা শুরু করতে হবে| সেটি আপনি-ই করুন !

## মৌলিক নেতা গঠন এর কোন বিভিন্ন বিন্যাস প্রশিক্ষক গণ ব্যবহার করেছেন?

যদি আপনার হাতে একটি মাত্র দিন থাকে, তাহলে আমরা ,''যিশু কিভাবে নেতাদের শিক্ষা দিয়েছেন'', ''মহান নেতার সাতটি গুন'', এবং ''যিশুর আটটি রূপ'', এই পাঠগুলি শেখাতে সুপারিশ করি| এগুলি নেতাদের অন্য নেতা প্রশিক্ষণের জন্য শৈলী, চরিত্র, এবং আবেগ দিয়ে প্রস্তুত করবে| তারা যখন আপনার কাছে পরিবর্তে কিছু চাইবে, তাদের নেতৃত্ব জ্ঞান এবং সক্ষমতা পরিপূর্ণ করার জন্য বাকি পাঠ শিক্ষা দিন , এবং তাদের একটি অনুসরণ যোগ্য সুপরিকল্পনা দিন| এই পথ সেই সব মানুষের জন্য দারুন কার্য্যকরী, যারা খুব বাস্ত এবং প্রশিক্ষণ অধিবেশনে যোগদানের জন্য কম সময় পান|

আপনি যদি কেবল সপ্তাহে একটিবার অথবা দুই সপ্তাহে একবার অংশগ্রহন করতে পারেন, আমরা অধিবেশনে পথ অনুযায়ী প্রশিক্ষণ দেওয়ার পরামর্শ দিই| এই শৈলী পরস্পরের উপর গঠিত হয় এবং নেতাগণ ১০ অথবা ২০ সপ্তাহের শেষে একটি দৃঢ় বুনিয়াদ প্রতিষ্ঠায় লাভবান হবেন | এই ধরন টি তাদের জন্য দারুন প্রভাবশালী, যারা ব্যস্ত, কিন্তু প্রতি সপ্তাহে শিক্ষা গ্রহনের জন্য একটি বিশেষ সময় নিযোগ করতে পারেন | নেতাদের বলুন কেউ অসুস্থতা অথবা অপ্রত্যাশিত অবস্থার জন্য কোনো পাঠে অংশগ্রহন করতে না পারলে, শ্রেণী কক্ষের বাইরে তাদের বিষয়টি শিক্ষা দিতে |

যদি আপনার হাতে তিন দিন সময় থাকে, আমরা গ্রন্থ বিন্যাস অনুযায়ী অনুসরণ করার পরামর্শ দিই | প্রচুর আলোচনা হতে দিন এবং বিরতি সময় একজন একজন করে নেতাদের সাথে সাক্ষাতের জন্য ব্যবহার করুন | প্রতি অধিবেশনের শেষে, নিম্নলিখিত প্রশ্নের উত্তর দেওয়ার জন্য নেতাকে বলুন : " এই পাঠ সম্পর্কে ঈশ্বর আপনাকে কি বললেন? " গোষ্ঠির সাথে উত্তরটি তৈরি করার জন্য তাদের অনুমতি দিন | পরিনত মনস্ক মানুষ খুব ভালো করে সেখান আলোচনা এবং পরস্পরের সাথে একত্রে বিষয়টি নিয়ে যুক্তি-তর্কের মাধ্যমে |আপনিও গোষ্ঠির চাহিদা সম্পর্কে অবহিত হবেন | এই শিক্ষা প্রক্রিয়াটি সম্মেলন অথবা বাইবেল বিদ্যালয়ে, যেখানে সর্ব-ক্ষন আচার্য্যরা থাকেন অথবা গ্রামে, যেখানে মানুষ চাষের ঋতুতে চাষ করেন, সেখানে বেশি কার্য্যকরী |

# পরিশিষ্ট খ

## তালিকা পরীক্ষা

### প্রশিক্ষণের একমাস পূর্বে

- *একটি প্রার্থনা গোষ্ঠী তালিকাভুক্ত করুন*—প্রশিক্ষণের প্রয়োজনে, প্রশিক্ষণের আগে এবং সাপ্তাহিক প্রশিক্ষণ চলাকালীন মধ্যস্ততা করার জন্য বারজনের একটি প্রার্থনা গোষ্টি তালিকাভুক্ত করুন। এটি খুব গুরুত্বপূর্ণ !
- *একজন শিক্ষানবিশ তালিকাভুক্ত করুন*—একজন শিক্ষানবিশকে তালিকাভুক্ত করুন, যিনি আপনাকে গোষ্ঠির প্রশিক্ষণে সাহায্য করবেন, যিনি আগে *মৌলিক নেতা গঠন* এ যোগদান করেছেন।
- *অংশগ্রহনকারীদের আহ্বান করুন*—একটি সাংস্কৃতিক পদ্ধতিতে অংশগ্রহনকারীদের আহ্বান জানান। চিঠি, নিমন্ত্রণ-পত্র ইত্যাদি পাঠান। মৌলিক নেতা গঠন প্রশিক্ষণ এর অধিবেশনের উপযুক্ত আয়তন হলো ১৬-২৪ জন নেতা। যদি আপনাকে সহায়তা করার জন্য আপনার সাথে বহু শিক্ষানবিশ থাকেন , আপনি ৫০ জন অবধি নেতা প্রশিক্ষণ দিতে পারবেন। মৌলিক নেতা গঠন প্রশিক্ষণ তিন জন অথবা বেশি নেতার একটি গোষ্ঠী নিয়ে সাপ্তাহিক ভাবেও সুচারু রূপে হওয়া সম্ভব।
- *ব্যবস্থাপনা নিশ্চিত করুন*—শিক্ষাত্রীদের প্রয়োজন অনুযায়ী গৃহ, খাদ্য, এবং যানবাহনের ব্যবস্তা করুন।
- *সমাবেশ স্থান সুরক্ষিত করুন*—একটি সমাবেশ কক্ষের ব্যবস্থা করুন, যাতে দুটি টেবিল থাকে, কক্ষের ভিতর থেকে যোগানের জন্য, চেয়ারগুলি গোলাকার রূপে সাজান এবং শিক্ষা চলাকালীন কক্ষের বাকি জায়েগাতে শিক্ষনীয় সরজ্ঞাম রাখুন। আরো ভালো হয়, যদি আপনি চেয়ারের পরিবর্তে

মাদুর বিছিয়ে দেন মাটিতে| প্রতিদিন চা, কফি আর জলখাবারের জন্য দুটি বিশ্রাম-সময়ের পরিকল্পনা করুন|

- *প্রশিক্ষণ সরঞ্জাম সংগ্রহ করুন*—বাইবেল, সাদা তক্তা/ কাগজ এবং চিন্হ দেবার কলম, শিক্ষা-বিবরণী, নেতা-বিবরণী, এবং খাতা, (যেমন বিদ্যালয়ে শিক্ষাত্রীরা ব্যবহার করে) কলম, এবং পেন্সিল , চিন্হলন বল এবং পুরস্কার সংগ্রহ করুন|
- *উপাসনা সময় নির্ধারণ করুন*—প্রতি অংশগ্রহনকারীর জন্য সঙ্গীত-পত্র অথবা একটি কোরাস পুস্তক সংগ্রহ করুন| গোষ্টিতে একজন মানুষ সন্ধান করুন যিনি গিটার বাজান এবং তাকে অনুরোধ করুন আপনাকে অধিবেশনের প্রার্থনা সঙ্গীতে সাহায্য করার জন্য|

## প্রশিক্ষণের পরে...

- *আপনার শিক্ষানবিশদের সাথে প্রশিক্ষণের প্রতিটি পর্যায় মূল্যায়ন:* আপনার শিক্ষানবিশদের সাথে প্রশিক্ষণ বিভাগ পুনর্বিবেচনা এবং মূল্যায়ন করুন| ইতিবাচক এবং নেতিবাচক দিকগুলি তালিকা ভুক্ত করুন| পরবর্তী প্রশিক্ষনকে উন্নত করার জন্য পরিকল্পনা করুন|
- *পরবর্তী প্রশিক্ষণে সহায়তার জন্য সম্ভাবনাময় শিক্ষানবিশদের সাথে সংযোগ*—ভবিষ্যতে ‘মৌলিক নেতা গঠন’ এর সাথে প্রশিক্ষণ কার্যে আপনাকে সহায়তা করার জন্য দুই অথবা তিন জন শিক্ষাত্রীকে যোগাযোগ করুন, যারা প্রশিক্ষণ চলাকালীন আপনাকে সহায়তা করার সময়ে সম্ভাবনাময় নেতৃত্ব দেখিয়েছে|
- পরবর্তী প্রশিক্ষণে শিক্ষায় অংশগ্রহনকারীদের একজন বন্ধু আনার জন্য উত্সাহিত করুন—পরবর্তী প্রশিক্ষণ সভায় অংশগ্রহনের সময়ে এখন ধর্মযাজক সঙ্গী আনার জন্য অংশগ্রহনকারীদের উত্সাহিত করুন| নেতার সংখ্যা দ্রুতহারে বর্ধনের এটি একটি কার্য্যকরী পদ্ধতি, যারা নেতাদেরও প্রশিক্ষণ দেন|

# পরিশিষ্ট গ

## অনুবাদকের বিবরণ

লেখক ঈশ্বরের আদেশ অনুযায়ী এই প্রশিক্ষণ উপাদান টি বিভিন্ন ভাষায় অনুবাদ করার অনুমতি দিয়েছেন| যিশু প্রশিক্ষণ অনুসরণ উপাদান (FJT ) অনুবাদ করার সময়ে দয়া করে নিম্নলিখিত পথ-নির্দেশক সূত্রগুলি অনুসরণ করুন :

- অনুবাদ কার্য্য শুরু করার আগে আমরা অন্যদের FJT উপাদানের সাথে বেশ কিছুবার প্রশিক্ষণ দেওয়ার জন্য সুপারিশ করি| অনুবাদ কার্যটি সঠিক অর্থের উপর হওয়া উচিত, আক্ষরিক অর্থের উপর নয়| উদাহরণ, যদি “অন্তরাত্মার সাথে চলুন” আপনার বাইবেল-সংস্করণে “অন্তরাত্মার সাথে বাঁচুন” অনুবাদিত হয়, তাহলে “অন্তরাত্মার সাথে বাঁচুন”, ই ব্যবহার করুন এবং প্রয়োজন মতো হস্ত-মুদ্রা পরিশোধন করুন|
- অনুবাদ যতটা সম্ভব সাধারণ মানুষের ভাষায় হওয়া উচিত, “ধর্মীয় ভাষায়” নয়|
- ধর্মগ্রন্থ উল্লেখ করার সময়ে, বাইবেল এর এমন একটি অনুবাদ ব্যবহার করুন, যা আপনার গোষ্ঠির অধিকাংশ মানুষ বুঝতে পারে| যদি কেবল একটি মাত্র অনুবাদ থাকে এবং সেটা বুঝতে অসুবিধাজনক হয়, তাহলে সেটি সহজতর করার জন্য ধর্ম-গ্রন্থে ব্যবহৃত পদ গুলি আধুনিক করুন|
- খ্রিষ্টের আট টি ছবির প্রতিটির জন্য এমন একটি পদ ব্যবহার করুন,যার ইতিবাচক অর্থ আছে | প্রশিক্ষণ দলটির বারংবার “সঠিক পদ” এর সাথে পরীক্ষা-নীরিক্ষা করতে হতে পারে, যতক্ষণ না যথার্থ অর্থটি পাওয়া যাচ্ছে|
- “সেন্ট” শব্দটি অনুবাদ করুন এমন একটি পদের সাহায্যে, যা আপনার সংস্কৃতিতে একজন পবিত্র মানুষকে বোঝায়| যদি আপনার ভাষায় ব্যবহৃত শব্দ যিশুর পবিত্রতা ব্যাখ্যা করে , তাহলে “পরমেশ্বর” শব্দটি ব্যবহার করার

দরকার নেই। আমরা এখানে ‘‘পরমেশ্বর’’ ব্যবহার করছি কারণ ‘‘সেন্ট’’ শব্দটি যিশুকে সঠিক ভাবে ব্যাখ্যা করতে পারছে না।

- ‘‘ভৃত্য ‘‘ ইতিবাচক অর্থে অনুবাদ করা কঠিন, কিন্তু এটি করা খুব
- জরুরী। একটি মানুষ, যে কঠিন পরিশ্রম করে, যার একটি বিনীত হৃদয় আছে, এবং যে অন্যদের সাহায্য করতে ভালবাসে; তাকে প্রকাশ করার জন্য আপনি যে শব্দটি ব্যবহার করবেন, সেটি বাছতে সচেতন থাকুন। অধিকাংশ সংস্কৃতি ‘‘ভৃত্যের হৃদয়’’ ধারনাটি সম্পর্কে অবহিত।
- দক্ষিনপূর্ব এশিয়ার জন্য আমরা বিবিধ শিক্ষনীয় সরজ্ঞাম জর্জ প্যাটারসন এর ‘‘প্রশিক্ষণ এবং সংখ্যাবর্ধন’’ অধিবেশন থেকে গ্রহণ করেছি। নির্দ্বিধায় সেগুলি আপনার সংস্কৃতিতে আপনার মানব গোষ্ঠির কিছু পরিচিত শব্দ এবং চিন্তাধারার সাথে গ্রহণ করুন।
- আমরা আপনার কাজের সম্পর্কে শুনতে চাই এবং যেকোনো প্রকারে সম্ভব সহায়তা করতে চাই।
- আমাদের সাথে *lanfam@FollowJesusTraining.com* এর মাধ্যমে যোগাযোগ করুন আমরা যাতে সহযোগিতা করতে পারি এবং অনেক মানুষকে যিশুকে অনুসরণ করতে দেখতে পারি !

# পরিশিষ্ট ঘ

## অধিক সংগ্রহ

আপনি অন লাইন বিভিন্ন উপাদান সংগ্রহ করতে পারেন, যা আপনাকে অন্যকে প্রশিক্ষণ দেওয়ার কাজে সাহায্য করবে, যারা যিশুকে অনুসরণ করবেন www. FollowJesusTraining.কম এ।

অন্তর্ভুক্ত উপাদান :

১. প্রশিক্ষণের সময়ে লেখকের প্রবন্ধ এবং অন্তর্দৃষ্টি।
২. মৌলিক নেতা গঠনের সকল হস্ত-মুদ্রার ভিডিও।
৩. মৌলিক নেতা গঠনের অনুবাদ। অনুবাদ গুণমান অনুযায়ী পৃথক হয়ে ওঠে, অতএব আপনি ব্যবহার করার আগে কোনো আঞ্চলিক, জাতীয় বিশ্বাসীদের কাছে পরীক্ষা করিয়ে নেবেন।

বর্তমান প্রকল্প এবং প্রশিক্ষণ অনুষ্ঠান সম্পর্কে তথ্য সংগ্রহের জন্য আমাদের সাথে lanfam@FollowJesusTraining.com এর মাধ্যমে যোগাযোগ করুন।